শ্রীশ্রীহরিঃ ॥

শরণং

# আয়ুর্ব্বেদ দর্পণঃ।

দ্বিতীয় খণ্ডঃ

## শ্রীশ্রীনারায়ণরায়

IMPERIAL LIBRARY

কর্ত্তৃক সংগৃহীতঃ

চরক সুশ্রুত বাগ্ভট হারিত ভাবপ্রকাশ প্রভৃতি এবং রসায়ন গ্রন্থ রসরত্না

কর রসেন্দ্রচিন্তামণি প্রভৃতি

এবং নানাতন্ত্র প্রণীত গদ্যপদ্য তদীয়ার্থ গৌড়ীয় সাধুভাষা সহিত

বহু পণ্ডিত কর্ত্তৃক সংশোধিতঃ

---

শকাব্দা ১৭৬২। সন ১২৪৭। তারিখ ৩২ আষাঢ়

RARY
21.NOV.18.

নির্ঘণ্ট


| প্রকরণ | পত্র |
|---|---|
| ধাতুকলা স্বরূপ কথন | ১ |
| মর্ম্ম কথন | ৪ |
| সপ্তোত্তর শতমর্ম্ম | |
| সন্ধিকথন | ২৫ |
| শিরাকথন | ২৮ |
| স্নায়ুকথন | ৩২ |
| ধমনী কথন | ৩৪ |
| কণ্ডরা কথন | ৩৮ |
| রন্ধ্র | ৩৯ |
| স্রোতঃ কথন | ৩৯ |
| জাল কথন | ৩৯ |
| কূর্চ্চকথন | ৪০ |
| রজ্জু কথন | ৪০ |
| সেবনী কথন | ৪১ |
| সঙ্ঘাত কথন | ৪১ |
| সীমন্ত কথন | ৪১ |
| ত্বক কথন | ৪১ |
| লোমলোমকূপ কথন | ৪৪ |
| অঙ্গ প্রত্যঙ্গ নিবৃত্তি | ৪৪ |
| অঙ্গপ্রত্যঙ্গ নিবৃত্তি গুণাগুণ | ৪৪ |
| মাসে মাসে গর্ভ যদ্রূপ কথন | ৪৫ |
| গর্ব্ভিণীর ইচ্ছাধিনত্বযাদৃশ সন্তানোৎপত্তি কথন | ৪৬ |
| গর্ব্ভেরপ্রথমযাদৃশঅঙ্গভবকথন | ৪৯ |
| শরীরেরমাতৃপিতৃজা রসজসাত্ম্য জ ভাব | ৫০ |
| গর্ব্ভেরকিপ্রকারবিশিষ্টোপকার | ৫১ |
| গর্ভজীবনোপায় | ৫৩ |
| অচেতনাঙ্গহানি | ৫৪ |
| গর্ভে বায়ুবিষ্ঠা মূত্রোৎসর্গের অকরণে কারণ | ৫৫ |
| গর্ভিণীজত্যাজ্য | ৫৫ |
| সূতিকাগৃহাকৃতি | ৫৭ |
| আসন্নপ্রসবালক্ষণ | ৫৭ |
| আসন্ন প্রসবার কর্ত্তব্য | ৪৭ |
| ধাত্রী কথন | ৫৮ |
| ধাত্রীর কর্ত্তব্য | ৫৮ |
| বেদনারহিত গর্ব্ভিণীর প্রবাহনা বৈগুণ | ৫৯ |
| বালকজন্মোত্তর বিধি | ৬০ |
| প্রসূতিনিয়ম | ৬০ |
| প্রসূতি নিয়মসময় বিধি | ৬০ |
| স্তন্যস্বরূপ কথন | ৬১ |
| স্তন্যপ্রবৃত্তি | ৬১ |
| স্তন্যাল্পতাহেতু | ৬২ |
| স্তন্যবৃদ্ধিহেতু | ৬২ |
| পেসোয়ারিধাস্য কথন | ৬২ |
| স্তন্যদুষ্টিকথন | ৬৩ |
| দুষ্টস্তন্য শোধন বিধি | ৬৩ |
| স্তন্যশুদ্ধ লক্ষণ | ৬৪ |
| ধাত্রীলক্ষণ | ৬৪ |
| নিষিদ্ধধাত্রী | ৬৫ |
| বালকের স্তনপান বিধি | ৬৬ |
| মাতারদুগ্ধাভাবে ধাত্র্যাভাবে প্রকার | ৬৭ |
| বালকের অন্নপ্রাসনবিধি | ৬৭ |
| বালকের পরিচারক বিধি | ৬৭ |

| | | | |
|---|---|---|---|
| গর্ব্ভবৃদ্ধির উপায় | ৫৪ | বালকের স্বভাববিধি | ৬৮ |
| বালকের স্বাভাবিক হিত | ৬৮ | নাড়ীজ্ঞান | ৮০ |
| বালকের কবলাদি সময় | ৬৯ | তাবৎ নাড়ীজ্ঞান ৮০ অবধি | ১০৪ |
| বাস্থ্যাদিরসীমা | ৬৯ | দশমোল্লাসঃ | |
| প্রকৃতি লক্ষণ | ৭১ | | |

XVI.s.2

শ্রীশ্রীমন্নারায়ণোজয়তি ॥

॥ অথ কলাস্বরূপ লক্ষণম্ ॥

সুশ্রুতে। কলাঃখল্বপিসম্ভবন্তি ধাত্বাশয়ান্তরমর্য্যাদাঃ। কলাঃশ্লোকৌ চাত্র ভবতঃ ॥ ১ ॥

অনন্তর কলাস্বরূপ কহিতেছেন, সুশ্রুতে ধাতু স্থান মর্য্যাদা অর্থাৎ সীমা, সেই কলা সম্ভব হয়েন ॥ কলা বিষয়ে শ্লোকদ্বয় হইতেছে। ১

যথাহি সারঃকাষ্ঠেষু ছিদ্যমানেষু দৃশ্যতে। তথাধাতুর্হিমাংসেষু ছিদ্যমানেষু দৃশ্যতে ॥ ২ ॥ ॥

যেমত কাষ্ঠেতে ছিদ্যমান হইলে সারদৃষ্ট হয় তাদৃশ ছিদ্যমান মাংসেতে সাররূপ ধাতু দৃষ্টহয়, সেইকলা জানিহ ২ ॥

স্নায়ুভিস্তু প্রতিচ্ছন্নান্ সন্ততাংশ্চ জরায়ুণা। শ্লেষ্মণাবেষ্টিতাংশ্চাপি কলাভাগাংস্তু তান্ বিদুঃ ॥ ৩ ॥

সূক্ষ্মনাড়ী দ্বারা আচ্ছন্ন এবং শ্লেষ্মদ্বারাবেষ্ঠিত যে সেই কলা ভাগ সকলে জানেন ॥ ৩ ।

ধাত্বাশয়ান্তরেধাতোর্যঃ স্নেহস্ত্বধিতিষ্ঠতি। দেহোষ্মণাবিপক্কাচ সাকলেত্যভিধীয়তে ॥ ৪ ॥ ॥

ধাতুস্থান মধ্যে ধাতুর যে স্নেহস্থিতি করেন, দেহের উষ্মাদ্বারা বিপক্ক হয় সেইকলা অভিধান ॥ ৪ ॥

তাঃসপ্ত আদ্যামাংসধরানাম দ্বিতীয়ারক্তধারিণী মেদোধরাতৃতীয়াতু চতুর্থী শ্লেষ্ম ধারিণী ॥ ৫ ॥ পঞ্চমী তুমলংধত্তে ষষ্ঠী পিত্ত ধরামতা। রেতোধরা সপ্তমী স্যাদিতি সপ্তকলাঃস্মৃতাঃ ॥ ৬ ॥ ॥

সেইকলা সপ্ত। আদ্যকলা মাংসধারিণী। দ্বিতীয়ারক্ত ধারিণী তৃতী

শ্চামেদো ধারিণী, চতুর্থী শ্লেষ্ম ধারিণী, পঞ্চমী মলধারিণী । ষষ্ঠি পিত্ত ধারিণী সপ্তমী শুক্রধারিণী এই সপ্তকলা সকলের জ্ঞাত হইয়াছে । ৬ ।।

তাসাং প্রথমা মাংসধরা নাম যস্যাং মাংসেশি রাস্নায়ু ধমনীস্রোতসাং প্রতানাভবন্তি ।। ৭ ।। ॥ ।।

সেই সকল কলার মধ্যে প্রথমাকলা মাংসধরা নাম যে কলাতে এবং মাংসেতে শিরা এবং সূক্ষ্মশিরা ও স্থূলনাড়ী এবং স্রোতঃ স্বরূপ নাড়ী এই সকলের বিস্তার হয় ।। ৭

যথা বিষমৃণালানি বিবর্দ্ধন্তে সমন্ততঃ। ভূমৌপঙ্কো দকস্থানি তথামাংসেশিরাদয়ঃ ।। ৮ ।। ॥ ।।

যেমন পৃথিবীতে পঙ্কোদক স্থিত যে সকল পদ্মের মৃণাল সকল দিগে বৃদ্ধি হয়েন, তেমত মাংসে শিরাদি বৃদ্ধি প্রাপ্ত হয়েন।। ৮ ।।

---

দ্বিতীয়া কলারক্তধরা নাম।

মাংসস্য ভ্যন্তরতস্তস্যাংশোণিতং বিশেষতশ্চশি রাস্নায়ুগতং যকৃৎ প্লীহ্নোশ্চভবতি ।। ৯ ।। ॥ ।।

দ্বিতীয়াকলা রক্তধরা নাম মাংসের মধ্যে সেই কলাতে রক্ত, বিশেষত শিরা সূক্ষ্মশিরা গতশোণিত এবং যকৃৎ প্লীহাগত হয় ৯ ।।

বৃক্ষাৎযথাত্বকপ্রহতাৎ ক্ষীরিণঃক্ষীরমাস্রবেৎ।মাং সাদেবং ক্ষতাৎক্ষিপ্রংশোণিতংসম্প্রসিচ্যতে।। ১০

ক্ষীর বিশিষ্টবৃক্ষত্বক প্রণষ্ট হইলে সেই বৃক্ষ হইতে যাদৃক ক্ষীর স্রাব অর্থাৎ আটা স্রাবহয়, তাদৃক ক্ষতমাংস হইতে শীঘ্র শোণিতস্রাবহয় ।। ১০

---

তৃতীয়া কলামেদোধরা নাম ।।

মেদোহি সর্ব্বভূতানা মুদরস্থমেবাস্থিষু চ মহৎসু মজ্জা ভবতি । ১১ ।। ॥ ।।

তৃতীয়কলা মেদোধরা নাম ।মেদ সকল প্রাণির উদর স্থিতই। মহৎ অস্থিতে মজ্জা হয়। ১১।

স্থূলাস্থিষু বিশেষেণ মজ্জাত্বভ্যন্তরস্থিতঃ। অথেত
রেষু সর্ব্বেষু রক্তাক্তং মেদ উচ্যতে॥১২॥ ॥

স্থূলাস্থির মধ্যেতে মজ্জার অবস্থান, ইতর সকলাস্থিতে রক্তাক্ত মেদ থাকেন ॥ ১২ ।

চতুর্থী শ্লেষ্মধরা সর্ব্বসন্ধিষু প্রাণভৃতাং ভবতি।
স্নেহাভ্যক্তেযথাত্বক্ষেচক্রংসাধুপ্রবর্ত্ততে। সন্ধয়ঃসাধু
বর্ত্তন্তেসং শ্লিষ্টাশ্লেষ্মণাতথা॥ ১৩ ॥ ॥

চতুর্থী কলা শ্লেষ্মধরা প্রাণিদিগের সন্ধিস্থানেতে হয় যাদৃশ স্নেহাক্ত রথাদির কাষ্ঠেতে সুন্দর চক্র প্রবর্ত্ত হয়েন। তাদৃশ সন্ধি সকলশ্লেষ্মা তে উত্তম আশ্লিষ্ট থাকে ১৩

---

পঞ্চমী পুরীষধরা নাম।

পায়ন্তঃ কোষ্ঠে মলমভির্বিভজতে পক্কাশয়স্থা ভব
তি ॥ ১৪ ॥ ॥

পঞ্চমীকলা পুরীষধরা নাম। গুহ্যদ্বারের মধ্যে কুটিরে মলকে ভজনা করেণ, পক্কাশয় স্থিতা হয়েন। ১৪॥

যকৃৎ সমন্তাৎ কোষ্ঠঞ্চতথান্ত্রাণি সমাশ্রিতা। উণ্ডুক
স্থংবিভজতে মলংমল ধরাকলা। ১৫॥ ।

যকৃতেরসকলদিগে অন্ত্রকে আশ্রয় করিয়া। উণ্ডুকস্থ অর্থাৎ হৃৎপদ্মস্থ এবং মলকে ভজনা করেণ ॥ ১৫॥

---

ষষ্ঠী পিত্তধরা নাম।

যা চতুর্ব্বিধ মন্নপানমুপযুক্ত মামাশয়াৎ প্রচ্যুতং
পক্বাশয়ে পস্থিতং ধারয়তি অশিতং খাদিতং পী

তৎ লীঢং কোষ্ঠগতং নৃণাং । তজ্জীর্য্যতি যথাকালং

শোণিতং পিত্ত তেজসা ॥ ১৭ ॥ ॥

ষষ্ঠীকলা পিত্তধরা মনুষ্যদিগের চতুর্ব্বিধ আহার চর্ব্ব্য চে য্য লেহ্য পেয় উপযুক্ত আমাশয় হইতে চ্যুত হইয়া পক্কাশয়োপ স্থিত এবং কোষ্ঠ গত যে কলা ধারণ করেণ । ১৭ ।

সপ্তমী শুক্রধর নাম ॥

যা সর্ব্বপ্রাণিনাং সর্ব্ব শরীরব্যাপিনী ॥ ১৮ ॥

সপ্তমীকলা শুক্রধরা সকলপ্রাণির নিখিলকলেবর ব্যাপিনী যে কলা ॥১৮

॥ অথ মর্ম্ম কথনং ॥

অথ মর্ম্মাণি সুশ্রুতোক্তানি । সন্নিপাতঃশিরাস্নায়ু

সন্ধিমাংসাস্থি সম্ভবঃ । মর্ম্মাণি তেষু তিষ্ঠন্তি প্রাণাঃ

খলু বিশেষতঃ ॥ ১৯ ॥ ॥

অনন্তর সুশ্রুতোক্ত মর্ম্মকথন । শিরা এবং স্নায়ু ও সন্ধি ও মাংস ওঅস্থি হইতে সম্ভব অথচ সংমিলিত যে তাহাতে মর্ম্ম সকল স্থিতি করেন এই পঞ্চাত্মক মর্ম্ম তদ্‌যথা মাংস মর্ম্ম শিরামর্ম্ম স্নায়ুমর্ম্ম অস্থিমর্ম্ম এবং সন্ধি মর্ম্ম এইপঞ্চ এবং প্রাণ সকল ও তাহাতে বিশেষে অবস্থিতিকরেণ ॥১৯

সপ্তোত্তরংশতংসন্তি দেহেমর্ম্মাণি দেহিনাং । তা

ন্যেকাদশমাংসেষু্যষ্টাবস্থিষু সন্তিহি ॥ ২০ ॥ ॥

একশত সপ্ত মর্ম্ম দেহিদিগের দেহে আছে । তাহার একাদশ ১১ মর্ম্ম মাংসেতে । অস্থিতে অষ্টমর্ম্ম । ২০ ॥

সন্ধীনাংবিংশতিস্তানি স্নায়ূনাংসপ্তবিংশতিঃ ।

ত্বারিংশত্তথৈকঞ্চ শিরামর্ম্মাণি তত্রেস্তু ॥ ২১ ॥ ॥

র্ম বিংশতি ২০, স্নায়ুমর্ম্মসপ্তবিংশতি ২৭, এক চত্বারিংশৎ শিরা এইরূপ সপ্তোত্তর শতমর্ম্ম । ২১॥

দ্বাবিংশতিঃ সক্থিযুগে তাবন্ত্যেব ভুজদ্বয়ে। দ্বাদশোরসিকুক্ষৌচ পৃষ্ঠদেশে চতুর্দ্দশ ॥ ২২ ॥ ॥

উরুদ্বয়ে দ্বাবিংশতি ২২ হস্তদ্বয়ে দ্বাবিংশতি ২২ বক্ষস্থলে এবং কুক্ষিতে দ্বাদশ ১২ পৃষ্ঠদেশে চতুর্দ্দশ ১৪। ২২॥

গ্রীবায়াঊর্দ্ধ্বদেশেতু সপ্তত্রিংশন্মতানিহি ॥ ২৩॥

গ্রীবার ঊর্দ্ধস্থানে ৩৭ সপ্তত্রিংশৎ মর্ম্ম ২৩।

অত্র সক্থি মর্ম্মাণি।

ক্ষিপ্রতল হৃদয়কূর্চ্চ কূর্চ্চশিরো গুল্ফেন্দ্র বস্তি জানুাণ্যূর্ব্বী লোহিতাক্ষাণি বিটপঞ্চেতি। এতেনেতর সক্থি বাহূ চ ব্যাখ্যাতৌ। ২৪॥ ॥

তাহাতে সক্থিমর্ম্ম অর্থাৎ উরুদেশে স্থিতমর্ম্ম একাদশ ১১ তাহার প্রত্যেকের নাম লিখিতেছি ক্ষিপ্রতল ও হৃদয় ও কূর্চ্চ ও কূর্চ্চশির ও গুল্ফ ও ইন্দ্রবস্তি ও জানু ও আনী ও ঊর্ব্বী ও লোহিতাক্ষ ও বিটপ এই প্রকার অপর উরুদেশে এবং হস্তদ্বয়ে মর্ম্ম সকল এইরূপ একাদশ সংখ্যাতে গণিত হইল। ২৪।

যানি সক্থনি জানুগুল্ফ বিটপানি বাহৌ মণিবন্ধ কূর্পর কক্ষধরাণীতি ॥ ২৫ ॥ ।

যেসকল মর্ম্মসক্থিতে তাহার মধ্যে জানুগুল্ফ বিটপএইতিনপ্রকারমর্ম্ম বাহুদ্বয়ে মণিবন্ধ এবং কূর্পর ও কক্ষধর নাম প্রাপ্ত হয়েন ২৫ ॥

উদরোরসস্তু গুদবস্তি নাভি হৃদয় স্তন মূল স্তন রোহিতান্যপস্তম্ভাবপলাপৌচেতি ২৬। ॥

উদর এবং বক্ষঃস্থলের মর্ম্ম দ্বাদশ ১২ গুহ্য, বস্তি, নাভি, হৃদয়, স্তনমূলদ্বয় ২। স্তনরোহিতদ্বয় অপস্তম্ভদ্বয় ২ অপলাপদ্বয় ২ ২৬।

পৃষ্ঠমর্ম্মাণি কটীকতরুণ কুকুন্দর নিতম্বপার্শ্বসন্ধি বৃহত্যংসফলকানাংসৌচেতি ॥ ২৬ ॥

পৃষ্ঠমর্ম্ম চতুর্দশ প্রকার ১৪। কটিদ্বয়, কতরুণদ্বয়, কুকুন্দরদ্বয়, নিতম্ব দ্বয়, পার্শ্বসন্ধি এক, বৃহতীদ্বয়, অংসফলক এক, অংসদ্বয় ॥ ২৬ ॥

জত্রূর্দ্ধং চতস্রোধমন্যঃ। অষ্টৌমাতৃকা। দ্বে কৃকাটিকে। দ্বে বিধুরে দ্বৌফণৌ। দ্বাবপাঙ্গৌ। দ্বাবাবর্ত্তৌ। দ্বাবুৎক্ষেপৌ। দ্বৌশঙ্খৌ। এক স্থপনী। পঞ্চসীমন্তাঃ। চত্বারি শৃঙ্গাটকানি একোঽধিপতি রিতি ॥ ২৭ ॥ ॥

জত্রু অর্থাৎ কণ্ঠোর্দ্ধদেশ তাহাতে সপ্তত্রিংশৎ মর্ম্ম চত্তর স্থূলনাড়ী। অষ্টমাতৃকানাড়ীবিশেষ। কৃকাটিকাদ্বয় বিধূরদ্বয়। ফণদ্বয় অপাঙ্গদ্বয় আবর্ত্তদ্বয় উৎক্ষেপদ্বয়। শঙ্খদ্বয় একাস্থপনী পঞ্চসীমন্ত চত্তর শৃঙ্গাটক এক অধিপতি ২৭

তত্রতলহৃদয় ইন্দ্রবস্তি গুদ স্তন রোহিতানি মাংসমর্ম্মাণি ॥ ২৮ ॥ ॥

সপ্তাধিক শতমর্ম্ম মধ্যে এই কএক মর্ম্ম মাংস মর্ম্মহয় ২৮ ॥

নীলধমনী মাতৃকা শৃঙ্গাটকাপাঙ্গস্থপনী ফণ স্তনমূলাপলাপাপস্তম্ভ হৃদয়নাভি পার্শ্বসন্ধি বৃহতীরোহিতাক্ষোর্ব্বঃশিরামর্ম্মাণি ॥ ২৯ ॥ ॥

এই সকল শিরামর্ম্মহয়েন। ২৯

আনীবিটপ কক্ষধর কূর্চ্চ কূর্চ্চশিরোবস্তিক্ষিপ্রাংসবিধূরোৎক্ষেপাঃস্নায়ুমর্ম্মাণি ॥ ৩০ ॥ ॥

এই সকল স্নায়ুমর্ম্ম হয়েন ৩০ ॥

কটিকতরুণ নিতম্বাংস ফলক শংখাশ্চাস্থি মর্ম্মাণি ॥ ৩১ ॥ ॥

এই সকল অস্থিমর্ম্ম হয়েন ॥ ৩১।

জানুকূর্পর সীমন্তাধিপতি গুল্ফ মণিবন্ধ কুকুন্দ রাবর্ত্ত কৃকাটিকাশ্চেতি সন্ধিমর্ম্মাণি॥ ৩২॥*॥

এই সকল সন্ধি মর্ম্ম হায়েন ॥ ৩২॥

তান্যেতানি পঞ্চ বিকল্পানি মর্ম্মাণি ভবন্তি॥ ৩৩।

সেই সপ্তাধিক শত মর্ম্ম পঞ্চপ্রকার বিকল্প হয় ৩৩।

তদ্যথা। সদ্য প্রাণহরাণি কালান্তর প্রাণহরাণি বিশল্যঘ্নানি বৈকল্য করাণি রুজাকরাণীতি॥ ৩৪।

সদ্য মারক মর্ম্ম ও কালান্তর মারক। এবং বিশল্যঘ্ন অর্থাৎ মর্ম্মদেশ স্থিত শল্য অর্থাৎ অস্থি পাষাণবাণ কণ্টকাদি উদ্ধার করিলে প্রাণ বিয়োগ হয়। বৈকল্যকর অর্থাৎ শরীরের ব্যাকুল ভাব করেন এবং শরীর বিকৃতি ভাব প্রাপ্তকরেন। এবং রুজাকর অর্থাৎ পীড়াকর এই পঞ্চ প্রকার মর্ম্ম বিকল্প। ৩৪॥

তত্র সদ্যঃপ্রাণ হরাণ্যেকোনবিংশতিঃ॥ ৩৫॥

তাহার মধ্যে ঊনবিংশতি মর্ম্ম সদ্যঃ প্রাণহর হয় ৩৫।

কালান্তর প্রাণহরাণি ত্রয়স্ত্রিংশৎ॥ ৩৬॥ *॥

ত্রয়স্ত্রিংশৎ ৩৩ কালান্তর প্রাণহর হয়েন॥ ৩৬॥

ত্রীণি বিশল্যঘ্নানি॥৩৭॥ *॥

বিশল্যঘ্ন মর্ম্মত্রয় পূর্ব্বকথিত॥ ৩৭॥

চতুশ্চত্বারিংশৎ বৈকল্য করাণি॥ ৩৮॥ *॥

চতুশ্চত্বারিংশৎ ৪৪ বৈকল্য কর মর্ম্ম পূর্ব্ব কথিত॥ ৩৮॥

অষ্টৌরুজাকরাণি॥ ৩৯॥ *॥

পীড়াকর মর্ম্ম অষ্ট সংখ্যাত॥ ৩৯॥

শৃঙ্গাটকান্যধিপতিঃশঙ্খৌকণ্ঠংশিরো গুদংহৃদয়ং বস্তিনাভীচ ঘ্নন্তি সদ্যো হতানি চ॥ ৪০॥ *॥

এই একোনবিংশতি মর্ম্ম সদ্যঃ প্রাণহর হয়েন ৪০ ॥

বক্ষোমর্ম্মাণি সীমন্ত তলক্ষিপ্রেন্দ্র বস্তয়ঃ। কটীক তরুণে সন্ধী পার্শ্বজৌ বৃহতী চয়া। নিতম্বাবিতিচৈ তানি কালান্তর হরাণি চ॥ ৪১॥ *॥

এই ত্রয়স্ত্রিংশৎ মর্ম্ম কালান্তর প্রাণহর হয়েন। ৪১॥

উৎক্ষেপৌস্থপনীচৈববিশল্যঘ্নানি নির্দ্দিশেৎ॥৪২

এই মর্ম্ম ত্রয় বিশল্যঘ্ন অর্থাৎ বিদ্ধশাস্ত্র কণ্টকাদিউদ্ধারকরিলে প্রাণ হর হয়েন॥ ৪২॥

লোহিতাক্ষাণি জানূর্ব্বী কূর্চ্চবিটপকূর্পরাঃ। কুকুন্দরে কক্ষধরে বিধুরে সকৃকাটিকে॥ ৪৩॥ * ॥ অংসাংসফলকাপাঙ্গানীলেমন্যেফণৌতথা। বৈকল্যকরণান্যাহু রাবর্ত্তৌ দ্বৌ তথৈবচ॥ ৪৪॥ * ॥

এই চতুশ্চত্ব বিংশৎ মর্ম্ম বৈকল্যকর হয়েন॥ ৪৪

গুল্কৌ দ্বৌ মণিবন্ধৌ দ্বৌ দ্বেদ্বেকূর্চ্চ শিরাংসিচ রুজাকরাণি জানীয়া দষ্টাবেতানি বুদ্ধিমান্॥ ৪৫

এই অষ্টমর্ম্ম বেদনাকারিহয়েন। ৪৫॥

ক্ষিপ্রাণি বিদ্ধমাত্রাণি ঘ্নন্তি কালান্তরেণ চ॥ ৪৬॥

ক্ষিপ্র নামক মর্ম্ম বিদ্ধমাত্রেই প্রাণহর হয়েন কদাচিৎ কালান্তরেও প্রাণ নাশক হয়েন ৪৬।

তত্র সদ্যঃপ্রাণ হরণ্যাগ্নেয়ান্যগ্নিগুণেষ্বাশুক্ষীণেষু ক্ষপয়ন্তি॥ ৪৭॥

মর্ম্ম মধ্যে সদ্যঃ প্রাণহর মর্ম্ম আগ্নেয় অর্থাৎ অগ্নিভূত সম্ভব আঘাত প্রাপ্ত হইলে অগ্নিগুণ ক্ষয় হইয়া শীঘ্র প্রাণহর হয়েন॥ ৪৭।

কালান্তর প্রাণহরাণি সৌম্যাগ্নেয়ান্যগ্নিগুণেষ্বাশু ক্ষীণেষু ক্রমেণ চ সৌম্যগুণেষু কালান্তরেণ ক্ষপয়ন্তি ॥ ৪৮ ॥

কালান্তর প্রাণহর মর্ম্ম সৌম্যাগ্নেয় অর্থাৎ জলাগ্নি ভূত সম্ভব আঘাত প্রাপ্ত হইলে অগ্নিগুণ শীঘ্র ক্ষীণ হইলে ক্রমেতে জলীয়গুণ ক্ষীণ হইয়া কালান্তরে প্রাণহর হয়েন ॥ ৪৮ ॥

বিশল্যপ্রাণহরাণি বায়ব্যানি. শল্যমুখ নিরুদ্ধোষা বদন্ত-র্বায়ুস্তিষ্ঠতিতাবজ্জীবত্যুদ্ধৃতমাত্রেতু শল্যেমর্ম্ম স্থানাশ্রিতো বায়ুর্নিষ্ক্রামতি ॥ ৪৯ ॥ ০৪০ ॥

বিশল্য প্রাণহর মর্ম্ম বায়ব্য অর্থাৎ বায়ুভূত সম্ভব যাবৎ কালশল্য বিদ্ধমুখে বায়রোধ থাকে তাবৎ কাল জীবদ্দশা থাকে শল্য উদ্ধৃত মাত্রেই মর্ম্ম স্থানস্থিত বায়ু নিষ্ক্রমণ হয়েন ॥ ৪৯ ॥

তস্মাৎ স শল্যো জীবত্যুদ্ধৃত শল্যোম্রিয়তে ॥ ৫০ ॥

সেইহেতু শল্যবিশিষ্ট ব্যক্তি জীবৎ থাকেন উদ্ধৃত শল্য মনুষ্য মৃত হয়েন ॥ ৫০ ॥

বৈকল্য করাণি সৌম্যানি সোমোহি স্থিরত্বাচ্ছৈত্যাচ্চ প্রাণাবলম্বনং করোতি ॥ ৫১ ॥

বৈকল্যকর মর্ম্ম সৌম্য অর্থাৎ জলভূত সম্ভব জলের স্থিরত্ব এবং শৈত্য হেতুক প্রাণাবয়লন করেন ব্যাঙ্গল হয় মাত্র ॥ ৫১ ॥

রুজাকরাণ্যগ্নি বায়ুগুণ ভূয়িষ্ঠানি বিশেষতশ্চতৌ রুজা করৌ পাঞ্চভৌতিকীং রুজামাহুরেকে কেচিদাহু র্মাংসা দীনাং পঞ্চানামপি সনস্তানাং সমূদ্ধানাঞ্চ সমবায়াৎ সদ্যঃপ্রাণ হরাণি ॥ ৫২ ॥

রুজাকর মর্ম্ম অগ্নি বায়ুগুণ বাহুল্য বিশেষ অগ্নি এবং বায়ু উভয়ে পীড়াকর পঞ্চভূতাত্মিকা পীড়া, পণ্ডিত সকলে কহেন, কেহ কহেন

মাংসাদি সমস্ত পঞ্চ প্রবৃদ্ধ সম্বন্ধ হেতুক সদ্যঃ প্রাণহর হয়েন ॥ ৫২

একহীনানামল্পানাংবা কালান্তর প্রাণহরাণি দ্বিহীনানাং বিশল্য প্রাণহরাণি ত্রিহীনানাং বৈকল্য করাণি একস্মিন্নেব রুজা করাণীতি ॥ ৫৩ ॥

একহীন অর্থাৎ এক ভূত গুণহীন, মর্ম্মের কালান্তর প্রাণ হরত্ব এবং অল্পভূত গুণ সম্বন্ধ মর্ম্ম কালান্তর প্রাণহর ভূতদ্বয় গুণহীন মর্ম্ম বিশল্য প্রাণহর ভূতত্রয় গুণহীন মর্ম্ম বৈকল্যকর একভূতহীন মর্ম্ম পীড়াকর ॥ ৫৩ ॥

যতশ্চৈব মতোঽস্থি মর্ম্মস্বপ্যভিহতেষু শোণিতাগমনং ভবতি ॥ ৫৪ ॥ ০ঃ০ ॥

যেহেতু এইরূপ সকল মর্ম্ম হইল অতএব অস্থি মর্ম্মেতে অভিঘাত হইলে রক্তাগমন হয় ॥ ৫৪ ॥

ভবন্তিচাত্রশ্লোকাঃ। চতুর্ব্বিধায়াস্তুশিরাঃ শরীরে প্রায়েণ তা মর্ম্মসু সন্নিবিষ্টাঃ। স্নায়্বস্থি মর্ম্মাণি তথৈব সন্ধীন্ সন্তর্প্য দেহং প্রতি পালয়ন্তি ॥ ৫৫ ॥

শরীরে যে চাতুর্ব্বিধা শিরা সে সকল শিরা প্রায়ই মর্ম্মেতে নিবিষ্টা স্নায়ু এবং অস্থি মর্ম্ম সকল সন্ধিকে সংপ্রাপ্ত হইয়া দেহ প্রতিপালন করেন ॥ ৫৫ ॥ * * * * * *

ততঃক্ষতে মর্ম্মণি তাঃপ্রবৃদ্ধাঃ সমন্ততো বায়ুরভী শৃণোতি, বিবৃদ্ধ মানস্তু স মাতরিশ্বা রুজঃ সুতীব্রাঃ প্রতনোতি কায়ে ॥ ৫৬ ॥ * ॥

সেই হেতু ক্ষত মর্ম্মেতে প্রবৃদ্ধ বায়ু সেই শিরা সকলকে প্রাপ্ত হইয়া রুদ্ধ করেন সেই বিবৃদ্ধ বায়ু তীব্রতর পীড়া শরীরে বিস্তার করেন ॥ ৫৬ ॥ * ॥

রুজাভিভূতস্তু পুনঃশরীরং প্রণীয়তে নশ্যতিচাস্যসংজ্ঞা,

ততোহিশল্যং বিনিহর্ত্তু মিচ্ছন্ মর্ম্মাণিযত্নেন পরীক্ষ্য কর্ষেৎ ॥ ৫৭ ॥ * ॥

পুনঃ পীড়াভিভূত শরীর ক্ষয় হয়েন, এই শরীরির জ্ঞান নাশ হয় অতএব শল্যোদ্ধার করণেচ্ছুক ব্যক্তি যত্নেতে মর্ম্ম দর্শন করিয়া আকর্ষণ করিবেক ॥ ৫৭ ॥

এতেনশেষং ব্যাখ্যাতং তত্রসদ্যঃপ্রাণহর মস্তেবিদ্ধং কালান্তরেণ মারয়তি ॥ ৫৮ ॥ * ॥

এতৎ করণক শেষার্থ ব্যাখ্যাত হইল তাহাতে সদ্যঃ প্রাণহর বিদ্ধ হইলে মর্ম্মদৃষ্টি পূর্ব্বক যত্নে শল্যোদ্ধার করিলে পরে কালান্তরে মারক হয়েন ॥ ৫৮ ॥

কালান্তর প্রাণহর মস্তেবিদ্ধংবৈকল্যমাপাদয়তি ॥ ৫৯ ॥

কালান্তর প্রাণহর বিদ্ধ পরে বৈকল্যকর হয়েন যত্নেতে শল্যোদ্ধার হইলে ॥ ৫৯ ॥ * ॥

বিশল্য প্রাণহরমস্তে ক্লেশয়তি রুজাঞ্চ করোতি ॥ ৬০ ॥

পূর্ব্ববৎ হইলে বিশল্য প্রাণহর মর্ম্ম পরে ক্লেশকর হয়েন এবং পীড়াকর হয়েন ॥ ৬০ ॥

রুজাকর মতীব্র বেদনং ভবতি ॥ ৬১ ॥

পূর্ব্বের ন্যায় কৃতযত্ন হইলে বেদনাকর মর্ম্ম অল্প বেদনাকর হয়েন ॥ ৬১ ॥ * ॥

তত্র সদ্যঃ প্রাণহরাণি মর্ম্মাণি সপ্তরাত্রাভ্যন্তরান্মারয়ন্তি। ৬২ ।

তাহাতে সদ্যঃ প্রাণহর মর্ম্ম সপ্তরাত্রি মধ্যে মারণ করেন ॥ ৬২ ॥

কালান্তরে প্রাণহরাণি পক্ষান্মাসাদ্বা তেষ্বপিত্ত ক্ষিপ্রাণি কদাচিদাশু মারয়ন্তি ॥ ৬৩ ॥

কালান্তর প্রাণহর মর্ম্ম সকল একপক্ষ কিম্বা একমাসে মারক তাহাতে ক্ষিপ্রনাম মর্ম্ম কদাচিৎ আশু মারক হয়েন ॥ ৬৩ ॥

বিশল্য প্রাণহরাণি বৈকল্য করাণি চ কদাচিদত্যভিহতা-
নি মারয়ন্তি ॥ ৬৪ ॥ * ॥

বিশল্য প্রাণহর মর্ম্ম এবং বৈকল্যকর মর্ম্ম কদাচিৎ অতিশয়াভি-হত হইলে মারক হয়েন বিশল্য প্রাণহর মর্ম্মের মারকত্ব নিশ্চয় আছেই যত্নে শল্যোদ্ধারে কালান্তর মারকত্ব পূর্ব্ব লিখিত হইয়াছে অতিশয়াভিহত হইলে কালান্তর মারকত্ব হইতে পারেন আশু মা-রকই হয়েন ॥ ৬৪ ॥

অতঊর্দ্ধং প্রত্যেকশো মর্ম্ম স্থানান্যনুব্যাখ্যাস্যামঃ । তত্র পাদাঙ্গুষ্ঠাঙ্গুল্যোর্মধ্যে ক্ষিপ্রং নাম মর্ম্ম মধ্যমাঙ্গুলার্দ্ধ প্রমাণং তত্র বিদ্ধস্যাক্ষেপকেন মরণং মধ্যমাঙ্গুলি মনু পূর্ব্বেণ ॥ ৬৫ ॥ * ॥

অতঃপর প্রত্যেক মর্ম্ম স্থান আনুপূর্ব্বিক ব্যাখ্যা করিব সেই সকল মর্ম্ম মধ্যে পাদের বৃদ্ধাঙ্গুলি এবং মধ্যাঙ্গুলি মধ্যেতে ক্ষিপ্রনামক মর্ম্ম মধ্যমাঙ্গুলি অর্দ্ধ প্রমাণ তাহাতে বিদ্ধ হইলে আক্ষেপ দ্বারা মরণ হয় আক্ষেপ অর্থাৎ হস্ত পাদাতি তাবৎ শরীর বিক্ষেপ বিকৃতি চালনা । পাদের মধ্যমাঙ্গুলিতে আক্ষেপারম্ভ পূর্ব্ব ॥ ৬৫ ॥

মধ্যেপাদতলস্য তলহৃদয়ং নাম তত্রাপি রুজাভির্ম্মরণং । ৬৬

পদতলের মধ্যে তলহৃদয় মর্ম্ম তাহাতে বেদনা দ্বারা মরণ হয় । ৬৬

ক্ষিপ্রস্যোপরিষ্টাদুভয়তঃ কূর্চ্চোনাম । তত্রপাদস্য ভ্রমণ বেপনে ভবতঃ । গুল্ফ সন্ধেরুভয়তঃ কূর্চ্চ শিরো নাম তত্র রুজাশোফৌ ॥ ৬৭ ॥

ক্ষিপ্র নামক মর্ম্মের উপরি উভয় পাদের কূর্চ্চনাম মর্ম্ম । তাহাতে পাদ ভ্রমণ এবং কম্পন হয় । গুল্ফে সন্ধির অধ উভয় পাদে কূর্চ্চ শিরোনাম মর্ম্ম তাহাতে আঘাতে বেদনা এবং শোফ অর্থাৎ শোথ ইত্যাদি হয় ॥ ৬৭ ॥

পাদজংঘয়োঃ সন্ধানে গুল্ফনাম তত্র রুগ্স্তব্ধ পাদতা খঞ্জতা বা ॥ ৬৮ ॥

পাদ জঙ্ঘার সন্ধিতে গুল্ফনামমর্ম্ম উভয় পাদে। তাহাতে আঘাতে বেদনা স্তব্ধপাদ অর্থাৎ নিশ্চল এবং খঞ্জতা অর্থাৎ খোঁড়া হয়। ৬৮

পার্ষ্ণিং প্রতি জংঘা মধ্যে ইন্দ্রবস্তিনাম তত্র শোণিত ক্ষয়ান্মরণং ॥ ৬৯ ॥ * ॥

পার্ষ্ণি অর্থাৎ পাদাধঃস্থান জংঘার মধ্যে ইন্দ্রবস্তির্নাম মর্ম্ম, তাহাতে রক্তক্ষয়ে মরণ হয় ॥ ৬৯ ॥

জংঘোর্ব্বোঃ সন্ধানে জানুনাম তত্র খঞ্জতা। জানুনস্তূর্দ্ধ্ব মুভয়তস্ত্র্যঙ্গুল মানীনাম তত্রশোফাভিবৃদ্ধিঃ স্তব্ধসক্থিতা চ। ৭০

জংঘার এবং উরুর সন্ধিতে জানুনাম মর্ম্ম অর্থাৎ আঁটু তদাঘাতে খঞ্জতা হয়। জানুর ঊর্দ্ধ্ব উভয়ের অঙ্গুলিত্রয় আনীনাম মর্ম্ম তৎ স্থানে আঘাতে শোথাতিশয় হয় এবং সক্থিস্তব্ধতা ॥ ৭০ ॥

উরুমধ্যে উর্ব্বীনাম তত্র শোণিত ক্ষয়াৎ সক্থিশোষঃ। উর্ব্বোরূর্দ্ধ্ব মধ্যে বঙ্ক্ষণ সন্ধেরূরুমূলে লোহিতাক্ষংনাম তত্র লোহিত ক্ষয়েন পক্ষাঘাতঃ ॥ ৭১ ॥

উরু মধ্যে উর্ব্বীনাম মর্ম্ম তাহাতে শোণিত ক্ষয় হইতে সক্থি শোষহয় অর্থাৎ উরু শুষ্ক হয়। উরুর ঊর্দ্ধ বঙ্ক্ষণ সন্ধির অধঃ অর্থাৎ কুঁচকী স্থানের অধ উরুমূলেতে লোহিতাক্ষ নাম মর্ম্ম তৎ স্থানের রক্ত ক্ষয়েতে পক্ষাঘাত হয় ॥ ৭১ ॥

বঙ্ক্ষণবৃষণয়োরন্তরে বিটপংনাম। তত্রষাণ্ড্যমল্প শুক্রতা বা ভবতি ॥ ৭২ ॥ * ॥

বঙ্ক্ষণ এবং বৃষণ অর্থাৎ অণ্ডকোষ এই উভয়ের মধ্যে বিটপ নাম মর্ম্ম তৎ স্থানে আঘাত করণক নপুংসকত্ব অথবা অল্প শুক্রতা হয় ॥ ৭২ ॥ * ॥

এবমেতান্যেকাদশ সক্থি মর্ম্মাণি ব্যাখ্যাতানি। এতেনে তর সক্থি বাহূ চ বিখ্যাতৌ ॥ ৭৩ ॥

এই প্রকার একাদশ সক্থি মর্ম্ম কথিত হইল, এতৎ করণক অন্য সক্থি মর্ম্ম একাদশ জ্ঞাত হইয়াছে, এবং বাহুদ্বয়ে দ্বাবিংশতি। ৭৩

বিশেষস্তু। যানিসক্থি জানু গুল্ফ বিটপানিতানি বাহ্বৌ মণিবন্ধকূর্পর কক্ষধরাণি ॥ ৭৪ ॥

বিশেষে যে সকল মর্ম্ম সক্থির, জানু, গুল্ফ, বিটপ, সেই সকল বাহুতে মণিবন্ধ অর্থাৎ হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠেরমূল, এবং কূর্পর অর্থাৎ কুনুই, এবং কক্ষধর অর্থাৎ বাহুমূল, এই ভেদ হয় ॥ ৭৪ ॥

যথা বঙ্ক্ষণ বৃষণয়োরন্তরে বিটপমেকং বক্ষঃ কক্ষয়োর্মধ্যে কক্ষধরং তস্মিন্ বিদ্ধে তএবোপদ্রবাঃ ॥ ৭৫ ॥

যেমন বঙ্ক্ষণ বৃষণের মধ্যে বিটপ নাম মর্ম্ম, তেমন বক্ষঃ কক্ষের মধ্যে কক্ষধর নাম মর্ম্ম, তাহাতে বিদ্ধ হইলে সেই সকল উপদ্রব হয় ॥ ৭৫ ॥

বিশেষতস্তু, মণিবন্ধে কুণ্ঠতা। কূর্পরাখ্যে কুনিঃ কক্ষধরে পক্ষাঘাতঃ। এবমেতানি চতুশ্চত্বারিংশচ্ছাখাসু মর্ম্মাণি ব্যাখ্যাতানি ॥ ৭৬ ॥

বিশেষ মণিবন্ধে মর্ম্মাঘাতে কুণ্ঠতা অর্থাৎ হস্ত কুণ্ঠতা কূর্পর মর্ম্মাঘাতে কুনিনাম রোগ কক্ষধরে মর্ম্মাঘাতে পক্ষাঘাত হয়। এই চতুশ্চত্বারিংশৎ মর্ম্ম, শাখামর্ম্ম ব্যাখ্যাত হইল ॥ ৭৬ ॥

অতঊর্দ্ধমুদরোরসোর্মর্ম্ম স্থানান্যনুব্যাখ্যাস্যামঃ। তত্র বাত বর্চ্চোনিরসনং স্থূলান্ত্র প্রতিবদ্ধং গুদং নাম মর্ম্ম তত্র সদ্যোমরণং ॥ ৭৭ ॥

অতঃপরউদর ও বক্ষস্থলের মর্ম্ম ব্যাখ্যা করিব, বায়ুর এবং বিষ্ঠার নির্গমস্থান স্থূলান্ত্রেতে প্রতিবদ্ধ গুদ নাম মর্ম্ম অর্থাৎ গুহ্য তাহাতে

তে সদ্যো মরণ হয় ॥ ৭৭ ॥

অল্পমাংস শোণিতাভ্যন্তরতঃ কট্যাং মূত্রাশয়োবস্তির্নাম তত্রাপি সদ্যোমরণং ॥ ৭৮ ॥

কটিতে অল্পমাংস, এবং শোণিতের মধ্যে মূত্রাশয় বস্তিনাম মর্ম্ম তাহাতেও আঘাতে মরণ ॥ ৭৮ ॥

অশ্মরীব্রণাদৃতে অত্রাপ্যুভয়তোভিন্নেন জীবত্যেক ভিন্নে মূত্রস্রাবী ব্রণোভবতি সত্তুযত্নেনোপক্রান্তরোহতি ॥ ৭৯ ॥

অশ্মরী রোগ ব্যতিরেকে বস্তিতে উভয় পার্শ্ব ভিন্ন হইলে জীবনাশ হয়, এক পার্শ্ব ভিন্ন হইলে মূত্রস্রাব বিশিষ্ট রোগ হয়, সে রোগ যত্নেতে চিকিৎসনীয় হইলে অরোগ হয় ॥ ৭৯ ॥

পক্বামাশয়য়োর্ম্মধ্যে শিরাপ্রভবানাভির্নাম তত্রাপি সদ্যো এব মরণং ॥ ৮০ ॥

পক্বাশয় এবং আমাশয়মধ্যেশিরা প্রভবানাভি নাম মর্ম্ম তাহাতেও সদ্যই মরণ ॥ ৮০ ॥

স্তনয়োর্ম্মধ্যাধিষ্ঠানো রস্যামাশয়দ্বারং সত্ব রজস্তমসাম-ধিষ্ঠানং হৃদয়ং নাম তত্রাপি সদ্য এব মরণং ॥ ৮১ ॥

স্তনদ্বয়ে মধ্যাধিষ্ঠান বক্ষঃস্থলে আমাশয়দ্বার, সত্ত্ব রজস্তমের অধি ষ্ঠান হৃদয় নাম মর্ম্ম, তাহাতেও আঘাতে সদ্যই মরণ ॥ ৮১ ॥

স্তনয়োরধস্তাৎ দ্ব্যঙ্গুলমুভয়তঃ স্তনমূল নাম মর্ম্মণী । তত্র কফ পূর্ণকোষ্ঠতয়া কাসশ্বাসাভ্যাঞ্চ ম্রিয়তে ॥ ৮২ ॥

স্তন দ্বয়ের অধঃস্থানে অঙ্গুলদ্বয়ে স্তনমূল নাম মর্ম্ম, তৎস্থানে কফ পূর্ণতা প্রযুক্ত আঘাতে কাস শ্বাস দ্বারা মৃত্যু হয় ॥ ৮২ ॥

স্তন চূচুকয়োরূর্দ্ধং দ্ব্যঙ্গুলমুভয়তঃ স্তন রোহিতৌ নাম । তত্র লোহিত পূর্ণকোষ্ঠ তয়া কাসশ্বাসাভ্যাঞ্চ ম্রিয়তে ॥ ৮৩

স্তন দ্বয়ের ঊর্দ্ধ অঙ্গুল দ্বয় স্তনরোহিতনাম মর্ম্ম, তাহাতে শোণিত

পূর্ণ স্থান প্রযুক্ত আঘাতে কাস শ্বাস দ্বারা মৃত্যু হয় ॥ ৮৩ ॥

অংসকূটয়োরধস্তাৎ পার্শ্বোপরিভাগয়োরপলাপৌ নাম তত্র রক্তেন পূযভাবং গতেন মরণং ॥ ৮৪ ॥

অংসকূট অর্থাৎ ভুজোপরি স্কন্ধভাগ, তাহার অধঃপার্শ্বে উপর ভাগ উভয়েতে অপলাপ নাম মর্ম্ম তাহাতে আঘাতে রক্তেতে পূয়ভাব প্রাপ্ত অর্থাৎ বিকৃত দুর্গন্ধ প্রাপ্ত হইলে মরণ হয় ॥ ৮৪ ॥

উভয়ত্রোরসোনাড্যৌ বাতবহে অপস্তম্ভৌনাম তত্রবাতপূর্ণ কোষ্ঠতয়া কাসশ্বাসাভ্যাঞ্চ মরণং ॥ ৮৫ ॥

বক্ষঃস্থলের উভয় পার্শ্বে বাতবহা নাড়ীদ্বয় অপস্তম্ভ নাম মর্ম্ম, তাহাতে বায়ুপূর্ণ স্থান প্রযুক্ত আঘাতে কাসশ্বাস দ্বারা মরণহয় ৷ ৮৫

এবমেতান্যুদরোরসো দ্বাদশ মর্ম্মাণি ব্যাখ্যাতানি ॥ ৮৬ ॥

এপ্রকার উদর এবং বক্ষঃস্থলের দ্বাদশ মর্ম্ম ব্যাখ্যাত হইল ॥ ৮৬

অতউর্দ্ধং পৃষ্ঠ মর্ম্মাণ্যনুব্যাখ্যাস্যামঃ ৷ পৃষ্ঠবংশ মুভয়তঃ প্রতিশ্রোণি কাণ্ডমস্থিনী কটিকতরুণে নাম মর্ম্মণী৷৷ তত্র শোণিতক্ষয়াৎ পাণ্ডু বিবর্ণো হীন রূপশ্চ ম্রিয়তে ॥ ৮৭ ॥

অতঃপর পৃষ্ঠমর্ম্ম ব্যাখ্যা করিব ৷ উভয় পার্শ্বে পৃষ্ঠবংশ অর্থাৎ পৃষ্ঠবংশের অধোভাগের নিতম্বোপরি ভাগ শ্রোণিকাণ্ড অস্থিদ্বয় কটি এবং কতরুণ নাম মর্ম্ম তাহাতে শোণিত ক্ষয় হইতে পাণ্ডু বর্ণ এবং লাবণ্য হীন রূপ হইয়া মৃত্যু প্রাপ্ত হয় ॥ ৮৭ ॥

পার্শ্ব জঘন বহির্ভাগে ৷ তত্র পৃষ্ঠবংশমুভয়তো নাতি নিম্নে কুকুন্দরে নাম মর্ম্মণী ৷ তত্র স্পর্শা জ্ঞানমধঃ কায়ে চেষ্টোপ ঘাতশ্চ ॥ ৮৮ ॥

নিতম্ব পার্শ্ব ভাগ জঘন তাহার বাহ্য ভাগে পৃষ্ঠবংশের উভয়দিকে নিকট নিম্নভাগে কুকুন্দর দ্বয় নাম অর্থাৎ নিতম্ব কূপদ্বয় তাহাতে

আঘাতে স্পর্শে অজ্ঞান হয় তাহাতে অধোদেশে আঘাতে চেষ্টা নাশ হয় ॥ ৮৮ ॥

শ্রোণী কাণ্ডয়োরুপর্য্যা মাশয়াচ্ছাদনৌ পার্শ্বান্তর প্রতি বদ্ধৌ নিতম্বৌ নাম তত্রাধঃ কায়ে শোষো দৌর্ব্বল্যাচ্চ মরণং ॥ ৮৯ ॥

শ্রোণীকাণ্ড অস্থিদ্বয়ের উপরি আমাশয়াচ্ছাদন দ্বয় শ্রোণী পার্শ্ব মধ্যেতে প্রতিবদ্ধ নিতম্বদ্বয় নাম মর্ম্ম তাহাতে আঘাতে অধঃ কায় শুষ্ক হয় দৌর্ব্বল্যাধীন মরণ হয় ॥ ৮৯ ॥

অধঃপার্শ্বান্তর প্রতিবদ্ধৌ জঘন পার্শ্বমধ্যয়ো স্তির্য্যগূর্দ্ধ্বঞ্চ জঘনাৎ পার্শ্বসন্ধী নাম। তত্র লোহিতপূর্ণ কোষ্ঠতয়া ম্রিয়তে ॥ ৯০ ॥

নিতম্বের অধঃপার্শ্বের মধ্যে বদ্ধ জঘন পার্শ্বদ্বয়ের জঘন হইতে বক্র অথচ ঊর্দ্ধ্ব পার্শ্ব সন্ধিদ্বয় মর্ম্ম তাহাতে রক্তপূরিত কোষ্ঠ প্রযুক্ত মৃত্যু ॥ ৯০ ॥

স্তনমূলাদুভয়তঃ পৃষ্ঠবংশস্য বৃহতী নাম। তত্র শোণিতাতি প্রবৃত্তি নিমিত্তৈ রুপদ্রবৈ র্ম্রিয়তে ॥ ৯১ ॥

উভয় স্তনমূল হইতে পৃষ্ঠবংশের বৃহতী নাম মর্ম্মদ্বয়। তাহাতে শোণিতের অতি প্রবৃত্ত নিমিত্ত উপদ্রব করণক মরণ ॥ ৯১ ॥

পৃষ্ঠোপরি পৃষ্ঠবংশ মুভয়ত স্ত্রিকসম্বদ্ধে অংশ ফলকে। নাম তত্র বাহ্বোঃ স্বাপঃ শোষোবা ॥ ৯২

পৃষ্ঠের উপর পৃষ্ঠবংশের উভয়ের ত্রিকসম্বদ্ধেতে অংশফলক নাম মর্ম্ম, তাহাতেবাহুদ্বয়ের সুপ্ততা অর্থাৎ অসার এবং শুষ্ক হয়। ত্রিক অর্থাৎ পৃষ্ঠবংশের অধঃ অস্থিত্রয় ঘটিত। ৯২ ॥

বাহুমূর্দ্ধ্বগ্রীবা মধ্যে হংসপীঠস্কন্ধ নিবন্ধানাবংশৌ নাম।

তত্রস্তব্ধ বাহুতা ॥ ৯৩ ॥

বাহুর উর্দ্ধ গ্রীবার মধ্যে অংসপীঠস্কন্ধনিবন্ধন দ্বয় অর্থাৎ স্কন্ধবন্ধনদ্বয় তাহাতে হস্তের স্তব্ধতা হয় এই চতুর্দ্দশ পৃষ্ঠমর্ম্ম ব্যাখ্যাত হইল ॥ ৯৩ ॥

অতঊর্দ্ধং জত্রুগতানি মর্ম্মাণ্যনুব্যাখ্যাস্যামঃ তত্রকণ্ঠনাড্যা মুভয়ত শ্চতস্রোধমন্যঃ। তাসাং দ্বেনীলে দ্বেচ মন্যে পৃথক্ত্বেন নাম তত্রমূকতা স্বরবৈকৃত মরসগ্রাহিতাচ ॥ ৯৪ ॥

অতঃপর জত্রুগত মর্ম্মব্যাখ্যা করিব জত্রু অর্থাৎ বাহুর এবং স্কন্ধের সন্ধি কণ্ঠদেশ পর্য্যন্ত, তাহাতে কণ্ঠনাড়ীতে উভয় দিকে চতুর ধমনী মর্ম্ম, তাহার নীলধমনী দ্বয় মন্যাদ্বয়, অর্থাৎ গ্রীবার পশ্চাৎ ধমনীদ্বয় গ্রীবা অর্থাৎ ঘাড়, তাহাতে মূকতা অর্থাৎ বোবা এবং বিকৃতিস্বর হয় এবং রস গ্রহণ হয় না ॥ ৯৪ ॥

গ্রীবায়া মুভয়তশ্চতস্রশ্চতস্রঃ শিরামাতৃকা স্তত্রসদ্যো মরণং ॥ ৯৫ ॥

গ্রীবাতে উভয় দিকে চতুশ্চতুঃশিরা মাতৃকানাম অষ্টশিরা মর্ম্ম তাহাতে সদ্যো মরণ ॥ ৯৫ ॥

গ্রীবায়াঃ সন্ধানে কৃকাটিকে নাম। তত্র চলমূর্দ্ধতা। ৯৬।

গ্রীবা দ্বয়ের সন্ধিতে কৃকাটিকা নাম মর্ম্মদ্বয় তাহাতে চলমস্তক হয় ॥ ৯৬ ॥

কর্ণ পৃষ্ঠতোঽধঃ সংশ্রিতে বিধুরে নাম। তত্র বাধির্য্যং। ৯৭।

কর্ণের পৃষ্ঠ হইতে অধস্থিত বিধুর নাম মর্ম্মদ্বয়। তাহাতে বধির অর্থাৎ কালা হয় ॥ ৯৭ ॥

ঘ্রাণমার্গ মুভয়তঃশ্রোতোমার্গ প্রতিবদ্ধে অভ্যন্তরতঃ ফণৌ নাম। তত্র গন্ধাজ্ঞানং ॥ ৯৮ ॥

ঘ্রাণপথ উভয়েতে নাড়ীপথ প্রতিবদ্ধে মধ্যে ফণনাম মর্ম্মদ্বয় তা-

হাতে গন্ধজ্ঞানাভাব ।। ৯৮ ।।

ভ্রুবোঃ পুচ্ছান্তয়োরধোঽক্ষ্ণোর্বাহ্যতোঽপাঙ্গৌ নাম। তত্রান্ধ্যং দৃষ্ট্যুপঘাতোবা ।। ৯৯ ।।

জ্রর পুচ্ছান্তের অধঃ অক্ষিরবাহ্যে অপাঙ্গ নাম মর্ম্মদ্বয় তাহাতে অন্ধ হয় এবং দৃষ্টির উপঘাত ।। ৯৯ ।।

ভ্রুরোরুপরি নিম্নয়োরাবর্ত্তৌ নাম। তত্রাপ্যান্ধং দৃষ্ট্যুপঘাতোবা ।। ১০০ ।।

জ্রর উপরে নিম্নদ্বয়ের আবর্ত্ত নাম মর্ম্মদ্বয় ।। তাহাতে অন্ধ হয়। এবং দৃষ্টির ব্যাঘাত ।। ১০০ ।।

ভ্রুবোঃ পুচ্ছান্তয়োরুপরি অনুকর্ণ ললাটয়োর্মধ্যে শঙ্খৌ নাম তত্র সদ্যো মরণং ।। ১০১ ।।

জ্র যুগলের পুচ্ছান্তের উপর কর্ণাবধি ললাট পর্য্যন্ত মধ্যে শঙ্খ নাম মর্ম্ম তাহাতে সদ্যো মরণং ।। ১০১ ।।

শঙ্খয়োরুপরি কেশান্ত উৎক্ষেপৌ নাম। তত্র সশল্যো জীবতি পাকাৎপতিত শল্যোবানোদ্ধৃত শল্যঃ ।। ১০২ ।।

শঙ্খদ্বয়ের উপর কেশ পর্য্যন্ত উৎক্ষেপ নাম মর্ম্মদ্বয় তাহাতে সশল্য হইলে ও জীবস্থিতি পকাবস্থা হইতে পতিত শল্য হইলে কিম্বা অনুদ্ধৃত শল্য হইলে ও জীবস্থিতি ।। ১০২ ।।

ভ্রুবোর্মধ্যে স্থপনী নাম মর্ম্ম তত্রোৎক্ষেপবৎ ।। ১০৩ ।।

জ্রদ্বয়ের মধ্যে স্থপনী নাম মর্ম্ম। তাহাতে উৎক্ষেপের সমান কর্ম্ম ।। ১০৩ ।।

পঞ্চসন্ধয়ঃ শিরসি বিভক্তা সীমন্তা নাম। তত্রোন্মাদ ভয় চিত্ত নাশৈ র্মরণং ।। ১০৪ ।।

পঞ্চ প্রকার সন্ধি মস্তকে সীমন্ত নাম মর্ম্ম। তাহাতে উন্মাদ ভয়, চিত্তনাশ দ্বারা মরণ হয় ।। ১০৪ ।।

ঘ্রাণশ্রোত্রাক্ষিজিহ্বা সন্তর্পিণীনাং শিরাণাং মধ্যে শিরসঃ
সন্নিপাতঃ । শৃঙ্গাটকানিতানি চত্বারি মর্ম্মাণি তত্রাপি
সদ্যো মরণং ॥ ১০৩ ॥

নাসা, কর্ণ, চক্ষু, জিহ্বা, সন্তৃপ্তকারিণী শিরা সকলের মস্তকের মধ্যে সংযোগ স্থান তাহাতেই শৃঙ্গাটক নাম চতুর মর্ম্ম । চতুরঙ্গুল প্রমাণ তাহাতে ও সদ্য মরণ ॥ ১০৩ ॥

মস্তকাভ্যন্তর উপরিষ্টাৎ । শিরাসন্ধি সন্নিপাতো রোমাব-
র্ত্তোঽধিপতি স্তত্রাপি সদ্যো মরণং ॥ ১০৪ ॥

মস্তকের অভ্যন্তরের শিরাসন্ধি সংযোগ মস্তকের উপরে রোম কূপ অধিপতি নাম মর্ম্ম । তাহাতে ও সদ্য মরণ ॥ ১০৪ ॥

এবমেতানি সপ্তত্রিংশ দূর্দ্ধজত্রুগতানি । ভবন্তি
চাত্র শ্লোকাঃ ॥ ১০৫ ॥

এবম্প্রকার সপ্তত্রিংশৎ মর্ম্ম জত্রুর ঊর্দ্ধ প্রাপ্ত । তত্র বিষয়ে শ্লোক সাকল্য হইতেছে ॥ ১০৫ ॥

ঊর্ব্ব্যঃ শিরাংশি বিটপেচ সকক্ষপার্শ্বে একৈক মঙ্গুলমিতং
স্তনপূর্ব্বমূলং । বৃদ্ধাঙ্গুল দ্বয়মিতং মণিবন্ধগুল্ফং ত্রীণ্যেব
জানুসপরং সহকূর্পরাভ্যাং ॥ ১০৬ ॥
হৃদ্বস্তি কূর্চ্চ গুদনাভি বদন্তি মূর্দ্ধ্নি চত্বারি পঞ্চচগলে দশ-
য়ানিচদ্বে । তানি স্বপানিতল কুঞ্চিতসংমিতানি শেষাণ্য
বেহিপরিবিস্তরতোঽঙ্গুলার্দ্ধং ॥ ১০৭ ॥

ঊরুদেশস্থিত যে সকল মর্ম্ম ও বিটপ ও কক্ষপার্শ্বেতে এক এক অঙ্গুলি পরিমিত মর্ম্ম স্তনমূলেতেও ঐ প্রকার । মণিবন্ধ এবং গুল্ফ অঙ্গুলিদ্বয় মর্ম্ম । জানুর উপর আনী এবং কূর্পর অঙ্গুলি ত্রয় মর্ম্ম ॥ ॥ ১০৬ ॥ হৃদয় ও বস্তি ও কুর্চ্চ গুহ্য নাভি মস্তকে চতুর অঙ্গুলি মর্ম্ম গলাতে পঞ্চাঙ্গুল মর্ম্ম এতদ্ব্যতিরিক্ত যে বিংশতি মর্ম্ম সে সকল মর্ম্ম

IMPERIAL LIBRARY.

কুঞ্চিত হস্ততলের যে পরিমাণ সেই পরিমিত। এতদ্ভিন্ন সকলমর্ম্ম অর্দ্ধাঙ্গুল পরিমিত ॥ ১০৭ ॥

এতৎ প্রমাণ মভিবীক্ষ্য বদন্তিতজ্জ্ঞাঃ শস্ত্রেণ কর্ম্মকরণং
পরিহৃত্য মর্ম্ম। পার্শ্বাভিঘাতিত মপীহ নিহন্তি মর্ম্ম ত-
স্মাদ্ধি মর্ম্মসদনং পরিবর্জ্জনীয়ং ॥ ১০৮ ॥

এই সকল প্রমিত মর্ম্মস্থান সর্ব্বতোভাবে নিরীক্ষণ করিয়া মর্ম্মজ্ঞা তা সকল কহিবেন এবং এই সকল মর্ম্মস্থান পরিত্যাগ করিয়া অস্ত্র কর্ম্ম কর্ত্তব্য। এবং মর্ম্মপার্শ্ব অভিহত হইলে মারক হয়েন। অত-এব মর্ম্মস্থান পরিত্যজ্য হইয়াছে ॥ ১০৮ ॥

ছিন্নেষু পাণি চরণেষু শিরা নরাণাং সঙ্কোচমীয়ুর সৃগল্পা
মতোনিরেতি। প্রাপ্যামিত ব্যসন মুগ্রমতো মনুষ্যাঃ সং
ছিন্নশাখ তরুবন্নিধনং নযান্তি ॥ ১০৯ ॥

মনুষ্যদিগের হস্ত পাদ ছেদিত হইলে শিরা সঙ্কোচ প্রাপ্ত হয়েন অল্পারক্ত নির্গমন করেন অতঃ কারণ মনুষ্য উগ্র অথচ অপরিমিত বেদনা প্রাপ্ত হইয়া ছিন্নশাখ বৃক্ষের ন্যায় স্থিতি করেন নিধন প্রাপ্ত হয়েন না ॥ ১০৯ ॥

ক্ষিপ্রেষু তত্র সতলেষু হতেষু রক্তং গচ্ছত্যতীব পবনশ্চরু
জং করোতি। এবং বিনাশ মুপযান্তিহি তত্রবিদ্ধা বৃক্ষাই
বায়ুধ বিঘাত নিকৃত্তমূলাঃ ॥ ১১০ ॥

ক্ষিপ্রেতে তাহাতে তলের সহিতে হত হইলে অতিশয় রক্তগমন হয়। এবং বায়ু বেদনা করেন। এবং তাহাতে বিদ্ধপ্রাপ্ত মনুষ্যেরা অস্ত্রাঘাত দ্বারা ছিন্নমূল বৃক্ষের ন্যায় বিনাশ প্রাপ্ত হয়েন ॥ ১১০ ॥

তস্মাত্তয়োরভিহতস্যত্তপাণিপাদং ছেত্তব্যমাশু মণিবন্ধন
গুল্ফদেশে। মর্ম্মাণি শল্যবিষয়ার্দ্ধ মুদাহরন্তি যস্মাচ্চ মর্ম্ম
সুহতা ন ভবন্তি মর্ত্যাঃ ॥ ১১১ ॥

সেই হেতুক ক্ষিপ্রতলে অভিহত ব্যক্তির মণিবন্ধান গুল্‌ফদেশে পাণি পাদ শাঘ্র ছেত্তব্য হইয়াছে। শল্য বিষয়েতে প্রতীত দ্বারা হর্যাহত মর্ম্ম যে হেতু হয়েন অতঃ কারণ মনুষ্যেরা মর্ম্মতে হত না হন ॥ ১১১ ॥

জীবন্তি তত্র যদি বৈদ্য গুণেন কেচিত্তে প্রাপ্নুবন্তি বিকলত্ব মসংশয়ংহি। সংভিন্ন জর্জ্জরিত কোষ্ঠশিরঃ কপোলাঃ জীবন্তি শস্ত্রবিহিতৈশ্চ শরীরদেশৈঃ ॥ ১১২ ॥

তাহাতে বৈদ্য গুণ দ্বারা যদি কেহ জীবিত হয়েন সে সকল ব্যক্তি বিকলত্বপ্রাপ্ত হয়েন। সম্যক্ ভিন্ন এবং জর্জ্জরীভূত কোষ্ঠ এবং মস্তক এবং কপোলদেশ যে সকল ব্যক্তি তাঁহারা শরীরদেশে বিহিত শস্ত্র দ্বারা জীবিত হয়েন ॥ ১১২ ॥

ছিন্নৈশ্চ সক্থি ভুজ পাদ করৈর শেষৈর্যেষাং ন মর্ম্মপতিতা বিবিধাঃ প্রহারাঃ ॥ ১১৩ ॥

যাহার দিগের ছিন্নসক্থি এবং হস্ত পা দ ও করতল এবং বিবিধ প্রহার হইলেও মর্ম্ম পতিত হয় না তাঁহারাও জীবিত হয়েন। ১১২।

সোম মারুত তেজাংসি রজঃ সত্বতমাংসিচ। মর্ম্মসু প্রায়শঃ পুংসাং ভূতাত্মাচাবতিষ্ঠতে ॥ ১১৫ ॥

সোম মারুত তেজ এবং সত্ব রজ তমঃ এবং ভূতাত্মা এই সকল প্রায়ই পুরুষ দিগের মর্ম্মেতে অবস্থিতি করেন ॥ ১১৪ ॥

মর্ম্মস্বভিহতা স্তস্মান্নজীবন্তি শরীরিণঃ। ইন্দ্রিয়ার্থেষ্ব সংপ্রাপ্তি র্মনোবুদ্ধি বিপর্য্যয়ঃ ॥ ১১৫ ॥ রুজশ্চবিবিধাস্তীব্রা ভবন্ত্যাশু হরেহতে ॥ ১১৬ ॥

সেই হেতুক মর্ম্মেতে অভিহত শরীরিরা জীবিত হয়েন না। ইন্দ্রিয় প্রয়োজন অপ্রাপ্তিও মন বুদ্ধি বিপরীত হয় ॥ ১১৫ ॥ বেদনা বিবিধ প্রকার হয় প্রাণহর মর্ম্ম হত হইলে এইসকল হয় ॥ ১১৬ ॥

হৃতে কালান্তর ঘ্নেস্তু ধ্রুবো ধাতুক্ষয়ো নৃণাং । ততো ধাতু-ক্ষয়াজ্জন্তু র্বেদনাভিশ্চ নশ্যতি ॥ ১১৭ ॥

কালান্তর মারক মর্ম্ম হত হইলে ধাতুক্ষয় মনুষ্যদিগের হয় । সেই হেতু ধাতুক্ষয় হইতে প্রাণিসকল বেদনা দ্বারা বিনাশ প্রাপ্ত হয়েন ॥ ১১৭ ॥

হৃতে বৈকল্য জননে কেবলং বৈদ্য নৈপুণাৎ । শরীরং ক্রিয়য়াযুক্তং বিকলত্বমবাপ্নুয়াৎ ॥ ১১৮ ॥

বৈকল্যকর মর্ম্মহত হইলে কেবল বৈদ্য নিপুণ হইতে ক্রিয়া করণক যুক্ত শরীর বিকলত্ব প্রাপ্ত হয়েন ॥ ১১৮ ॥

বিশল্যঘ্নেষু বিজ্ঞেয়ং পূর্ব্বোক্তং যচ্চ কারণং ॥ ১১৯ ॥

বিশল্যঘ্ন মর্ম্ম হত হইলে প্রাণহরত্ব বিজ্ঞেয় হইয়াছে ইহার যে কারণ তাহা পূর্ব্বোক্ত হইয়াছে ॥ ১১৯ ॥

রুজাকরাণি মর্ম্মাণি ক্ষতানিবিবিধাঃ রুজঃ । কুর্ব্বন্ত্যে তানি বৈকল্যং কুবৈদ্যবশগো যদি ॥ ১২০ ॥

রুজাকর মর্ম্মক্ষত হইলে বিবিধ প্রকার বেদনা হয় । এইসকলমর্ম্ম কুবৈদ্য ব্যাপার বশ প্রাপ্ত হইয়া বৈকল্য করেন ॥ ১২০ ॥

ছেদ ভেদাভিঘাতেভ্যো দহনাদ্দারণাদপি । উপঘাতং বিজানীয়াৎ মর্ম্মণান্তস্য লক্ষণং ॥ ১২১ ॥

ছেদ এবং ভেদ ও অভিঘাত ও দগ্ধ ও বিদারণ এই সকল হইতে মর্ম্ম সাকল্যের উপঘাত জ্ঞাত হইয়াছে পূর্ব্বোক্ত সকল লক্ষণ বিজ্ঞেয় ॥ ১২১ ॥

মর্ম্মাভিঘাতশ্চ নকশ্চিদস্তি যোল্পাত্যয়োবাপি নিরত্যযোবা । প্রায়েণ মর্ম্মস্বভিতাড়িতাস্তু বৈকল্য মিছন্ত্যথবা ম্রিয়ন্তে ॥ ১২২ ॥

মর্ম্মাভিঘাত বিশিষ্ট কোন ব্যক্তিই নাই অল্পাঘাত যে এবং অ-

ত্যাঘাত যেবা হউক প্রায়ই মর্ম্মেতে অভিঘাত প্রাপ্ত হইয়া বৈকল্য প্রাপ্ত হয়েন অথবা মৃত্যু প্রাপ্ত হয়েন ॥ ১২২ ॥

মর্ম্মাণ্যধিষ্ঠায়হি যে বিকারা মূর্চ্ছন্তি কায়ে বিবিধা
নরাণাং প্রায়েণতে কৃচ্ছ্রতমা ভবন্তি নরস্য যত্নৈ-
রপি সাধ্যমানাঃ ॥ ১২৩ ॥

মর্ম্মাধিষ্ঠিত যে সকল বিবিধ বিকার বৃদ্ধি পায়েন মনুষ্য সম্বন্ধে প্রায়ই সেই সকল বিকার কৃচ্ছ্র সাধ্যতম হয়েন যত্নেতেও সাধ্যমান হয়েন ॥ ১২৩ ॥

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে শরীর নির্ণয় প্রত্যেক মর্ম্ম নির্দ্দেশ নাম ষষ্ঠোল্লাসঃ ॥ ৬ ॥ * ॥

---

ইতি ষষ্ঠোল্লাসঃ ।

অথ সন্ধয়ঃ । তেদ্বিবিধা শ্চেষ্টাবন্তঃ স্থিরাশ্চ ॥ ১ ॥

অনন্তর সন্ধি সকল কথিত হইতেছে। সেই সন্ধি সকল দ্বিবিধ প্রকার চেষ্টা বিশিষ্ট এবং নিশ্চেষ্ট ॥ ১ ॥

শাখা সুহন্বোঃ কট্যাঞ্চ চেষ্টাবন্তো ভবন্তিহি । শেষাস্তু সন্ধয়ঃ সর্ব্বে স্থিরা স্তজ্জ্ঞৈরুদাহৃতাঃ ॥ ২ ॥

শাখাতে ( অর্থাৎ হস্ত পাদেতে এবং হনুতে অর্থাৎ গালেতে এবং কটিতে সন্ধি সকল চেষ্টা বিশিষ্ট হয়েন । শেষ তাবৎ সন্ধি স্থির অর্থাৎ নিশ্চেষ্ট সন্ধিজ্ঞাতা পণ্ডিতেরা এই কহেন ॥ ২ ॥

কথিতা দেহিনাং দেহে সন্ধয়ো দ্বেশতে দশ । শাখা সুতেষ্ট ষষ্ঠিশ্চ কোষ্ঠেত্বেকোনষষ্ঠিকা ॥ ৩ ॥

দেহি দিগের শরীরে সন্ধি সকল দুই শত দশ কথিত হইয়াছে । তাহার মধ্যে শাখাতে অষ্টষষ্ঠি । অর্থাৎ আটষট্টি কোষ্ঠ স্থানে এ-কোনষষ্ঠি অর্থাৎ ঊনষাট ॥ ৩ ॥

গ্রীবায়া ঊর্দ্ধ্ব দেশেতু অশীতিস্তে প্রকীর্ত্তিতাঃ । প্রথমং পরিগণ্যন্তে তেষু শাখা গতাইহ ॥ ৪ ॥

গ্রীবার ঊর্দ্ধ্বদেশে অশীতি অর্থাৎ আশি । এইশরীরে সন্ধি বিষয়ে শাখাগত সন্ধি সকল প্রথম গণনা হইতেছে ॥ ৪ ॥

একৈকস্যাং পাদাঙ্গুল্যা স্ত্রয়স্ত্রয়ঃ ,দ্বাবঙ্গুষ্ঠে তে চতুর্দ্দশ । ৫

পাদাঙ্গুলির এক এক অঙ্গুলিতে ত্রয় ত্রয় সন্ধি । অঙ্গুষ্ঠেতে দ্বয় এবং প্রকার চতুর্দ্দশ । দ্বিপাদের অঙ্গুলিতে অষ্টবিংশতি ॥ ৫ ॥

গুল্ফ জানু বঙ্ক্ষণেষ্বেকৈকং এবংসপ্তদশৈ কস্মিন্‌সক্‌থিনী ভবন্তি । এতেনেতরসক্‌থি বাহূ চ ব্যাখ্যাতৌ এবমষ্ট-ষষ্ঠিঃশাখাসু ॥ ৬ ॥

গুল্‌ফ জানু বঙ্ক্ষণেতে এক এক গুল্‌ফেতে এক সন্ধি । জানুতে

এক বঙ্ক্ষণে এক এবং প্রকার সপ্তদশ এক সক্থিতে অপর সক্থিতে এই প্রকার বাহুদ্বয়ে জানিহ শাখাতে এই অষ্টষষ্টি ॥ ৬ ॥

অথ কোষ্ঠ গতানাহ। ত্রয়ঃ কটি কপালেষু চতুর্ব্বিংশতিঃ পৃষ্ঠ বংশে তাবন্ত এব পার্শ্বয়োবষ্টাবুরসি এব মেকোন ষষ্টিঃ কোষ্ঠে ॥ ৭ ॥

অনন্তর কোষ্ঠ স্থানগত সন্ধি গণনাপূর্ব্বক কথিত হইতেছে। কটি-দেশে একসন্ধি। কপালেতে দ্বয় হনু পর্য্যন্ত সন্ধি। পৃষ্ঠ বংশেতে (অর্থাৎ মেরুর উভয় পার্শ্বভাগে) চতুর্ব্বিংশতিসন্ধি। পার্শ্ব দ্বয়ে চতুর্ব্বিংশতি। বক্ষস্থলে অষ্ট সন্ধি। এবং প্রকার একোনষষ্টি কোষ্ঠেতে কোষ্ঠগত (অর্থাৎ বিবরগত) ॥ ৭ ॥

অথ গ্রীবোর্দ্ধ গতানাহ। অষ্টৌ গ্রীবায়াং এযঃ কণ্ঠে নাড়ীষু হৃদয় ক্লোমকুস্কুস নিবদ্ধাস্বষ্টাদশ দ্বাত্রিংশদ্দন্তমূলেষেকঃ কণ্ঠেমণৌ নাসায়ামেকো দ্বৌ বর্ত্ম মণ্ডলে গণ্ডকর্ণ শঙ্খেষু দ্বৌ হনুসন্ধৌ দ্বাবুপরিষ্টাৎ ভ্রুবোঃ শঙ্খয়োশ্চোপরিষ্টাৎ পঞ্চশীর্ষ কপালেষেকো মূর্দ্ধনীতি ॥ ৮ ॥

অনন্তর গ্রীবার উর্দ্ধগত সন্ধি কহি। গ্রীবাতে অষ্ট সন্ধি। কণ্ঠেতে ত্রয় সন্ধি। হৃদয় ক্লোমপিপাসা স্থান কুস্কুস নিবদ্ধ নাড়ীতে অষ্টাদশ সন্ধি। দন্তমূলে দ্বাত্রিংশৎ। কণ্ঠমণি (অর্থাৎ গলার ঘণ্টিকা) তাহাতে একসন্ধি। নাসাতে এক সন্ধি। চক্ষুর পথে দ্বয় চক্ষুমণ্ডলে দ্বয়। গণ্ডদেশে দ্বয়। কর্ণেতে দ্বয়। শঙ্খদেশে দ্বয়। হনু সন্ধিতে সন্ধিদ্বয়। ভ্রুর উপর সন্ধিদ্বয়। শঙ্খের উপর সন্ধি পঞ্চ। মস্তক কপালে সন্ধি এক ॥ ৮ ॥

এতে সন্ধয়োঽষ্টবিধা ভবন্তি তে যথা। কোরোদুখল সামুদ্গা প্রতরস্তুণ সেবিনী। কাকতুণ্ডং মণ্ডলঞ্চ শঙ্খাবর্ত্তাষ্ট সন্ধয়ঃ ॥ ৯ ॥

এই সকল সন্ধি অষ্ট প্রকার হয় যথা ॥ কোর অর্থাৎ পুষ্প কলিকার ন্যায়, উদূখল স্বনাম প্রসিদ্ধ, সামুদ্গ অর্থাৎ সম্পুট কৌটার ন্যায়, প্রতর অর্থাৎ বিস্তারমেলক, তুণসেবনী অর্থাৎ বাণের তূণীরের যাদৃশ সেলাই তাদৃশ সেলাই, কাকতুণ্ড অর্থাৎ কাকমুখ, মণ্ডল প্রসিদ্ধ অর্থাৎ মণ্ডলাকৃতি, শঙ্খাবর্ত্ত অর্থাৎ শঙ্খের বেড়ের মত, এই সকল যথা নাম খ্যাতি সন্ধি হইল ॥ ৯ ॥

এষাগঙ্গুলি মণিবন্ধ গুল্ফ জানু কূর্পরেষু কোরাসন্ধয়ঃ ॥ ১০

এই সকল প্রখ্যাতি সন্ধির মধ্যে অঙ্গুলি ও মণিবন্ধ ও গুল্ফ ও জানু ও কূর্পর এই সকল স্থানের সন্ধি কোরক নাম অর্থাৎ কালিকা ॥ ১০ ॥

কক্ষ বঙ্ক্ষণ দন্তেষু উদূখলাঃ ॥ ১১ ॥

কক্ষদেশ, এবং বঙ্ক্ষণ, ও দন্ত, ইহাতে উদূখল সন্ধি । যেমত গর্ত্তেতে কাষ্ঠস্তম্ভ পোতা ॥ ১১ ॥

অংসপাঠ গুদ ভগ নিতম্বেষ সামুদ্গাঃ ॥ ১৩ ॥

অংসপীঠ অর্থাৎ বাহুর ঊর্দ্ধ গ্রীবা মধ্য স্কন্ধবন্ধন, এবং গুহ্য, ও যোনি ও নিতম্ব ইহাতে সামুদ্গ নাম সন্ধি ॥ ১২ ॥

গ্রীবা পৃষ্ঠবংশয়োঃ প্রতরাঃ ॥ ১৩ ॥

গ্রীবা ও পৃষ্ঠবংশেতে প্রতর সন্ধি ॥ ১৩ ॥

শিরঃ কটি কপালেষু তুণসেবিন্যঃ ॥ ১৪ ॥

মস্তক, কটি, কপালেতে তুণসেবনী সন্ধি ॥ ১৪ ॥

হন্বোরুভয়তঃ কাকতুণ্ডাখ্যাঃ ॥ ১৫ ॥ কণ্ঠ হৃদয় ক্লোমনাড়ীষু মণ্ডলাখ্যাঃ । ১৬ । শ্রোত্র শৃঙ্গাটকেষু শঙ্খাবর্ত্তাঃ । ১৭

হনু উভয়ের কাকতুণ্ড নাম সন্ধি ॥ ১৫ ॥ কণ্ঠ হৃদয় ক্লোম নাড়ীতে মণ্ডল নাম সন্ধি ॥ ১৬ ॥ কর্ণ শৃঙ্গাটকেতে শঙ্খাবর্ত্ত নামসন্ধি ॥ ১৭

অস্মাত্ত সন্ধয়োহেত্তে কেবলাঃ সমুদাহৃতাঃ । পেশী স্নায়ু

শিরাণাস্তু সন্ধি সঙ্খ্যানবিদ্যতে ॥ ১৮ ॥

ইহা হইতে এই সকল সন্ধি কেবল কথিতমাত্র। মাংসপেশী এবং স্নায়ু এবং শিরা এই সকলের সন্ধির সংখ্যা নাই ॥ ১৮ ॥

---

অথ শিরাঃ।

সন্ধি বন্ধনকারিণ্যো দোষধাতুবহাঃ শিরাঃ। নাভ্যাংসর্ব্বা নিবদ্ধাস্তা আতন্বন্তি সমন্ততঃ ॥ ১ ॥

সন্ধিবন্ধন কারিণী এবং দোষ ধাতুবাহিনী শিরা সকল নাভিতে নিবদ্ধ সেই শিরা সকল দিগে বিস্তার হইয়াছেন ॥ ১ ॥

শরীরং সকলঞ্চৈতৎশিরে নিষ্পোষ্যতে সদা। প্রণালীভি রিবারামঃ কুল্যাভিঃ ক্ষেত্রধান্যবৎ ॥ ২ ॥

এই সকল শরীর শিরাতে সর্ব্বদা পোষ্য হইতেছে, অর্থাৎ শিরাই শরীর পোষক। যেমত পুষ্পবনাদি প্রণালী দ্বারা পোষ্য হয়েন অর্থাৎ জলের গমন পথ দ্বারা এবং ক্ষেত্র ও ধান্য কৃত্রিম ক্ষুদ্রনদী দ্বারা যেমত পুষ্ট হয়েন। প্রণালী কুল্যা দৃষ্টান্ত দ্বয় স্থূল সূক্ষ্ম শিরা ভেদেতে ॥ ২ ॥

প্রসারণাকুঞ্চনাদি ক্রিয়াভিঃ সততং তনৌ। শিরাএবোপ কুর্ব্বন্তি তাঃ স্যুঃ সপ্তশতানিতু ॥ ৩ ॥

প্রসারণ অর্থাৎ বিস্তার গতি এবং আকুঞ্চন অর্থাৎ সংকুচিত কর্ম্ম দ্বারা নিরন্তর শরীরে শিরা উপকার করেন। সেই শিরা সপ্ত শত হয়েন ॥ ৩ ॥

যথা দ্রুমদলে সাক্ষাৎ দৃশ্যন্তে প্রততাঃ শিরাঃ। তথৈব দেহিনাং দেহে বর্ত্তন্তে সকলাঃ শিরাঃ ॥ ৪ ॥

যেমত বৃক্ষ পত্রে বিস্তৃত শিরা সকল দৃষ্ট হইতেছে তাদৃশই দেহি দিগের দেহেতে সকল শির স্থিতি ॥ ৪ ॥

। নাভিস্থাঃ প্রাণানাং প্রাণাঃ প্রাণান্নাভিরুপাশ্রিতাঃ । শিরা ভিরাবৃতা নাভিশ্চক্রনাভিরিবাকরৈঃ ॥ ৫ ॥

নাভিস্থিত প্রাণি সকলের প্রাণ, প্রাণ হইতে নাভি আশ্রিত, শিরা দ্বারা আবৃত নাভি অর্থাৎ শিরাচ্ছাদিত নাভি, আকরেতে চক্রের নাভির ন্যায় ॥ ৫ ॥

তা যথা তা সাস্খলুমুলাঃ শিরাশ্চত্বারিংশৎ ॥ ৬ ॥

সেই সকল শিরা যথা তাহার দিগের মূলশিরা চত্বারিংশৎ ॥ ৬ ॥

তাসাং দশবাতবহাঃ দশপিত্তবহাঃ দশশ্লেষ্মবহাঃ দশরক্তবহাঃ ॥ ৭ ॥

সেই সকল শিরার মধ্যে দশশিরা বাতবহা দশ পিত্তবহা দশশ্লেষ্ম বহা দশরক্তবহা ॥ ৭ ॥

তাসাং খলুবাতবহানাং বাতস্থান গতানাং পঞ্চসপ্ততি শতং ভবতি ॥ ৮ ॥

তাহার দিগের বাতবহশিরা দিগের বাতস্থানগত শিরের পঞ্চসপ্ততি শত হয় ॥ ৮ ॥

তাবত্যএব পিত্তবহাঃ পিত্তস্থান গতাঃ । শ্লেষ্মবহাঃ শ্লেষ্ম স্থানগতাঃ । রক্তবহাঃ যকৃৎ প্লীহগত এবংশিরাঃসপ্তশতা নিভবন্তি ॥ ৯ ॥

সেই সংখ্যাই পিত্তবহা পিত্তস্থান গতা, সেই সংখ্যা শ্লেষ্মবহা শ্লেষ্মস্থান গতা এই সংখ্যানি তারক্তবহা রক্তস্থান যকৃৎ প্লীহাগতা এবম্প্রকার সপ্তশত শিরা হইল ॥ ৯ ॥

তত্র বাতবহা একস্মিন্ সক্থিনি পঞ্চবিংশতিঃ । এতে নেতর সক্থি বাহূ চ ব্যাখ্যাতৌ ॥ ১০ ॥

তাহাতে বাতবহা শিরা এক সক্থিতে পঞ্চবিংশতি । অপর সক্থিতে পঞ্চবিংশতি বাহুদ্বয়ে পঞ্চবিংশতি দ্বয় ॥ ১০ ॥

বিশেষতঃ কোষ্ঠে চতুস্ত্রিংশৎ তাসাং শ্রোণ্যাং গুদমেঢ্রা-শ্রিতা অষ্টৌ ।। ১১ ।।

বিশেষে কোষ্ঠে চতুস্ত্রিংশৎ তাহারদিগের শ্রোণীতে গুহ্যে উপস্থে আশ্রিত অষ্ট ।। ১১ ।।

দ্বে দ্বে পার্শ্বয়োঃ ষট্‌পৃষ্ঠে তাবত্য এবচোদরে দশবক্ষসি ।। ১২

পার্শ্বদ্বয়ে দ্বয় দ্বয় পৃষ্ঠে ষট্, উদরে ষট্, বক্ষেতে দশ ।। ১২ ।।

একচত্বারিংশৎ জত্রুণ ঊর্দ্ধং তাসাং চতুর্দ্দশ গ্রীবায়াং চতস্রঃ কর্ণয়োঃ নব জিহ্বায়াং ষট্ নাসিকায়াং অষ্টৌ নেত্রয়োঃ ।। ১৩ ।।

এক চত্বারিংশৎ জত্রুর ঊর্দ্ধ তাহার মধ্যে চতুর্দ্দশ গ্রীবাতে চতুর কর্ণদ্বয়ে নব জিহ্বাতে নাসিকাতে ষট্ চক্ষুদ্বয়ে অষ্ট ।। ১৩ ।।

এবং বাতবহানাং স পঞ্চসপ্ততি শতং ভবন্তি এষ বিভাগঃ পিত্তবহানামপি । বিশেষস্তু পিত্তবহানেত্রয়োর্দশ কর্ণয়োর্দ্বে ।। ১৪ ।।

এবম্প্রকারে বাতবহ শিরা পঞ্চ সপ্ততি শত হইল, এই বিভাগ ও পিত্তবহ শিরা । বিশেষে পিত্তবহ শিরা নেত্র দ্বয়ে দশ । কর্ণদ্বয়ে দ্বয় ।। ১৪ ।।

এবং রক্তবহা অষ্টৌ নেত্রয়োঃ । শ্লেষ্মবহাস্তু ষোড়শ গ্রীবায়াং কর্ণয়োর্দ্বে এবং শিরাণাং সপ্তশতানি ব্যাখ্যাতানি ।

এবম্প্রকার রক্তবহশিরা পঞ্চসপ্ততি শত ইহার মধ্যে নেত্রদ্বয়ে অষ্ট শ্লেষ্মবহ শিরা ওপঞ্চ সপ্ততি শিরা ইহার মধ্যে ষোড়শ শিরা গ্রীবাতে কর্ণদ্বয়ে দ্বয়, এবং প্রকার সংখ্যান্বিত সপ্তশত শিরা ব্যাখ্যাত হইল ।। ১৫ ।।

ক্রিয়াণামপ্রতীঘাতমমোহং বুদ্ধিকর্ম্মণাং । করোত্যন্যান গুণাংশ্চাপি স্বাঃ শিরাঃ পবনশ্চরন্ ।। ১৬ ।।

বায়ু যে কালে স্বকীয় শিরাতে গমন করেন তৎকালে ক্রিয়া সকলের অর্থাৎ প্রসারণ আকুঞ্চন প্রভৃতির সম্যক্ রূপে করেন। এবং বুদ্ধি কর্ম্ম সকলের অর্থাৎ বুদ্ধীন্দ্রিয় সাকল্যের মনের এবং বুদ্ধির স্বীয় স্বীয় বিষয়ে জ্ঞান করান। ক্রিয়ার প্রতিঘাত এবং বুদ্ধীন্দ্রিয়ের মনের অমোহ অর্থাৎ অজ্ঞান করেন না। এবং অন্য গুণ সকল করেন অর্থাৎ রসাদি প্রাপণ দ্বারা শরীর পোষণাদিকরেন। ১৬

যদাতু কুপিতো বায়ুঃ স্বাঃ শিরাঃ প্রতিপদ্যতে। তদাস্য
বিবিধারোগা জায়ন্তে বাত সম্ভবাঃ ॥ ১৭ ॥

যে কালে স্বকীয় শিরাতে বায়ু প্রতিকূল গতি হয়েন তৎকালে এই বায়ুর বিবিধ প্রকার বাত সম্ভব রোগ জন্মে ॥ ১৭ ॥

ভ্রাজিষ্ণুতা মন্নরুচি মগ্নিদীপ্তি মরোগতাং। করোত্যন্যা
নগুণাং শ্চাপি পিত্তমাত্ম শিরাশ্চরন্ ॥ ১৮ ॥

যে কালে পিত্ত আত্মশিরাতে চরেণ তৎকালে শরীরদীপ্তিতা ও অন্ন রুচি এবং অগ্নি দীপন ও অরোগ ভাবত্ব করে অর্থাৎ পৈত্তিক রোগানুৎপত্তি। এবং অন্য গুণ সকল করেন অর্থাৎ মেধা বুদ্ধি দর্শন শক্ত্যাদি ॥ ১৮ ॥

যদাতু কুপিতং পিত্তং সেবতে স্বাবহাঃ শিরাঃ। তদাস্য
বিবিধা রোগা জায়ন্তে পিত্ত সম্ভবাঃ ॥ ১৯ ॥

যে কালে কুপিত পিত্ত স্বকীয় শিরা সেবাকরেণ। তৎকালে এই পিত্ত সম্বন্ধি বিবিধ প্রকার পিত্ত জনিত রোগ সকল জন্মে ॥ ১৯ ।

স্নেহ মঙ্গেষু সন্ধীনাং স্থৈর্য্যং বল মরোগতাং। করোত্য-
ন্যান গুণাং শ্চাপি বলাসঃ স্বাঃ শিরাশ্চরন্ ॥ ২০ ॥

যে কালে স্বশিরাতে কফ চরেণ তৎকালে অঙ্গেতে স্নেহ এবং সন্ধি সকলের স্থিরতা ও বল [ও অরোগভাবত্ব অর্থাৎ] শ্লৈষ্মিক রোগানুৎপত্তি। অন্য গুণ বল পুষ্ট্যাদি করেণ ॥ ২০ ॥

যদাতু কুপিতাঃ শ্লেষ্মা স্বাঃ শিরাঃ প্রতিপদ্যতে। তদাস্য বিবিধা রোগা জায়ন্তে শ্লেষ্ম সম্ভবাঃ ॥ ২১ ॥

যৎকালে কুপিত কফ আত্ম শিরাতে প্রতিকুল গমন করেন। তৎকালে এই কফের বিবিধ প্রকার রোগ শ্লেষ্ম সম্ভব জন্মে ॥ ২১ ॥

ধাতুনাং পূরণং বর্ণং স্পর্শজ্ঞান মসংশয়ং। স্বশিরানুপ্রচরদ্রক্তং কুর্য্যাচ্চান্যান গুণানপি ॥ ২২ ॥

যে কালে রক্ত স্বকীয় শিরাতে গমন করেন তৎ সময় ধাতুর পরিপূর্ণতা এবং বর্ণ এবং স্পর্শজ্ঞান এবং অন্য গুণ বল পুষ্ট্যাদি করেন ॥ ২২ ॥

যদাতু কুপিতং রক্তং সেবতে স্ববহাঃ শিরাঃ। তদাস্য বিবিধা রোগা জায়ন্তে রক্ত সম্ভবাঃ ॥ ২৩ ॥

যখন কুপিত রক্ত আত্মবহ শিরাতে সেবা করেন তখন এই রক্ত সম্বন্ধি নানা প্রকার ব্যাধি জন্মে রক্ত জনিত রোগ ॥ ২৩ ॥

তত্রারুণা বাতবহাঃ পূর্য্যন্তে বায়ুনাশিরাঃ। পিত্তদুষ্টাশ্চ নীলাশ্চসিতা গৌর্য্যঃ স্থিরাঃ কফাৎ ॥ ২৪ ॥

অসৃগ্বহাস্তুতারক্তাঃ স্যুশ্চ নাত্যুষ্ণশীতলাঃ ॥ ২৫ ॥

তাহাতে বাতবহ শিরা বায়ু কর্তৃক পূরণীয় হয়েন এবং অরুণ বর্ণ হয়েন। পিত্তদুষ্ট শিরা নীলবর্ণ হয়েন। কফদুষ্ট শিরা শুক্লবর্ণ এবং শুক্লভাব এবং স্থির হয়েন। রক্তবহ শিরা রক্তবর্ণ এবং অত্যুষ্ণ নহে অতি শীতল নহেন স্বাভাবিক ॥২৫ ॥

অথ স্নায়বঃ। তত্র স্নায়োঃ স্বরূপমাহ ॥ ২৬ ॥

অনন্তর স্নায়ু। তাহাতে স্নায়ুর স্বকীয় রূপ কহি ॥ ২৬ ॥

মেদসঃ স্নেহমাদায় শিরা স্নায়ুত্বমাপ্নুয়াৎ। শিরাণাং হি মৃদঃ পাকঃ স্নায়ুনাস্তু ততঃ খরঃ ॥ ২৭ ॥

মেদের স্নেহ গ্রহণ করিয়া শিরা স্নায়ু ভাতত্ব প্রাপ্ত হয়েন। শিরাদি-

গের মৃদু পাক স্নায়ুর খর পাক ॥ ২৭ ॥

স্নায়বো বন্ধনানিস্যু র্দেহমাং সাস্থিমেদসাং । সন্ধীনা মপি যঃ স্নায়ুঃ শিরাদ্য সুদৃঢ়ঃ স্মৃতঃ ॥ ২৮ ॥

দেহ মাংস অস্থি মেদের স্নায়ু বন্ধন হয়েন । এবং সন্ধি সকলের শিরা দ্বারা যে সুদৃঢ়ত্ব সেই স্নায়ু জানিহ ॥ ২৮ ॥

নৌর্যথা ফলকাস্তীর্ণা বন্ধনৈর্বহুভির্যুতা । নিযুক্তাগাধ সলিলে ভবেদ্ভার সহা ভূশং ॥ ২৯ ॥

যাদৃশ নৌকা ফলক ব্যাপ্তা অর্থাৎ কাষ্ঠের তক্তা বহু বন্ধনযুক্তা অগাধ জলে নিযুক্তা হইয়া অতিশয় ভারসহা হইয়াছে ॥ ২৯ ॥

এবমেব শরীরেস্মিন্ তাবন্তঃ সন্ধয়ঃ স্মৃতাঃ । স্নায়ুভির্বহুভির্বদ্ধা স্তেন ভার সহা নরাঃ ॥ ৩০ ॥

এবম্প্রকার এই শরীরের তাবৎ সন্ধি জানিহ । বহু স্নায়ু দ্বারা বদ্ধ হইয়া মনুষ্য শরীর ভার সহ হইয়াছেন ॥ ৩০ ॥

শতানি নবজায়ন্তে শরীরে স্নায়বো নৃণাং । তাসাং বিবরণং ব্রুমঃ শিষ্যাঃ শৃণুত যত্নতঃ ॥ ৩১ ॥

মনুষ্য দিগের শরীরে নবশত স্নায়ু জনিত হইয়াছে । তাহার বিবরণ বলি শিষ্য সকল যত্নেতে শ্রবণ কর এই বাক্য ধন্বন্তরি সুশ্রুত প্রভৃতি সাকল্য শিষ্যকে বলিতেছেন ॥ ৩১ ॥

শাখাসু ষট্ শতানিস্যুঃ কোষ্ঠে ত্রিংশচ্ছত দ্বয়ং । গ্রীবায়া ঊর্দ্ধ দেশেতু স্নায়ুনাং সপ্ততিঃ স্মৃতা ॥ ৩২ ॥

শাখাতে ষট শত স্নায়ু স্থিতি কোষ্ঠে অর্থাৎ শরীরাবয়বে দ্বিশত ত্রিংশৎ গ্রীবার ঊর্দ্ধদেশে সপ্ততি স্নায়ু ॥ ৩২ ॥

তত্র শাখাগতাঃপ্রাহ একৈকস্যাং পাদঙ্গুল্যাং ষট্ শতা স্ত্রিংশৎ তাবত্যএবতল কূর্চ্চেষু তাবত্যএব জংঘয়োঃ দশ

জানুনী চত্বারিংশদূরৌ দশবঙ্ক্ষণে এবং সার্দ্ধশত মেক-স্মিন্ সক্থিনি ভবন্তি এতেনৈবেতর সক্থি বাহূ চ ব্যাখ্যাতৌ ॥ ৩৪ ॥

তাহাতে শাখাগত স্নায়ু কহি। এক এক পাদের অঙ্গুলিতে ষট্ এবং প্রকারে ত্রিংশৎ এবং ত্রিংশৎ পাদতল কূর্চেতে এবং ত্রিংশৎ জংঘা দ্বয়েতে জানুতে দশ এবং চত্বারিংশৎ উরুদেশে এবং বঙ্ক্ষণেতে দশ এবং প্রকারে পঞ্চাশৎ শত এক সক্থিতে অপর সক্থিতে এই গণনা এবং বাহুদ্বয়ে জানিহ ॥ ৩৪ ॥

অথ কোষ্ঠগতাঃ প্রাহ। ষষ্টিঃ কট্যাং তাবৎ পার্শ্বয়োঃ অশীতিঃ পৃষ্ঠে ত্রিংশদুরসি ॥ ৩৫ ॥

কটি দেশে ষষ্টি এই গণনা পার্শ্বদ্বয়ে। অশীতি পৃষ্ঠদেশে। বক্ষস্থলে ত্রিংশৎ ॥ ৩৫ ॥

অথ গ্রীবোর্দ্ধ গতানাহ।

ষট্ ত্রিংশৎ গ্রীবায়াং চতুস্ত্রিংশন্মূর্দ্ধনি এবং স্নায়ূনাং নব শতানি ভবন্তি ॥ ৩৬ ॥

গ্রীবাতে ষট্ ত্রিংশৎ। মস্তকে চতুস্ত্রিংশৎ। এই স্নায়ুর নব শত হইল ॥ ৩৬ ॥

অথ ধমন্যঃ। ধমন্যো নাভিতো জাতা শ্চতুর্বিংশতি সঙ্খ্যয়া। দশোর্দ্ধগা দশাধোগাঃ শেষাস্তির্য্যক্করা স্মৃতাঃ ॥ ৩৭

অনন্তর ধমনী কথিত হইতেছে। ধমনী স্থূলনাড়ী নাভিতেই জাতা অর্থাৎ নাভি ভবা এবং স্থিতি নাভিতে চতুর্বিংশতি সংখ্যান্বিতা। তাহার দশ ধমনী উদ্ধ্ব গতা অধোগতা দশ তির্য্যগগতা চতুর ॥ ৩৭ ॥

তত্রোর্দ্ধগাঃ শব্দ স্পর্শ রূপ রস গন্ধ প্রশ্বাসোচ্ছ্বাস জৃম্ভিত ক্ষুৎ হসিত কথিত রুদিত গীতাদি বিশেষা নাভিবহ-

স্তাঃ শরীরং ধারয়ন্তি ॥ ৩৮ ॥

তাহাতে ঊর্দ্ধগা ধমনী শব্দ স্পর্শ রূপ রস গন্ধ প্রশ্বাস অর্থাৎ অন্তঃপ্রবিষ্ট বায়ু উচ্ছ্বাস ঊর্দ্ধগত বায়ু জৃম্ভ অর্থাৎ হাই ক্ষুধা হসন কথন রোদন গীতাদি বিশেষ সকলে বহন করেন এবং শরীর ধারণ করেন ॥ ৩৮ ॥

তাস্তু হৃদয়ং গতা ত্রিধা জায়ন্তে তাস্ত্রিংশৎ তাসাংমধ্যে
দ্বে দ্বে বাত পিত্ত কফ শোণিত রসান বহতস্তাদশ ॥ ৩৯ ।

ঊর্দ্ধগা দশ ধমনী হৃদয় গতা হইয়া ত্রিবিধ প্রকার হয়েন সেই ত্রিংশৎ । তাহার মধ্যে দ্বয় দ্বয় ধমনী বায়ু পিত্ত কফ রক্ত রস বহা হয়েন সেই দশ ॥ ৩৯ ॥

অষ্টাভিঃ শব্দ রূপ রস গন্ধান গৃহ্নাতি পুরুষঃ ॥ ৪০ ॥

সেই ত্রিংশৎ ধমনীর মধ্যে অষ্ট ধমনী দ্বারা শব্দ রূপ রস গন্ধ গ্রহণ করেন পুরুষ ॥ ৪০ ॥

দ্বাভ্যাং ভাষতে দ্বাভ্যাং ঘোষং করোতি দ্বাভ্যাং স্বপিতি
দ্বাভ্যাং জাগর্ত্তি দ্বে চাস্রু বাহিন্যৌ দ্বে স্তন্যং স্ত্রিয়া বহতঃ
এতাস্ত্রিংশৎ এতাভিরুদর পার্শ্ব পৃষ্ঠোরঃ স্কন্ধ গ্রীবা শি-
রো বাহবো ধার্য্যন্তে চাল্যন্তে চ ॥ ৪২ ॥

ধমনী দ্বয় দ্বারা কহেন দ্বয় দ্বারা বিশেষ শব্দ করেন দ্বয় দ্বারা নিদ্রা যান দ্বয় দ্বারা জাগরণ করেন অর্থাৎ প্রতিবোধ করেন ধমনী দ্বয় অস্রু বাহিনী অর্থাৎ নেত্রাম্বু ধমনী দ্বয় স্ত্রীলোকের স্তন্য বাহিনী এই ত্রিংশৎ এই সকল ধমনী দ্বারা উদর পার্শ্ব পৃষ্ঠ বক্ষস্থল স্কন্ধ গ্রীবা মস্তক বাহু ধার্য্য হয়েন এবং চাল্য হয়েন । অর্থাৎ এইসকল অঙ্গ নাড়ীই ধারণ করেন এবং চালন করেন ॥ ৪২ ॥

অধোগমাস্তবাতমূত্র পুরীষ শুক্রার্ত্তবাদীন্যধোবহন্তি তাস্তু
পিত্তাশয়গতাস্ত্রিধা জায়ন্তে ॥ ৪৩ ॥

অধোগা ধমনী বায়ু মূত্র বিষ্ঠা শুক্র আর্ত্তবাদি অধো বহন করেন। সেই ধমনী সকল পিত্তাশয় গতা হইয়া ত্রিধাত্রিধা হয়েন ॥ ৪৩।

তাস্ত্রিংশৎ তাসাং মধ্যে দ্বে দ্বে বাত পিত্ত কফ শোণিত রসান্ বহতস্তাদশ ॥ ৪৪ ॥

সেই ধমনী ত্রিংশৎ তাহার মধ্যে দ্বয় দ্বয় ধমনী বাত পিত্ত কফ রক্ত রস বহেন সেই দশ ॥ ৪৪ ॥

দ্বে অন্নবহে অন্নাশ্রিতে দ্বেতোয় বহে দ্বে বস্তিং গতে মূত্র বহে দ্বে শুক্রস্য প্রাদুর্ভাবায় দ্বে বিসর্গায় তে এব নারীণা মার্ত্তবং প্রাদুর্ভাবায় দ্বে বিসৃজতশ্চ দ্বে স্থূলান্ত্র প্রতিবদ্ধে পূরীষং প্রসৃজতঃ ॥ ৪৬ ॥

দ্বয় অন্নবহা, অন্নাশ্রিতা ধমনী দ্বয় জলবহা। বস্তিগতা ধমনী দ্বয় মূত্রবহা। শুক্রের প্রাদুর্ভাব নিমিত্ত ধমনীদ্বয়, শুক্রের যোগ নিমিত্ত দ্বয়। নারীদিগের আর্ত্তব প্রাদুর্ভাবার্থ দ্বয়। ত্যাগার্থ দ্বয়। স্থূলান্ত্রেতে প্রতিবন্ধ ধমনী দ্বয় বিষ্ঠা ত্যাগ করেন ॥ ৪৬ ॥

অষ্টাবন্যা স্তির্য্যগগানাং ধমনীনাং স্বেদ মর্পয়ন্তি। এতাশ্চত্রিংশৎ ॥ ৪৭ ॥

অন্য অষ্ট ধমনী তির্য্যগগত ধমনী সম্বন্ধে ঘর্ম্ম অর্পণকরেন। এই ধমনী ত্রিংশৎ ॥ ৪৭ ॥

এতাভিরধো নাভেঃ পক্কাশয় কটি মূত্র পূরীষ বস্তি গুদ মেঢ্র সক্থিনী ধার্য্যন্তে চাল্যন্তে চ ॥ ৪৮ ॥

নাভির অধো পক্কাশয় কটি মূত্র পূরীষ বস্তি গুহ্য লিঙ্গ সক্থি এই সকল ধার্য্য হয়েন এই সকল চাল্য হয়েন ॥ ৪৮ ॥

তির্য্যগগতানাস্তু চতসৃণা মেকৈকাসাং শতধা সহস্রধা চোত্তরোত্তরং বিভজ্যন্তে। তাস্ত সংখ্যেয়া স্তাভি রিদং শরীরং গবাক্ষিতং নিবদ্ধমানঞ্চ ॥ ৪৯ ॥

তির্য্যগ গত চতুর ধমনী দিগের একের একের শত প্রকার সহস্র প্রকার উত্তরোত্তর ভজনা করেন। সেই সকল অসংখ্যেয় তাহার দ্বারা এই শরীর গবাক্ষিত এবং নিবদ্ধমান। অর্থাৎ গবাক্ষাকার ছিদ্র কর যুক্ত শরীরের তদ্দ্বারা গবাক্ষ জালিরূপ ॥ ৪৯ ॥

তাসাং মুখানি লোমকূপানি যৈ র্মুখৈঃ স্বেদাঃ স্রবন্তিরসঞ্চা
ভি সন্তর্পয়ন্তি অন্তর্বহিশ্চ ॥ ৫০ ॥

তাহার দিগের মুখ সকল লোম লগ্ন যে মুখের দ্বারা ঘর্ম্ম স্রাব হয়। এবং যে সকল মুখ লোমকে সর্ব্বতভাবে সন্তর্পণ করেন, এবং শরীরের বাহ্য অভ্যন্তর তর্পণ করেন ॥ ৫০ ॥

তৈরেবাভ্যঙ্গপরিষেকাবগাহনা লেপন বীর্য্যাণি ত্বচি পক্বা
ন্যন্তঃ প্রকোয়ন্তি, তৈরেব স্পর্শ শুভাশুভং বা গৃহ্নাতি ॥ ৫১

সেই সকল ধমনী মুখ দ্বারা ত্বকেতে যে অভ্যঙ্গ অর্থাৎ তৈলাভ্যঙ্গাদি পরিষেক অর্থাৎ জলসেকাদি অবগাহন স্নানাদি আলেপন প্রলেপাদির বীর্য্য সকল পক্ক অন্তরে প্রবেশ করাণ। এবং সেই সকল ধমনী মুখ দ্বারা ত্বকেতে স্পর্শ শুভ অশুভ গ্রহণ করেণ পুরুষ ॥ ৫১

যথা স্বভাবতঃ খানি মৃণালেষু বিশেষুচ। ধমনীনাং তথা
খানি রসো যৈরভিতশ্চরেৎ ॥ ৫২ ॥

যেমন স্বভাবেতে পদ্ম মৃণালে আকাশ আছে তেমত ধমনী দিগের আকাশ আছে অর্থাৎ ছিদ্র পথ যে পথ দ্বারা সকল স্থানে রস গমন করেন ॥ ৫২ ॥

পঞ্চাভিভূতা স্বথ পঞ্চকৃত্বঃ পঞ্চেন্দ্রিয়ং পঞ্চসু ভাবয়ন্তি।
পঞ্চেন্দ্রিয়ং পঞ্চসু ভাবয়িত্বা পঞ্চত্বমায়ান্তি বিনাশকা
লে ॥ ৫৩ ॥

এই শ্লোকের এই অর্থ ধমনী সকল কি প্রকার পঞ্চাভিভূতা অর্থাৎ পঞ্চ মহাভূত হইতে সকল দিগে হইয়াছে। উভয়াত্মক মন হই

য়াছে যার সেই পঞ্চেন্দ্রিয় জীবাত্মাকে পঞ্চেন্দ্রিয়াধিষ্ঠানেতে কর্ণা দিতে পঞ্চবার প্রাপ্ত করান অর্থাৎ পঞ্চভূতাত্মিকা নাড়ী সকল পঞ্চেন্দ্রিয়াত্মক জীবাত্মাকে পঞ্চেন্দ্রিয়েতে কর্ণ ত্বক চক্ষুনাসা জিহ্বা তে ক্রমেতে পঞ্চবার প্রাপ্ত করান অথবা এক কালেই পঞ্চেন্দ্রিয় বৃত্তিতে প্রাপ্তি করান এবং পঞ্চেন্দ্রিয় শ্রোত্রাদি তাহারই উপলক্ষে পঞ্চ কর্ম্মেন্দ্রিয় হস্ত পাদাদি এই দ্বয়াত্মকমন ও পঞ্চতে শব্দা দিতে পঞ্চ বুদ্ধীন্দ্রিয় বিষয়েতে হস্ত পাদাদিতে ও তথা মন বিষয়ে প্রাপ্ত করিয়া সংযোজন করিয়া বিনাশকালেতে পঞ্চত্ব আকাশাদি ভাবত্ব প্রাপ্ত হয়েন অর্থাৎ আকাশে আকাশ জান জলে জল, অ-গ্নিতে অগ্নি, বায়ুতে বায়ু, পৃথিবীতে পৃথিবী, এই পঞ্চত্ব প্রাপ্তই মৃত্যু ॥ ৫৩ ॥

অথকণ্ডরাঃ। মহত্যঃ স্নায়বঃ প্রোক্তাঃ কণ্ডরাস্তাস্তু ষোড়শ
প্রসারণাকুঞ্চনয়ো র্দৃষ্টং তাসাং প্রয়োজনং ॥ ৫৪ ॥

অনন্তর কণ্ডরা কথিতা হইতেছে নাড়ী বিশেষ। মহৎ স্নায়ু সকল যে সেই কণ্ডরা সেই কণ্ডরা ষোড়শ। প্রসারণ আকুঞ্চনের তাহার দিগের দৃষ্ট প্রয়োজন ॥ ৫৪ ॥

চতস্রোহস্তয়োস্তাসাং তাবত্যঃ পাদয়োঃ স্মৃতাঃ। গ্রীবায়া
মপি তাবত্য স্তাবত্যঃ পৃষ্ঠ সংগতাঃ ॥ ৫৫ ॥

সেই কণ্ডরার মধ্যে চতুর হস্ত দ্বয়েতে। পাদ দ্বয়েতে চতুর। গ্রীবা তে চতুর। পৃষ্ঠেতে চতুর ॥ ৫৫ ॥

তত্র পাদ হস্ত গতানাং নখাঃ প্ররোহাঃ। গ্রীবা নিবন্ধনী
না মধোভাগ গতানাং প্ররোহো মেঢ়ঃ পৃষ্ঠ নিবদ্ধানাং
প্ররোহা নিতম্ব মূর্দ্ধ কক্ষ বক্ষণ পীড়াঃ ॥ ৫৬ ॥

তাহাতে হস্ত পাদ গত কণ্ডরার প্ররোহ নখ অর্থাৎ কণ্ডরাতেই নখ আরোহণ গ্রীবা নিবন্ধ হইয়া অধোগত কণ্ডরার প্ররোহ লিঙ্গ

পৃষ্ঠ নিবন্ধ কণ্ডরার প্ররোহ নিতম্ব উপর কক্ষ স্থান বঙ্ক্ষণ স্থান ইহার পীড়া ॥ ৫৬ ॥

অথ রন্ধ্রাণি । নেত্র শ্রবণ নাসানাং দ্বে দ্বে রন্ধ্রে প্রকীর্ত্তিতে । মুখ মেহন পায়ুনা মেকৈকং রন্ধ্র মুচ্যতে ॥ ৫৭ ॥

অনন্তর ছিদ্র সকল, নেত্র কর্ণ নাসা ইহার দুই দুই ছিদ্র । মুখ লিঙ্গ গুহ্য দ্বার ইহার এক এক ছিদ্র ॥ ৫৭ ॥

দশমং মস্তকে প্রোক্তং রন্ধ্রাণীতি নৃণাং বিদুঃ । স্ত্রীণামন্যানি চ ত্রীণি স্তনয়োঃ গর্ভবর্ত্মনি ॥ ৫৮ ॥

মস্তকে এক ছিদ্র অদৃশ্য ব্রহ্মরন্ধ্র এই দশ রন্ধ্র মনুষ্য সকলের জানিহ । স্ত্রীলোকের দিগের অন্য তিন ছিদ্র স্তন দ্বয়ে দুই গর্ভ পথে এক ॥ ৫৮ ॥

অথ স্রোতাংসি । মনঃ প্রাণান্নপানীয় দোষ ধাতূপধাতবঃ । ধাতূনাঞ্চ মলা মূত্রং মলমিত্যাদয় স্তনৌ ॥ ৫৯ ॥
সঞ্চরন্তি হি যৈ র্মার্গৈ স্তানি স্রোতাংসি সংজগুঃ । বহূনি তানি সংখ্যায়ৈ শক্যন্তে নৈব ভাষিতুং ॥ ৬০ ॥

অনন্তর স্রোতঃ স্বরূপ নাড়ী কথিতা হইতেছে । মন প্রাণ অন্ন জল দোষ ধাতু উপধাতু ধাতুরমলা মূত্র মল শরীরে যে পথ দ্বারা গমন করেন সেই পথ স্রোত সেইসকল স্রোত বহু সংখ্যাতে কহিতে শক্য হয় নাই ॥ ৬০ ॥

অথ জালানি ॥ নিরন্তরং রন্ধ্র নিকর কলিতানি সমূহিতানি চ জালানীব জালানি । জালানিতু শিরাস্নায়ুমাংসাস্থ্যা মুদ্ভবন্তিহি ॥ ৬১ ॥

অনন্তর জাল সকল । সর্ব্বদা ছিদ্র সমূহ প্রাপ্ত অনেক জালের ন্যায় জাল সকল জাল তাবৎ শিরা স্নায়ুমাংস অস্থির উদ্ভব জানিহ । ৬১

তানি চত্বারি সর্ব্বান্যেবতু যোড়শ তানি মণিবন্ধ গুল্ফ সং

শ্রিতানি পরস্পর নিবদ্ধানি পরস্পর সমাশ্লিষ্টানি পস্পর র গবাক্ষিতানি চেতিতৈয়ে র্গবাক্ষিত মিদং শরীরং অয়মর্থঃ ॥ ৬২ ॥

চতুর সেই জাল প্রত্যেক সাকল্যে যোড়শ সেই জাল মণিবন্ধ গুল্‌ফ স্থান আশ্রিত পরস্পর নিবন্ধ এবং পরস্পর সংযুক্ত এবং পরস্পর গবাক্ষিত। যে জালেতে করে এই শরীর গবাক্ষিত অর্থাৎ গবাক্ষ প্রাপ্ত জালের ন্যায় যেমত ॥ ৬২ ॥

একস্মিন্ মণিবন্ধে এবং জালং শিরায়া অপরং স্নায়ৌ তৃতীয়ং মাংসস্য চতুর্থ মস্থ্নঃ এবং চত্বারি জালানি এতে নেতরৌ মণিবন্ধৌ গুল্‌ফৌ ব্যাখ্যাতৌ। গবাক্ষিতং বিরচিত নিরন্তর জালাকার রন্ধ্রনিকর পরিকলিত মিত্যর্থঃ ॥ ৬৪

এক মণিবন্ধে এক জাল শিরার দ্বিতীয় জাল স্নায়ুতে তৃতীয় মাংসের চতুর্থ অস্থির এবং প্রকার চতুর জাল ইহাতে করে অপর মণিবন্ধ এবং গুল্‌ফদ্বয় ব্যাখ্যাত হইল। গবাক্ষিত বিশেষ রচিত নিয়ত জালের আকার ছিদ্র সমূহ পরিকল্পিত ॥ ৬৪ ॥

অথ কূর্চ্চাঃ। কূর্চ্চাঃ স্যু র্হস্তয়ো র্দ্বৌতু তাবন্তৌ পাদয়োরপি। গ্রীবায়া মেক একস্তু মেঢ্রেসর্ব্বেপি যট্ স্মৃতাঃ ॥ ৬৫

কূর্চ্চা অপি শিরা স্নায়ু মাংসাস্থি প্রভবাঃ স্মৃতাঃ ॥ ৬৬ ॥

অনন্তর কূর্চ সকল কূর্চ হয় হস্ত দ্বয়ে দুই পাদ দ্বয়ে দুই গ্রীবাতে এক লিঙ্গে এক সকলে যট ॥ ৬৫ ॥ কূর্চ শিরা স্নায়ু মাংস অস্থিতে হয়।

অথ রজ্জবঃ। পৃষ্ঠ বংশস্যোভয়ত্র মহত্যো মাংসরজ্জবঃ। চতস্রো মাংস পেশীনাং বন্ধনং তৎ প্রয়োজনং ॥ ৬৭।

অনন্তর রজ্জু কথিত হইতেছে। পৃষ্ঠবংশে উভয় পার্শ্বে মহতী মাংস রজ্জু অর্থাৎ বড় মাংসের দড়ি লম্বমান। মাংসপেশীর চতুর তাহার প্রয়োজন বন্ধন যাদৃশ বংশের স্তম্ভেতে রজ্জুর দ্বারা তৃণ নির্ম্মি

ত ভিত্তি বন্ধন থাকেন তদ্রূপ পৃষ্ঠ বংশ রূপস্তম্ভে মাংস রজ্জুদ্বারা সপ্ত ধাতু নির্ম্মিত দেহ বন্ধন থাকেন ।। ৬৭ ।।

অথ সেবন্যঃ । সেবন্যঃ সপ্ততাসাংতু ভবেৎ পুষ্পঞ্চ মস্তকে । একাশেফসি জিহ্বায়া মেকা বিধ্যেন্নতাঃ ক্বচিৎ ।। ৬৮

অনন্তর সেবনী সকল কথিত হইতেছে অর্থাৎ সেলাই । সেবনী সপ্ত তাহার মধ্যে পঞ্চ সেলাই মস্তকে । লিঙ্গে এক জিহ্বাতে এক এই সপ্ত সেলাই তাহাতে কদাচ বিদ্ধ করিবেক না ।। ৬৮ ।।

অথ সংঘাতঃ । চতুর্দ্দশাস্থ্নাং সংঘাতাঃ তেষাং ত্রয়ো গুল্ফ জানু বঙ্ক্ষণেষু এতেনেতর সক্থি বাহূ চ ব্যাখ্যাতৌ । ত্রিক শিরসোরেকঃ । অত্রতু ত্রিক পদেন বাহু গ্রীবাস্থি সংঘাত উচ্যতে ।। ৭০ ।।

অনন্তর সংঘাত অর্থাৎ মিলিত অনেক । অস্থির সংঘাত চতুর্দ্দশ তাহার মধ্যে ত্রয় অস্থি সংঘাত গুল্ফ এবং জানু এবং বঙ্ক্ষণ দেশেতে ইতর সক্থিতে ও ত্রয় । এবং বাহু দ্বয়ে মণিবন্ধ ও কূর্পর ও কক্ষদেশে । ত্রিক স্থানে এক মস্তকে এক । ত্রিক শব্দে পৃষ্ঠ বংশের অধঃ এবং বাহু মূল এবং গ্রীবা ।। ৭০ ।।

অথ সীমন্তাঃ । চতুর্দ্দশৈব সীমন্তাঃ কথিতা মুনিপুঙ্গবৈঃ । সংঘাতাঃ সীবিতায়ৈস্তু সীমন্তাস্তে প্রকীর্ত্তিতাঃ ।। ৭১ ।।

অথ সীমন্ত অর্থাৎ অস্থি দ্বারা সেলাই । সীমন্ত চতুর্দ্দশ মুনিশ্রেষ্ঠ কর্তৃক কথিত আছে । যে অস্থি দ্বারা সংঘাত অর্থাৎ বহু অস্থি মিলিত সীবিত হয় । অর্থাৎ সেলাই হয় সেই সীমন্ত নাম কথিত হয় ।। ৭১ ।।

অথ ত্বচঃ ।। ক্ষীরস্য পচ্যমানস্য যথা সন্তানিকা ভবেৎ । শুক্রস্য পচ্যমানস্য রজসশ্চ তথা ত্বচঃ ।। ৭২ ।।

অনন্তর ত্বক্ বর্ণিত হইতেছে । পচ্যমান দুগ্ধের যেমত সর হয় তাদৃ-শ পচ্যমান শুক্র শোণিতে সন্তানিক ত্বচ ॥ ৭২ ॥

পূর্ব্বাবভাসিনী তাসাং শিরাস্থানাচ সামতা ॥ ৭৩ ॥

সেই ত্বকের মধ্যে প্রথমাঅভাসিনী যে সেই শিরার স্থান ॥ ৭৩ ॥

অথ ভাসিনী । ভ্রাজকেন পিত্তেনাব ভাসনাৎ পরিণাহেন বিস্তারিতস্য ব্রীহের্বিংশতি ভাগেষ্বষ্টাদশ ভাগাঃ প্রমা-ণং তস্যাঃ ব্রীহিরত্রযবঃ সা সিধ্ম পদ্মকণ্টকয়োরধিষ্ঠানং । ৭৪

অবভাসিনীনাম ভ্রাজক পিত্ত কর্তৃক বর্ণ প্রকাশ করেন । প্রসারেতে বিস্তারিত যবের বিংশতি ভাগের অষ্টাদশ ভাগ প্রমাণ তাহার । সিধ্ম নাম ঙ্ষ্ঠ ও পদ্মকণ্টক নাম ক্ষুদ্র রোগের অধিষ্ঠান অর্থাৎ এই দুই রোগ প্রথম ত্বকেতেই হয় ॥ ৭৪ ॥

দ্বিতীয়া লোহিতা জ্ঞেয়া তিলকালক জন্মভূঃ । সাযব ষো-ড়শ প্রমাণা তিলকালক ন্যচ্ছব্যঙ্গানা মধিষ্ঠানং ॥ ৭৫ ॥

দ্বিতীয়া ত্বক লোহিতানামা সেই তিলকালক অর্থাৎ শরীরেরতিল এবং ন্যচ্ছ অর্থাৎ ছুলিব্যঙ্গ এই কয়েক ক্ষুদ্র রোগের অধিষ্ঠান যবের ষোড়শাংশ প্রমাণ ॥ ৭৫ ॥

তৃতীয়াতু ভবেৎ শ্বেতা স্থানং চর্ম্মদলস্যসা । সাযব দ্বাদশ ভাগ প্রমাণা চর্ম্মদলাজগল্লিকা মসকানামধিষ্ঠানং ॥ ৭৬ ॥

তৃতীয়া ত্বক শ্বেতানাম চর্ম্মদল নাম কুষ্ঠের স্থান । তাহার প্রমাণ যবের দ্বাদশ ভাগ চর্ম্মদল ও অজগল্লিকা ও মসক ক্ষুদ্র রোগের অধিষ্ঠান ॥ ৭৬ ॥

তাম্রা চতুর্থী বিজ্ঞেয়া কিলাশ শ্বিত্র ভূমিকা । যবাষ্টভাগা প্রমাণা ॥ ৭৭ ॥

চতুর্থী তাম্রা নাম কিলাশ এবং শ্বিত্র নাম কুষ্ঠের ভূমি যবের অষ্ট ভাগ প্রমাণ ॥ ৭৭ ॥

পঞ্চমী বেদনী নাম ব্রীহি পঞ্চভাগ প্রমাণা। ভগন্দর বিদ্রু-
ধি শোফাধিষ্ঠানা ॥ ৭৮ ॥

বেদনী নামা পঞ্চমী ত্বক যব পঞ্চম ভাগ প্রমাণ ভগন্দর রোগ ও বিদ্রুধি রোগ ও শোথের অধিষ্ঠান ॥ ৭৮ ॥

ষষ্ঠী রোহিণী নাম ব্রীহি প্রমাণা। গ্রন্থ্যপচ্যর্ব্বুদ শ্লীপদ গল-
গণ্ডাধিষ্ঠানং ॥ ৭৯ ॥

ষষ্ঠী ত্বক রোহিণী নাম যব প্রমাণা। গ্রন্থিরোগ অপচী রোগ শ্লীপদ রোগ গলগণ্ড গণ্ডমালা রোগের অধিষ্ঠান ॥ ৭৯ ॥

স্থূলাত্বক সপ্তমী খ্যাতা বিদ্রধ্যর্শঃ স্থিতিশ্চসা। সপ্তমী
মাংসধরানাম ব্রীহিদ্বয় প্রমাণা ॥ ৮০ ॥

সপ্তমী মাংসধরা নাম স্থূলত্বক বিদ্রুধি এবং অর্শো রোগের স্থান সেই যব দ্বয় প্রমাণ ॥ ৮০ ॥

অতএবোক্তং শার্ঙ্গধরেণ। স্থূলা ব্রীহি মাত্রয়েতি সপ্তাপি
ত্বচঃ সমুদিতা বিংশতি তম ভাগোনষড় যব প্রমাণা ॥ ৮১

অতএব শার্ঙ্গধর উক্ত করিয়াছেন। সপ্তাত্বক স্থূল ব্রীহিমাত্রেতে বিংশতি তম ভাগ উনষট যব প্রমাণ অর্থাৎ কিঞ্চিৎ ন্যূনষট যব প্রমাণ ॥ ৮১ ॥

ষড় যব প্রমাণস্তু অঙ্গুষ্ঠোদর তুল্যং যত উক্তং উদরেষ্ব
ঙ্গুষ্ঠোদর প্রমাণ মবগাঢ়ং বিধ্যেদিতি ॥ ৮২ ॥

ষড় যব প্রমাণ অঙ্গুষ্ঠের উদর তুল্য যে হেতুক উক্ত আছে উদরেতে অঙ্গুষ্ঠোদর প্রমাণে গাঢ় বিধ্য করিবেক ॥ ৮২ ॥

এতৎ প্রমাণং মাংসল স্থানেষু বোদ্ধব্যং ॥ ৮৩ ॥

এই প্রমাণ মাংসল স্থানেতে জানিহ ॥ ৮৩ ॥

নতু ললাট সূক্ষ্মাঙ্গুল্যাদিষু ॥ ৮৪ ॥

ললাট স্থানে সূক্ষ্ম অঙ্গুল্যাদিতে এতৎ প্রমাণ মাংস নাই ॥ ৮৪ ॥

অথ লোমানি লোমকূপাশ্চ । অস্থ্নো মলানি লোমানি অসংখ্যানি ভবন্তিহি । সন্তি যাবন্তি লোমানি তাবন্তো লোমকূপকাঃ ॥ ৮৫ ॥

লোমকূপ সকল অসংখ্যেয় অস্থির মল লোম অসংখ্যেয়হয় ॥ ৮৫

অঙ্গ প্রত্যঙ্গ নির্ব্বৃত্তিঃ স্বভাবাদেব জায়তে । সন্নিবেশশ্চ গাত্রাণাং নাত্রাস্তে কারণান্তরং নির্ব্বৃত্তিঃ সিদ্ধঃ স্বভাবাৎ ঈশ্বরাৎ সন্নিবেশো রচনাদি বিশেষঃ ॥ ৮৬ ॥

অঙ্গ প্রত্যঙ্গ নির্ব্বাহ স্বভাব হইতেই হয় । গাত্রের সংস্থিতি এ বিষয়ে কারণান্তর নাই নির্ব্বাহ সিদ্ধ স্বভাব হইতে সম্যক্ ঈশ্বরহইতে নিবিষ্ট রচনাদি বিশেষ হয় ॥ ৮৬ ॥

অঙ্গ প্রত্যঙ্গ নির্ব্বৃত্তৌ যে ভবন্ত্য গুণাগুণাঃ । তে তে গর্ভস্য বিজ্ঞেয়া ধর্ম্মাধর্ম্ম নিমিত্তজাঃ ॥ ৮৭ ॥

অঙ্গ এবং প্রত্যঙ্গ অর্থাৎ অবয়ব এবং প্রত্যবয়ব যথা মস্তক অঙ্গ তৎ প্রত্যঙ্গ নাসা চক্ষু কর্ণাদি এবং প্রকার অঙ্গ প্রত্যঙ্গ সম্পান্ন বিষয়ে যে যে গুণ অগুণ হয় সেই সেই গুণাগুণ গর্ভের জানিহ সেটা ধর্ম্মাধর্ম্ম নিমিত্তই জন্মে ॥ ৮৭ ॥

দন্তানাং পতনং জন্ম পুনঃ পাতেত্ব সম্ভবঃ । তলেষ্বনুদ্ভবো লোম্না মেতৎ সর্ব্বং স্বভাবতঃ ॥ ৮৮ ॥

দন্ত সকলের পতন হইয়া জন্মে পুনঃ পতনে অসম্ভব । এবং হস্ত তলে পদতলে লোমের অসম্ভব এইসকল স্বভাবতই কারণাভাব ॥

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে শিরা ধমনী নির্ণয় নাম সপ্তমোল্লাসঃ ।

॥ ✻ ॥ ইতি সপ্তমোল্লাসঃ ॥ ✻ ॥

গর্ভে মাসি মাসি যদ্ভবতি তদাহ। গর্ভাশয়ে নিপতিতং যা
দৃক শুক্রং তথার্ত্তবং তাদৃগেব দ্রবীভূতং প্রথমে মাসি তি
ষ্ঠতি ॥ ১ ॥

গর্ভেতে মাসে মাসে যেটি হয় তৎ কথিত হইতেছে। গর্ভস্থানে পতিত শুক্র যাদৃশ তাদৃশ শোণিত পতিত হয়। তাদৃশ ভাব প্রথম মাসেতে একত্র দ্রবীভূত থাকেন ॥ ১ ॥

মরুৎ পিত্ত কফৈ স্তৎস্থৈঃ পচ্যমানে দ্বিতীয়কে। কললস্থো
মহাভূত সমুদায়ো ঘনো ভবেৎ ॥ ২ ॥

দ্বিতীয় মাসে তৎস্থিত বায়ু পিত্ত কফ কর্তৃক পচ্যমান হইলে কললস্থ অর্থাৎ শুক্র শোণিত আবর্ত্তিত হয় এবং ঘন হয় তৎস্থ মহাভূত সকল হয় ॥ ২ ॥

অত্র মরুৎ পিত্তকফানামপি পাক হেতুত্বং তেষা মপ্যুষ্মা-
ণ'ধিকরণত্বাৎ ॥ ৩ ॥

বায়ু পিত্ত কফের পাক হেতু তাহার দিগের উষ্মাকরণক অথবা তাহাতে বায়ু পিত্ত কফের স্থিতি হেতুক ॥ ৩ ॥

যত্তুউক্তং চরকে। ভৌমাপ্যাগ্নেয় বায়ব্যাঃ পঞ্চোষ্মাণঃ সনা
ভসা ইতি ॥ ৪ ॥

যেহেতু উক্ত আছে চরকে। ভৌম আপ্য আগ্নেয় বায়ব্য নাভসএই পঞ্চোষ্মা। পাঞ্চভৌতিকত্ব তাবদ্দ্রব্য মাত্রেই ভূত আধিক্য দ্রব্য বিশেষে এবং ভৌতিকাগ্নি পঞ্চ মহাভূতের প্রত্যেক উষ্মা রূপঅগ্নি আছে অতএব শুক্র শোণিতাধারে পঞ্চ মহাভূত আছে সেই ভৌতিকাগ্নি দ্বারা শুক্র শোণিত পচ্যমান হইয়া কলল হয় যেমত গুড় দুগ্ধ আবর্ত্তন্ন অগ্নিতে হয় এবং বায়ু পিত্ত কফ ও পাঞ্চভৌতিক অতঃ কারণ তাহার দিগের উষ্মাকরণক এবং তদধি করণ হইতে পাক হেতু ভাব ॥ ৪ ॥

তৃতীয়ে মাসি শিরসা হস্তয়োঃ পাদয়ো স্তথা। পিণ্ডাকার শ্চ সিধ্যন্তি সূক্ষ্মা অবয়ব স্তনৌ ॥ ৫ ॥

তৃতীয় মাসে মস্তকের সহিত হস্ত পাদের পিণ্ডাকার হয় শরীরেতে সূক্ষ্ম অবয়ব হয় ॥ ৫ ॥

ততস্ত সর্ব্বাণ্যঙ্গানি চতুর্থেস্যুঃ স্ফুটানিহি। হৃদয় ব্যক্তি ভাবেন ব্যজ্যতে চেতনাপি চ ॥ ৬ ॥

অনন্তর সকল অঙ্গ চতুর্থ মাসে ব্যক্ত হয় হৃদয় প্রকাশ ভাবেতেকরে চেতনা প্রাপ্ত হয় ॥ ৬ ॥

তস্মাচ্চতুর্থে গর্ভস্ত নানা বস্তুনি বাঞ্ছতি। তত্র দ্বিহৃদয়া যা-স্যান্নারী দৌহৃদিনী মতা ॥ ৭ ॥

সেই হেতুক চতুর্থ মাসে গর্ভ নানা বস্তু বাঞ্ছা করে। তাহাতে দ্বি হৃদ য়া নারী যে হয় সেই স্ত্রী দৌহৃদিনী মতা হইল ॥ ৭ ॥

দৌহৃদাবজ্ঞয়া কুব্জং কুণিং খণ্ডঞ্চ বামনং। বিকৃতাক্ষমনক্ষং বা পুত্রং নারী প্রসূয়তে ॥ ৮ ॥

দৌহৃদানারী অবজ্ঞা করণক বাঞ্ছনীয় বস্তু গ্রহণ না করেন তা-হাতে সংকোচিতাঙ্গ কুণি অর্থাৎ কনুই ভঙ্গ খণ্ড অর্থাৎ নপুংসক বামন বিকৃতচক্ষু অথবা চক্ষু হীন পুত্রকে নারী প্রসব হয়েন ॥ ৯ ॥

যতঃ স্ত্রী দৌহৃদঃ প্রাপ্য বীর্য্যবন্তং চিরায়ুষং। পুত্রং প্রসূয়-তে তস্মাৎ তস্যৈ বাঞ্ছিত মর্পয়েৎ ॥ ১০ ॥

যে হেত্তক নারীদৌহৃদ পাইয়া বীর্য্যবান চিরায়ু পুত্রকে প্রসবহয়েন সেই হেত্তক সেই নারীকে বাঞ্ছিত দ্রব্য সমর্পণ করিবেক ॥ ১০ ॥

ইন্দ্রিয়ার্থান সাবন্যান্ ভোক্তুমিচ্ছতি গর্ভিণী। গর্ভবাধা ভয়াত্তাং স্তান্ভিষ গাহৃত্যদাপয়েৎ ॥ ১১ ॥

সেই গর্ভিণী ইন্দ্রিয়ার্থ সকল এবং অন্য সকল ভোজন করিতে ইচ্ছা করেন গর্ভবাধা ভয়েতে সেই সেই বাঞ্ছনীয় দ্রব্য আহরণকরি

য়া বৈদ্য প্রদান করিবেন ভোজন নিমিত্তে বাঞ্ছা এবং উপভোগার্থ বাঞ্ছা যাহা হয় তৎ প্রদান করিবেন ॥ ১১ ॥

সা প্রাপ্তদৌহৃদা পুত্রং জনয়েত গুণান্বিতং। অলব্ধ দৌহৃদা গর্ব্ভেলভত্বাত্মনিবা ভয়ং ॥ ১২ ॥

বাঞ্ছনীয় দ্রব্য ভোক্ত্রী নারী গুণান্বিত পুত্রকে জন্মান অপ্রাপ্ত বাঞ্ছনীয় দ্রব্য নারীর গর্ব্ভে এবং আত্মাতে ভয় হয় ॥ ১২ ॥

যেষুয়েষ্বিন্দ্রিয়ার্থেষু দৌহৃদেসাবমানিতা। প্রসূয়তে সতং সার্ত্তিতস্মিং স্তস্মিন্ তদিন্দ্রিয়ে ॥ ১৩ ॥

যে যে ইন্দ্রিয় প্রয়োজনে বাঞ্ছনীয় অবজ্ঞা করেন। সেই সেই ইন্দ্রিয়ের ব্যথান্বিত সন্তান প্রসব হয়েন ॥ ১৩ ॥

দৌহৃদবিশেষ মাহ। রাজ সন্দর্শনে যস্যা দৌহৃদং জায়তে স্ত্রিয়ঃ। অর্থবন্তং মহাভাগং কুমারং সা প্রসূয়তে ॥ ১৪ ॥

দৌহৃদ বিশেষ কহিতেছি। যে স্ত্রীর রাজসন্দর্শনে ইচ্ছা হয় তিনি অর্থযুক্ত মহাভাগ্যবান কুমার প্রসব হয়েন ॥ ১৪ ॥

দুকূল পট্টকৌসেয় ভূষণাদিষু দৌহৃদং। অলঙ্কারৈষিণং পুত্রং ললিতং সা প্রসূয়তে ॥ ১৫ ॥

পট্টবস্ত্র অর্থাৎ পসমিবস্ত্র এবং অলঙ্কারাদি ইচ্ছা হয় যার তিনি অলঙ্কারৈচ্ছুক সুললিত সন্তান প্রসব হয়েন ॥ ১৫ ॥

আশ্রমে সংযতাত্মানং ধর্ম্মশীলং প্রসূয়তে। দেবতা প্রতি মায়াস্তু প্রসূতে পার্যদোপমং ॥ ১৬ ॥

আশ্রমেতে তপস্বীর আশ্রমে সংযত আত্মা যে স্ত্রীর হয় সেই স্ত্রী ধর্ম্মশীল পুত্র প্রসব হয়েন। দেবতা প্রতিমাতে যাহার ইচ্ছা হয় তিনি স্ববের তুল্য পুত্র প্রসবেন ॥ ১৬ ॥

দর্শনে ব্যাল জাতীনাং হিংসাশীলং প্রসূয়তে। রক্তাক্ষং লোমশং শূরং মহিষামিষ দৌহৃদাৎ ॥ ১৭ ॥

সর্পাদি জাতির দর্শনেচ্ছাতে হিংসাশীল প্রসবেন । রক্তলোচন লোমযুক্ত শূর প্রসবেন মহিষ মাংস ইচ্ছাতে ॥ ১৭ ॥

বরাহমাংসে স্ব প্রাপ্তুং শূরঞ্চ জনয়েৎ সুতং । মৃগমাংসে-
তু জংঘালং বিক্রান্তং বনচারিণং ॥ ১৮ ॥

শূকর বিশেষ মাংসে ইচ্ছাতে শূর পুত্র প্রসবেন । মৃগমাংসে ইচ্ছাতে প্রশস্ত জংঘা বিশিষ্ট বিক্রান্ত অর্থাৎ বিক্রমযুক্ত এবং বনচারি পুত্র প্রসবেন ॥ ১৮ ॥

অতোঽনুক্তেষু যা নারী দৌহৃদং বিদধাতিহি । শরীরাচার
শীলৈঃ সা সমানং জনয়িষ্যতি ॥ ১৯ ॥

ইহা হইতে অনুক্তেতে যে স্ত্রী ইচ্ছা বিধান করেন । তত্তচ্ছরীর এবং আচার ও শীলের তুল্য পুত্র প্রসব হয়েন ॥ ১৯ ॥

পঞ্চমে মানসং ষষ্ঠে বুদ্ধিশ্চাতি প্রবুধ্যতে । সর্ব্বাণ্যঙ্গান্যু-
পাঙ্গানি ভৃশং ব্যক্তানি সপ্তমে ॥ ২০ ॥

পঞ্চমমাসে মানস হয় ষষ্ঠেতে বুদ্ধি অতিবোধগম্য হয় এবং সকল অঙ্গের উপাঙ্গ অতিশয় ব্যক্ত সপ্তম মাসেতে হয় ॥ ২০ ॥

ওজোঽষ্টমে সঞ্চরতি মাতা পুত্রৌ মুহুঃ ক্রমাৎ । তৌ গ্লা-
নি মোহিতৌ তেনস্যাতাং জাতৌ ন জীবতি ॥ ২১ ॥

অষ্টম মাসে ওজ ধাতু সঞ্চার হয় তাহাতে করে মাতা আর পুত্র বারম্বার গ্লানি ও মোহ প্রাপ্ত হয়েন তৎকালে গর্ভনিঃসৃত হইলে উভয়ের মৃত্যু হয় ॥ ২১ ॥

ন জীবত্যষ্টমে জাত স্তত্রোজো ন স্থিরং যতঃ । তথানৈঋ-
তি ভাগত্বা দ্দাপয়েৎ তদ্বলিং ততঃ ॥ ২২ ॥

অষ্টম মাসে জন্ম হইলে জীব নষ্ট হয়েন যে হেতুক ওজধাতু স্থির হয়েন না । এবং রাক্ষস ভাগহেতুক নৈঋত বলি প্রদান করিবেক ॥ ২২ ॥

যত উক্তং কুমার তন্ত্রে । অষ্টমেমাসি নৈর্ঋত্যাং মাসৌদন বলিং দাপয়েদিতি ॥ ২৪ ॥

যে হেতুক কুমার তন্ত্রে উক্ত আছে অষ্টম মাসে মাসান্ন বলি প্রদান করিবে ॥ ২৪ ॥

নবমে দশমে মাসি নারী বালং প্রসূয়তে । একাদশে দ্বাদশে বা ততোন্যত্র বিকারতঃ ॥ ২৫ ॥

নবম মাসে এবং দশম মাসে নারী বালক প্রসব হয়েন একাদশ মাসে অথবা দ্বাদশ মাসে ও প্রসব হয়েন ইহার অন্য কালে বিকার নিমিত্ত হয় ॥ ২৫ ॥

গর্ভে যদঙ্গং প্রথমং ভবতি তদাহ । শিরো ভবতি চাঙ্গস্য পূর্ব্বমিত্যাহ সৌনকঃ। শিরস্যেবোপ জায়ন্তে প্রধানানীন্দ্রিয়াণি যৎ ॥ ২৬ ॥

গর্ভে যে অঙ্গ প্রথম হয় তৎ কথিত হইতেছে । প্রথম অঙ্গের মস্তক হয় এই কহেন সৌনক নাম্না মুনি । যে হেতুক প্রধান ইন্দ্রিয় সকল মস্তকে জন্মে ॥ ২৬ ॥

হৃদয়ং জায়তে পূর্ব্বং কৃতবীর্য্যো বদন্মুনিঃ । বুদ্ধেশ্চ মনসশ্চাপি যতস্তৎ স্থানমীরিতং ॥ ২৭ ॥

কৃতবীর্য্য মুনি বলেন প্রথম হৃদয় জন্মে যে হেতুক বুদ্ধির এবং মনের সেই স্থান প্রাপ্ত হইয়াছে ॥ ২৭ ॥

পারাশর্য্য ইতি প্রাহ পূর্ব্বং নাভিসমুদ্ভবঃ । প্রাণো যত্র স্থিতো দেহে বর্দ্ধয়ত্যাত্ম সংযুক্তঃ ॥ ২৮ ॥

পরাশরের সন্তান ব্যাস কহেন প্রথম নাভি উদ্ভব হয় যে নাভিতে প্রাণ স্থিতি করেন উহ্যা সংযুক্ত হইয়া দেহ বর্দ্ধন করেন ॥ ২৮ ॥

পাণি পাদং ভবেৎ পূর্ব্বং মার্কণ্ডেয় মুনের্মতং । দেহিনঃ

সকলাঃ শ্রেষ্ঠাঃ পাণি পাদাশ্রয়া যতঃ ॥ ২৯ ॥

মার্কণ্ডেয় মুনির মত হস্ত পাদ প্রথম হয় যে হেতুক দেহির সকল শ্রেষ্ঠ পাণি পাদের আশ্রয় ॥ ২৯ ॥

প্রথমং জায়তে কোষ্ঠং ততঃ সর্ব্বাঙ্গ সম্ভবঃ । এতত্তু কথয়া মাস গৌতমো মুনি পুঙ্গবঃ ॥ ৩০ ॥

প্রথম কোষ্ঠ স্থান জন্মে তাহা হইতে সকল অঙ্গ হয় এই গৌতম মুনি কহেন ॥ ৩০ ॥

সর্ব্বাণ্যঙ্গান্যুপাঙ্গানি যুগপৎসম্ভবন্তিহি । সুক্ষ্মত্বান্নোপলভ্যন্তে মতং ধন্বন্তরেরিদং ॥ ৩১ ॥

সকল অঙ্গ প্রত্যঙ্গ এক কালেই সম্ভব হয় ধন্বন্তরির এই মত সুক্ষ্ম প্রযুক্ত উপলব্ধি হয় না ॥ ৩১ ॥

আম্রস্যানুভবন্তি যুগপন্মাংসাস্থি মজ্জাদয়ো লক্ষ্যন্তে ন পৃথক্ পৃথক্ তনুতয়াদৃষ্টা স্তএব স্ফুটাঃ । এবং গর্ভসমুদ্ভবে অবয়বাঃসর্ব্বে ভবন্ত্যেকদা লক্ষ্যঃসুক্ষ্মতয়া নতে প্রকট তামা যান্তি বৃদ্ধিং গতাঃ ॥ ৩২ ॥

আম্রফলের একদা মাংস অস্থি মজ্জাদি হয় সুক্ষ্ম প্রযুক্ত পৃথক্ পৃথক্ লক্ষ্য হয় না সেই সকল দৃষ্ট হইলে ব্যক্ত হয় । এবম্প্রকার গর্ভ সমুৎপত্তিতে সকল অবয়ব একদাই হয় সুক্ষ্মতা প্রযুক্ত লক্ষ্য হয় না যখন বৃদ্ধি প্রাপ্ত হয় তখন প্রকাশ প্রাপ্ত হয়েন ॥ ৩২ ॥

অথ শরীরে মাতৃ পিতৃজ রসজসাত্মজা ভাগা উচ্যন্তে । তত্র কেশাঃ শ্মশ্রুচ লোমানি নখা দন্তাঃ শিরাস্তথা । ধমন্যঃ স্নায়বঃ শুক্র মেতানি পিতৃজানিহি ॥ ৩৩ ॥

অনন্তর শরীরেতে মাতৃ পিতৃ জনিত এবং রসজনিত সাত্মজনিত ভাগ কথ্য হইতেছে । তাহাতে কেশ শ্মশ্রু লোম সকল নখ দন্ত শিরা ধমনী স্নায়ু এবং শুক্র এই সকল পিতৃজনিত ॥ ৩৩ ॥

মাংসাসৃঙ্মজ্জ মেদাংসি যকৃৎ প্লীহান্ত্র নাভয়ঃ। হৃদয়ঞ্চ গুদঞ্চাপি ভবন্ত্যেতানি মাতৃতঃ ॥ ৩৪ ॥

মাতৃ হইতে এই সকল হয় মাংস শোণিত মজ্জা মেদ যকৃৎ প্লীহা অন্ত্র নাভি হৃদয় গুহ্যদ্বার ॥ ৩৪ ॥

শরীরো পচযো বর্ণো বলং দেহ স্থিতি স্তথা। রসাদে তানি জায়ন্তে ভিষজো মুনয়ো জগুঃ ॥ ৩৫ ॥

শরীর স্থৌল্য বর্ণ বল শরীর স্থিতি এই সকল রস হইতে হয় বৈদ্য সকল মুনি সকল কহেন ॥ ৩৫ ॥

জ্ঞানং বিজ্ঞান মাযুশ্চ সুখ দুঃখাদিকং তথা। ইন্দ্রিয়াণীব সর্ব্বাণি ভবন্ত্যেতানি চাত্মনঃ ॥ ৩৬ ॥

দুঃখাদিক মিত্যাদি শব্দে নানা যোনি জন্মাদিক মুচ্যতে। আত্মান আত্ম সন্নিকর্ষাৎ নত্বাত্মনো জায়ন্তে আত্মনো নির্ব্বিকারাৎ প্রকৃতি ভাব নুপপত্তেঃ ॥ ৩৭ ॥

জ্ঞান ও বিজ্ঞান অর্থাৎ মোক্ষ বিষয় জ্ঞান শিল্পশাস্ত্রাদি জ্ঞান এবং আয়ু সুখ দুঃখাদি আদি শব্দেতে নানা যোনি জন্ম দুঃখাদি এবং সকল ইন্দ্রিয় এই সকল আত্মা হইতে হয়। আত্মার নহে আত্মা নিকট হইতেই হয়। আত্মার বিকার অভাব হেতুক প্রকৃতি ভাবের অনুপপত্তি হেতুক ॥ ৩৭ ॥

গর্ভস্য কিং বিশিষ্টোপকারং তদাহ।

অগ্নি সোমৌ মহী বায়ু র্নভঃ সত্বং রজ স্তমঃ। পঞ্চেন্দ্রিয়াণি ভূতাত্মা গর্ভং সংজীবয়ন্তিহি ॥ ৩৮ ॥

অগ্নি সোম পৃথিবী বায়ু আকাশ সত্ব রজ তম পঞ্চেন্দ্রিয় ভূতাত্মা এই সকল গর্ভকে সম্যক্‌রূপে জীবনে রাখেন ॥ ৩৮ ॥

অগ্নিরত্র পাবক ভ্রাজক আলোচক রঞ্জক সাধকানাং তথা। পাঞ্চভৌতিকানাং তথা সপ্ত ধাতু গতানা মগ্নীনাং শক্তি

রূপতয়াঽবস্থিতো বাচোঽধিদেবত্বং প্রাপ্তো বোদ্ধব্যঃ ।৩৯

অগ্নি এস্থানে পাবক ভ্রাজক আলোচক রঞ্জক সাধক এই পঞ্চাত্ম কের পিত্তের গ্রহণ এবং পাঞ্চ ভৌতিকত্ব । যদি এবংপ্রকার হইল অধাতুগত অগ্নির শক্তি রূপেতে অবস্থিত বাক্যের অধিদেবত্ব প্রাপ্ত জানিহ ॥ ৩৯ ॥

সচ পাকাদি কর্ম্মণা জীবয়তি ॥ ৪০ ॥

সেই অগ্নি পাকাদি কর্ম্ম দ্বারা জীবিত করেন ॥ ৪০ ॥

সোমশ্চ পঞ্চাত্মক শ্লেষ্মা রস শুক্রাদীনাং তোয়াত্মকানাং ভাবানাং রসনেন্দ্রিয়াত্মক রূপতয়াঽবস্থিতো মনসশ্চাধি দেবত্বং প্রাপ্তো বোদ্ধব্যঃ ॥ ৪১ ॥

সোম এস্থান পঞ্চাত্মক শ্লেষ্মা রস শুক্রাদি তোয়াত্মক ভাবের রসনে ন্দ্রিয়াত্মক রূপেতে অবস্থান এবং মনের অধিদেবত্ব প্রাপ্ত জানিহ ॥ ৪১ ॥

সচ সৌম্যধাতো রোজঃ প্রভৃতেঃ পোষণেন পবন পাচক সংশুষ্ক ভাগস্যার্দ্রতা বিধানেন জীবয়তীতি শেষঃ ॥ ৪২ ॥

সেই সোম সৌম্য ধাতু ওজ প্রভৃতির পোষণ করণক বায়ু এবং পাচকাগ্নিতে শুষ্ক ভাগের আর্দ্রত্ব বিধানেতে জীবিত করেন । ৪২

মহী চ জলেন ক্লিন্নস্যাপি কাঠিন বিধানেন ॥ ৪৩ ॥

পৃথিবী জলেতে আর্দ্র ভাগের কাঠিনত্ব বিধান করণক জীবিত করেন ॥ ৪৩ ॥

বায়ুর্দোষ ধাতু মলাঙ্গোপাঙ্গাদীনাং সঞ্চারণে নোচ্ছ্বাস নিশ্বাসাভ্যাঞ্চ ॥ ৪৪ ॥

বায়ু দোষ ধাতু মল অঙ্গ প্রাঙ্গাদির গমন করণক উৎশ্বাস নিশ্বাশ দ্বারা জীবিত করেন ॥ ৪৪ ॥

নভোঽনিলানল বিদালিত স্রোতসাং ঊর্দ্ধাধস্তির্য্যগবকাস

দানেন ।। ৪৫ ।।

আকাশ বায়ু এবং অগ্নি কর্তৃক দলিত স্রোতের ঊর্দ্ধ অধ বক্রের অবকাশ প্রদান দ্বারা জীবিত করেন ।। ৪৫ ।।

সত্বং রজ স্তম ইতি মনোরূপতয়া পরিণতং জীবাত্মনঃ শরীরান্তর গ্রহণ যোক্ষণ হেতুরিতি তদপি জীবয়তি । ৪৬ ।

সত্ব রজ স্তম এই মনোরূপেতে জীবাত্মার পরিপাক শরীরান্তর গ্রহণ যোগ হেতু তিনি গ্রহণ করেন ।। ৪৬ ।।

পঞ্চেন্দ্রিয়াণি শ্রোত্রঞ্চ নেত্র জিহ্বা ঘ্রাণানি শব্দাদি গ্রহণ কর্ম্মণা ।। ৪৭ ।।

পঞ্চেন্দ্রিয় কর্ণ ত্বক্ নেত্র জিহ্ব নাসা এই সকল শব্দাদি গ্রহণ কর্ম্ম দ্বারা ।। ৪৭ ।।

ভূতাত্মা কর্ম্মপুরুষঃ । স চ শেষস্যৈব শেষরাশে শৈচতন্য হেতুরিতি জীবয়তি ।। ৪৮ ।।

ভূতাত্মা কর্ম্ম পুরুষ । সেই কর্ম্ম পুরুষ শেষ সমূহের চৈতন্য কারণ জীবিত করেন ।। ৪৮ ।।

অপরং গর্ভস্য জীবনোপায় মাহ ।

গর্ভস্য নাভিনাড়ীতু নাড়ীরস বহাস্মৃতা । সংলগ্না তেন গর্ভস্য বৃদ্ধির্ভবতি নিত্যশঃ ।। ৪৯ ।।

গর্ভের অপর জীবনের উপায় কহি । গর্ভের নাভিনাড়ী রসবাহিনী রসবহন করেন মাতৃরসবহা নাড়ীতে সংলগ্না থাকে তদ্দ্বারা গর্ভের বৃদ্ধি নিত্যই হয় ।। ৪৯ ।।

নিশ্বাসোচ্ছ্বাস সংক্ষোভ স্বপ্নসংভবান্ । মাতা নিশ্বাসাদি কাযাশ্চেষ্টাঃ করোতি । তা গর্ভোঽপি করোতীত্যর্থঃ । ৫০ ।

গর্ভস্থ বালক মাতার নিশ্বাস প্রশ্বাস সঞ্চালন নিদ্রা ইত্যাদি কায়ে চেষ্টা যাবৎ তাবৎ করেন ।। ৫০ ।।

গর্ব্ববৃদ্ধেরুপায় মাহ। গর্ব্বস্য নাভি মধ্যেতু জ্যোতিঃস্থানং ধ্রুবং স্মৃতং। তদাধমতি বাতশ্চ দেহোষ্মণাস্যবর্দ্ধতে ॥ ৫১ ॥

গর্ব্ববৃদ্ধির উপায় কথিত হইতেছে। গর্ব্বের নাভি মধ্যে তেজস্থান সেই স্থানে বায়ু ধমন করেন অর্থাৎ যেমত ভস্ত্রা দ্বারা তাওয়া যায়। দেহের উষ্মাদ্বারা গর্ব্বের বৃদ্ধি হয় ॥ ৫১ ॥

উষ্মণা সহিতশ্চাপি দারয়ত্যস্য মারুতঃ। ঊর্দ্ধ তির্য্যগধস্তাচ্চ স্রোতাংসি চ যথা তথা ॥ ৫২ ॥

উষ্মার সহিত বায়ু এই গর্ব্বের বিস্তার করেন দেহি বৃদ্ধি হয়েন। ঊর্দ্ধ অধঃ তীর্য্যক স্রোত সকল বিস্তার যেমন করেন তেমত বৃদ্ধি প্রাপ্ত হয়েন ॥ ৫২ ॥

দৃষ্টি রোমকূপানামবৃদ্ধি মাহ। দৃষ্টিশ্চ রোমকূপাশ্চ ন বর্দ্ধন্তে কদাচন। ধ্রুবাণ্যে তানিমর্ত্যানামিতি ধন্বন্তরের্মতং ॥ ॥ ৫৩ ॥

দৃষ্টি এবং লোমকূপ সকল কদাচ বৃদ্ধি হয় না ধন্বন্তরির মত। ৫৩

নখ কেশানাংতদাবৃদ্ধিমাহ। শরীরেক্ষীয়মানেপি বর্দ্ধেতে দ্বাবিমৌসদা। প্রভাবং প্রকৃতিং কৃত্বা নখ কেশাবিতি স্থিতিঃ ॥ ৫৪ ॥

ক্ষীয়মান শরীর হইলে ও নখ এবং কেশ এই দ্বয়ের বৃদ্ধি হয়। স্বভাব প্রকৃতি করিয়া অর্থাৎ কারণ স্থিতি মর্য্যাদা প্রযুক্ত নখ কেশ স্থিতি হয় ॥ ৫৪ ॥

অচেতান্যঙ্গান্যাহ। চেতনা নামধিষ্ঠানং মনো দেহশ্চ সেন্দ্রিয়ঃ। কেশ রোম নখাগ্রান্তর্ম্মল দ্রব্যগুণৈর্বিনা ॥ ৫৫ ॥

ইন্দ্রিয় বিশিষ্ট মন এবং দেহ চেতন সকলের অধিষ্ঠান হইয়াছেন কেশ লোমনখাগ্র অন্তর্ম্মল দ্রব্যগুণ ব্যতিরেক। ইহারা চেতন হয়েন না ॥ ৫৫ ॥

গর্ভস্য বাতবিন্মূত্রোৎসর্গাকরণে কারণ মাহ ॥

বাতাল্পত্বাদ যোগাচ্চ বায়োঃ পক্কাশয়স্যচ। বাত মূত্রপূরী
ষাণি গর্ভস্থো ন বিমুঞ্চতি ॥ ৫৬ ॥

পক্কাশয়ের বায়ুর অল্প হেতুক এবং অযোগ হেতুক গর্ভস্থ বায়ু বিষ্ঠা মূত্র ত্যাগ করেন না ॥ ৫৬ ॥

গর্ভারোদনে কারণ মাহ। জরায়ুনা মুখেচ্ছন্নে কণ্ঠেচ কফ
বেষ্টিতে। বাযোর্মার্গ নিরোধাচ্চ ন গর্ভস্থঃ প্ররোদিতি। ৫৭।

জরায়ু দ্বারা মুখাছন্ন এবং কফ বেষ্টিত কণ্ঠ বায়ুর পথ নিরোধ হেতুক গর্ভস্থ রোদন করেন না ॥ ৫৭ ॥

অথ গর্ভিণী কৃত্যাকৃত্যানি। গর্ভিণী প্রথমাদহ্নঃ প্রহৃষ্টা
ভূষিতা শুচিঃ। ভবেচ্ছুক্লাম্বরা দেব গুরু বিপ্রার্চ্চনেরতা। ৫৮।

গর্ভিণী স্ত্রী প্রথম দিবসাবধি হৃষ্টা এবং অলঙ্কার ভূষিতা শুচিএবং শুক্লবস্ত্র পরিধানা হইয়া দেবতা গুরু ব্রাহ্মণ পূজনে রতা হইবেন। ॥ ৫৮ ॥

ভোজ্যন্তু মধুরপ্রায়ং স্নিগ্ধংহৃদ্যংদ্রবং লঘু। সংস্কৃতং দীপ
নীয়ন্তু নিত্যমেবোপ যোজয়েৎ ॥ ৫৯ ॥

গর্ভবতী স্ত্রীকে নিত্য এইরূপ ভোজ্যদ্রব্য দিবেক। মধর এবংস্নিগ্ধ হৃদ্য দ্রব ও লঘু অগ্নিদীপনীয় দ্রব্য ও পরিপাক কৃত দ্রব্য ॥ ৫৯ ॥

গুর্ব্বিণী নতু কুর্ব্বীত ব্যায়াম মপতর্পণং। ব্যবায়ঞ্চ নসেবে
ত ন কুর্য্যাদতি তর্পণং ॥ ৬০ ॥

গর্ভিণী এই সকল করিবেন না ব্যায়াম লঙ্ঘন এবং মৈথুনসেবা অতিশয় স্নিগ্ধাদি সেবাও করিবেন না ॥ ৬১ ॥

রাত্রৌ জাগরণং শোকং যানস্যারোহণং তথা। রক্তমো-
ক্ষং বেগরোধং ন কুর্য্যাদুৎকটাসনং ॥ ৬১ ॥

রাত্রি জাগরণ ও শোক ও যানাদির আরোহণ তথা রক্তমোক্ষণ

বায়ু মূত্র বিষ্ঠা বেগ ধারণ কঠিনাহার এই সকল গর্ভবতী নারী করিবেন না ॥ ৬১ ॥

দোষাভিঘাতো গর্ভিণ্যা যোযোভাগঃ প্রপীড্যতে। সসভাগঃ শিশোস্তস্য গর্ভস্থস্য প্রপীড্যতে ॥ ৬২ ॥

গর্ভিণীর দোষাভিঘাত যে যে ভাগ হইয়া প্রকৃষ্ট রূপ পীড্য হয়। সেই২ ভাগ গর্ভস্থ শিশুর পীড্য হয় ॥ ৬২ ॥

মলিনাং বিকৃতাকারাং হীনাঙ্গীং ন স্পৃশেৎ স্ত্রিয়ং। নজিঘ্রেদপি দুর্গন্ধং ন পশ্যেন্নয়নাপ্রিয়ং ॥ ৬৩ ॥

মলিনা বিকৃতাকারা অঙ্গহীনা এতাদৃশী স্ত্রীকে স্পার্শ করিবেননা। দুর্গন্ধ ঘ্রাণ লইবেন না নয়নের অপ্রিয় ব্যক্তি কিম্বা দ্রব্য মাত্রেই দর্শন করিবেন না ॥ ৬৩ ॥

বচাংসি নাপি শৃণুয়াৎ কর্ণয়োরপ্রিয়াণি চ। নান্নং পর্য্যুসিতং শুষ্কং ভুঞ্জীতকথিতঞ্চ যৎ ॥ ৬৪ ॥

কর্ণের অপ্রিয় বাক্য শ্রবণ করিবেন না। পর্য্যুসিত অন্ন এবং শুষ্ক অন্ন এবং যে দুর্গন্ধ অন্ন তাহা ভোজন করিবেন না ॥ ৬৪ ॥

চৈত্য শ্মশান বৃক্ষাংশ্চ ভাবাংশ্চাপ্য যশস্করান্। বহির্নিষ্ক্রামণং ক্রোধং শূন্যাগারঞ্চ বর্জ্জয়েৎ ॥ ৬৫ ॥

চিতাকর্ম্ম ও শ্মশান এবং বৃক্ষ এইরূপ ভাবনা করিবেন না এবং অযশস্করকর্ম্ম ত্যাগ করিবেন। এবং বহির্গমন ত্যাগ এবং শূন্যগৃহ ত্যাগ করিবেন ॥ ৬৫ ॥

নোচ্চৈর্ব্রূয়াৎ ন তৎ কুর্য্যাৎ যেন গর্ভো বিনশ্যতি। তৈলাভ্যঙ্গোদ্বর্ত্তনেচ নাত্যর্থং কারয়েদপি ॥ ৬৬ ॥

উচ্চকথা কহিবেন না যাহাতে গর্ভ বিনাশ হয় এতাদৃশ কর্ম্ম করিবেন না। তৈলাভ্যঙ্গ তৈল মর্দন অতিশয় করিবেন না ॥ ৬৬ ॥

ন মৃদ্বাস্তরণং কুর্য্যান্নাত্যুচ্চং শয়নাসনং। এতাংস্তু নিয়

মান্ হর্ষান্ যত্নাৎ স্বর্ব্বীত গুর্ব্বিণী ॥ ৬৭ ॥

অতি মৃদু অর্থাৎ অতি কোমল পাতলা শয্যা করিবেন না, অতি উচ্চ শয্যা করিবেন না, এই সকল নিয়ম এবং হর্ষ জনক সা কল্য কর্ম্ম যত্নেতে গর্ব্ভিণী করিবেন ॥ ৬৭ ॥

অনন্তর প্রসব মাস কথিতাবশ্যক এতদ্বচন পূর্ব্বে কথিত হইয়াছে, যথা নবমে দশমে মাসীত্যাদি ॥ ৬৮ ॥

অথ সূতিকাগৃহাকৃতিঃ।

অষ্ট হস্তায়তং চারু চতুর্হস্ত বিশালকং। প্রাচী দ্বারমুদগ্ দ্বারং বিদধ্যাৎ সূতিকাগৃহং ॥ ৬৯ ॥

অনন্তর সূতিক গৃহাকার। অষ্ট হস্ত আয়ত চতুর্হস্ত প্রসর মনোহর স্থান হইবেক পূর্ব্ব দ্বার অথব উত্তর দ্বার সূতিকা গৃহ বিধান করিবেক ॥ ৬৯ ॥

অথাসন্ন প্রসবায়া লক্ষণং ॥

জাতে হি শিথিলে কুক্ষৌ মুক্তে হৃদয়বন্ধনে। সশূলে জঘনে নারী বিজ্ঞেয়া প্রসবোৎসুকা ॥ ৭০ ॥

অনন্তর আসন্ন প্রসবার লক্ষণ। কুক্ষি স্থান শিথিল হইলে হৃদয় বন্ধন মুক্ত হইলে জঘন স্থান বেদনাযুক্ত হইলে প্রসবোৎসুকা নারী হয় জানিহ ॥ ৭০ ॥

আসন্ন প্রসবায়াস্তু কটি পৃষ্ঠস্তু সব্যথং। ভবেন্মুহুঃ প্রবৃত্তিশ্চ মূত্রস্য চ মলস্য চ ॥ ৭১ ॥

উপস্থিত প্রসবা স্ত্রীর কটি পৃষ্ঠদেশ ব্যথাযুক্ত হয় বারম্বার মূত্র প্রবৃত্তি এবং মল প্রবৃত্তি হয় ॥ ৭১ ॥

অথাসন্ন প্রসবায়া উপচারঃ।

তৈলেনাভ্যঙ্গ গাত্রান্তাং সংস্নাতামুষ্ণবারিণা। যবাগং পায়

স্নেহং কোষ্ণাং মাত্রয়া ধৃত সংযুতাং ॥ ৭২ ॥

অনন্তর নিকটীভূত প্রসবকাল প্রাপ্ত স্ত্রীর কর্ত্তব্য। তৈলাভ্যঙ্গগাত্রা উষ্ণজল দ্বারা কৃতস্নানা তাহাকে ঈষদুষ্ণ যবাগূ অর্থাৎ যবের যাউ মাত্রাতে দিবেক ॥ ৭২ ॥

কৃতোপধানে মৃদুনি বিস্তীর্ণে শয়নে শনৈঃ। আভুগ্ন সক্থি চোত্তানা নারী তিষ্ঠেদ্ব্যথান্বিতা ॥ ৭৩ ॥

মৃদু কৃতোপধানে অর্থাৎ কোমল বালিশেতে বিস্তীর্ণ শয়নে অল্পে অল্পে সংকোচিত উরু হইয়া উত্তানা হইয়া অর্থাৎ উচ্চ হইয়া ব্যথাযুক্তা নারী স্থিতি করিবেন ॥ ৭৩ ॥

অথ জনয়িত্রীরাহ।

চতস্রোঽশঙ্কনীয়াশ্চ সাধনে কুশলা হিতাঃ। বৃদ্ধাঃ পরিচরেযুস্তাং সম্যক্ ছিন্ন নখাঃ স্ত্রিয়ঃ ॥ ৭৪ ॥

অথ জনয়িত্রী কথিতা হইতেছে। চতুর্থ জনয়িত্রী অশঙ্কনীয়া প্রসব সাধনে কুশলা এবং হিতা বৃদ্ধা প্রসবিনীর পরিচারকতা করিবেক সেই স্ত্রী সকল বিশিষ্ট ছিন্ন নখা হইবেক ॥ ৭৪ ॥

অথ জনয়িত্রী কৃতং।

অপত্য মার্গং তৈলেন সমভ্যজ্য সমন্ততঃ। একাতু তাসু সুভগে প্রবাহস্বেতি তাং বদেৎ ॥ ৭৫ ॥

অনন্তর জনয়িত্রী অর্থাৎ ধাত্রী কর্ম্ম। সন্তানের পথকে সকলদিকে তৈল দ্বারা আর্দ্র করিয়া সেই জনয়িত্রীর মধ্যে একব্যক্তি প্রসূতীকে এই কহিবেন হে সুভগে বেগ দেহ ॥ ৭৫ ॥

অব্যথা মা প্রবাহিষ্ঠাঃ প্রবাহেথা ব্যথা যদি। প্রবাহেথাঃ শনৈঃ পূর্ব্বং প্রগাঢ়ঞ্চ ততঃ পরং ॥ ৭৬ ॥

ততো গাঢ়তরং গর্ভে যোনিদ্বার মুপাগতে। অপরা সহিতো গর্ভো যাবৎ পততি ভূতলে ॥ ৭৭ ॥

নির্ব্ব্যথাযুক্তা সেই প্রসবিনীকে প্রবাহ করাইবেক প্রবাহ অর্থাৎ বেগ প্রবাহে যদি ব্যথা হয় প্রথম অল্পে অল্পে বেগ দেওয়াইবেক তৎপরে গাঢ় বেগ দেওয়াইবেক তৎপরে যোনি দ্বার উপগত গর্ভ হইলে গাঢ়তর বেগ দিবেক যাবৎ পর্য্যন্ত পৃথিবী তলে পুষ্প সহিত গর্ভ পতিত হয় ॥ ৭৭ ॥

ব্যথা রহিতয়াঃ প্রবাহণাদ্বৈগুণ্য মাহ ।

মূকং বা বধিরং অজ্ঞং শ্বাস কাস ক্ষয়ান্বিতং । সূতে সুপ্ত তনুং বাল মকালেতু প্রবাহণাৎ ॥ ৭৮ ॥

বেদনা রহিতা স্ত্রীর প্রবাহণ হইতে বৈগুণ্য কহি । অকালে প্রবাহণ হইতে এতদ্রূপ বালক প্রসব হয়েন মূক অর্থাৎ বোবা বধির ও অজ্ঞ শ্বাস কাস ক্ষয়যুক্ত বিচ্ছিন্ন শরীর ॥ ৭৮ ॥

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে শরীর নির্ণয় প্রকরণে গর্ভ প্রথম মাসি-কাদিক নির্ণয়াষ্টমোল্লাসঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

ইতি অষ্টমোল্লাসঃ ।

অথ বালস্য জন্মোত্তর বিধিঃ ।

অথ বালে সমুৎপন্নে বিদধীত বিধিং তথা । যথৈব কুল
বৃদ্ধা স্ত্রী ব্যবহার পরম্পরা ॥ ১ ॥

অনন্তর বালকের জন্মের পরে বিধি লিখিত হইতেছে । অনন্তর বালক উৎপন্ন হইলে সেই বিধি বিধান করিবেন যে বিধি কুলবৃদ্ধা স্ত্রী ব্যবহার পরম্পরা আছে ॥ ১ ॥

অথ প্রসূতা নিয়ম মাহ ।

প্রসূতা হিত মাহারং বিহারঞ্চ সমাচরেৎ । ব্যায়ামং
মৈথুনং ক্রোধং শীতলম্বারি বর্জ্জয়েৎ ॥ ২ ॥

অনন্তর প্রসূতীর নিয়ম কহি । প্রসূতী হিত আহার বিহার আচরণ করিবেন । ব্যায়াম ও মৈথুন ক্রোধ শীতলজল ত্যাগকরিবেন ॥ ২

মিথ্যাকারাৎ সূতিকায়া যো ব্যাধি রুপজায়তে । স কৃচ্ছ্র
সাধ্যোঽসাধ্যো বা ভবেত্তৎ পথ্য মাচরেৎ ॥ ৩ ॥

মিথ্যা আহারাচার করণ হইতে প্রসূতীর যে ব্যাধি জন্মে সেইরোগ কৃচ্ছ্র সাধ্য অথবা অসাধ্য হয় সেই হেতু হিত পথ্য ব্যবহারকরিবেন ॥ ৩ ॥

অথ প্রসূতায়া নিয়ম সময় বিধি মাহ ।

সর্ব্বতঃ পরিশুদ্ধা স্যাৎ স্নিগ্ধ পথ্যাল্পা ভোজনা । স্বেদা-
ভ্যঙ্গ পরানিত্যং ভবেদ্দাস মতন্দ্রিতা ॥ ৪ ॥

অনন্তর প্রসূতার নিয়ম সময় বিধি কথিত হইতেছে । সর্ব্বতোভাবে পরিশুদ্ধা দুষ্ট শোণিত ক্ষরণাবশেষ করণক শুদ্ধা স্ত্রী স্নিগ্ধ অথচ অল্প ভোজন করিবেন এবং স্বেদে এবং তৈলাভ্যঙ্গে নিত্য তৎ-পরা হইবেন এবং সাবধানা হইবেন ॥ ৪ ॥

প্রসূতা সার্দ্ধ মাসান্তে দৃষ্টে বা পুনরার্ত্তবে । সূতিকানাম
হীনস্যাদিতি ধন্বন্তরে র্মতং ॥ ৫ ॥

প্রসূতীর সার্দ্ধ মাসান্তে অর্থাৎ ডেড় মাসের পর পুনরায় ঋতু শো-
ণিত দৃষ্ট হইলে সূতিকা নাম হীনা হয় এই ধন্বন্তরির মত অর্থাৎ
পুনরায় ঋতু শোণিত দর্শন হইলে সূতিকা নাম যায় ॥ ৫ ॥

ব্যুপদ্রবাং বিশুদ্ধাঞ্চ বিজ্ঞায় বরবর্ণিণীং । ঊর্দ্ধং চতুর্ভ্যো
মাসেভ্যো নিয়মং পরিহারয়েৎ॥ ৬ ॥

বিশুদ্ধা এবং বিগতউপদ্রব নারীকে জ্ঞান করিয়া চতুর্মাসের পর
নিয়ম পরিত্যাগ করাইবেক ॥ ৬ ॥

---

অথ স্তন্য স্বরূপ মাহ ।

রস প্রসাদো মধুরঃ পক্বাহার নিমিত্তজঃ । কৃৎস্নাদ্দেহাৎ
স্তনৌ প্রাপ্তঃ স্তন্য মিত্যভিধীয়তে ॥ ৭ ॥

অনন্তর স্তন্য স্বরূপ কথিত হইতেছে । পক্ব যে আহার তাহার রস
প্রসাদ অর্থাৎ রসের সার অথচ মধুর সাকল্য শরীর হইতে স্তন
প্রাপ্ত হয়েন সেই স্তন্য এই অভিধেয় হয় ॥ ৭ ॥

স্তন্যস্য প্রবৃত্তি মাহ ।

স্তন্যং ত্রিরাত্রাৎ স্ত্রীণাম্বা চতুরাত্রাদনন্তরং । প্রবৃত্তয়ন্তি
বিবৃতা ধমন্যো হৃদয়ে স্থিতা ॥ ৮ ॥

স্তন্যের অর্থাৎ স্তন দুগ্ধের প্রবৃত্তি কথিত হইতেছে । স্তন্য ত্রিরাত্রে
স্ত্রীলোকের হয় চতুর্থ রাত্রের পর হৃদয়স্থিত ধমনী প্রবৃত্তি করাণ।

পয়ঃ পুত্রস্য সংস্পর্শাদ্দর্শনাৎ স্মরণাদপি । গ্রহণাদপ্যু
রোজস্য শুক্রবৎ সংপ্রবর্ত্ততে ॥ ৯ ॥

স্তন দুগ্ধ পুত্রের সংস্পর্শ হইতে এবং দর্শন এবং স্মরণ এবং গ্রহণ
হইতে শুক্রের ন্যায় সংপ্রবৃত্ত হয় ॥ ৯ ॥

স্নেহো নিরন্তর স্তন্য প্রসবে হেতুরুচ্যতে ॥ ১০ ॥

পুত্রের প্রতি নিরন্তর স্নেহ প্রসবেতে হেতু ॥ ১০ ॥

অথ স্তন্যস্যাল্পতা হেতু মাহ।

অবাৎসল্যাদ্ভয়াচ্ছোকাৎ ক্রোধাদপ্যপতর্পণাৎ। স্ত্রীণাং স্তন্যং ভবেৎ স্বল্পং গর্ভান্তর বিধারণাৎ॥ ১১॥

অনন্তর স্তনের অল্পভাব কারণ কহি। পুত্রের প্রতি বাৎসল্যাভাব প্রযুক্ত এবং ভয়প্রযুক্ত শোকপ্রযুক্ত ক্রোধ হইতে লংঘনেতে করে স্ত্রীদিগের স্তন্য অল্প হয় এবং অন্য গর্ভ ধারণে॥ ১১॥

অথ স্তন্যস্য বৃদ্ধি হেতু মাহ।

শালিষষ্ঠিক গোধূমাম্মাংস ক্ষুদ্র ক্ষয়াণি হি। কালশাক মলাম্বুচ নারিকেলং, কশেরুকং॥ ১২॥

শৃঙ্গাটকং বরীঞ্চাপি বিদারং কন্দমেব চ। লশুনং দুগ্ধ বৃদ্ধৌ স্ত্রী পিবেত সুমনা ভবেৎ॥ ১৩॥

কলমস্য তণ্ডুলানাং কনকং যা ক্ষীর শোষিতং। পিবতি সা ভবতি প্রচুরতর ক্ষীর ভরেণৈব তুঙ্গস্তন যুগলা॥ ১৪॥

অনন্তর স্তন্য বৃদ্ধি হেতু। শালি ষষ্ঠিকধান্য গোধূম মাংস কালশাক অর্থাৎ কালকাসুন্দা শাক লাউ নারিকেল কেশুর পানীফল শতমূলী ভূমিকুষ্মাণ্ড রশুন এই সকল দুগ্ধ বৃদ্ধি বিষয়ে স্ত্রীলোকেরা ভক্ষণ করিবেন এবং সুমনা হইবেন কলমধান্য অর্থাৎ পেসোয়ারি ধান্য তণ্ডুলের পায়স ভক্ষণ করিলে সেই নারী প্রচুরতর দুগ্ধভরেতে তুঙ্গস্তন যুগলা হয়েন॥ ১৪॥

কলমো ধান্য বিশেষ স্তস্য লক্ষণ মাহ।

কলমঃ কল বিখ্যাতো জায়তে সবৃহদ্গৃহে। কাশ্মীরদেশ এ বোক্তো মহা তণ্ডুল সংজ্ঞকঃ॥ ১৫॥

কলম ধান্য বিশেষ তাহার লক্ষণ। কলম ধান্য কল বিখ্যাত সেই ধান্য বৃহদ্গৃহেতে জন্মে। কাশ্মীর দেশ জাত মহাতণ্ডুল সংজ্ঞা সাধারণ পেসোয়ার কহেন॥ ১৫॥

বিদারী কন্দস্য রসং পিবেৎ স্তন্যস্য বৃদ্ধয়ে। তচ্চূর্ণং তস্য বৃদ্ধ্যর্থং পিবেৎ বা ক্ষীর সংযুতং ॥ ১৬ ॥

ভূমিকুষ্মাণ্ড রস স্তন্য বৃদ্ধি নিমিত্ত পান করিবেক । স্তন্য বৃদ্ধ্যার্থ তাহার চূর্ণ দুগ্ধের সহিত পান করিবেক ॥ ১৬ ॥

---

অথ স্তন্যস্য দুষ্ট হেতু মাহ।

ধাত্র্যাগুরুভিরাহারৈ র্বিষমৈ র্দোষলৈস্তথা। দেহদোষাঃ প্রকুপ্যন্তি ততঃ স্তন্যং প্রকুপ্যতি ॥ ১৭ ॥

অনন্তর স্তন্য দুষ্ট কারণ । জননীর গুরু আহার দ্বারা বিষমাহার দ্বারা অর্থাৎ বহু হউক কিম্বা অল্প অকালে ভোজন বিষমাহার বায়ু পিত্ত কফ প্রকোপকারী দ্রব্য ভক্ষণ দ্বারা শরীরের দোষ প্রকোপ হয়েন তাহা হইতে স্তন্য দুষ্ট হয়েন ॥ ১৭ ॥

মিথ্যাহার বিহারিণ্যা দুষ্টা বাতাদয়ঃ স্ত্রিয়ঃ। দূষয়ন্তি পয়স্তেন শারীরেব্যাধয়ঃ শিশোঃ ॥ ১৮ ॥

অযথাবিধি আহার বিহার কারিণী স্ত্রীর বাতাদি দোষ দুষ্ট হইয়া দুগ্ধ দুষ্ট করেন সেই কারণ শিশুর শরীরে সকল রোগ হয় ॥ ১৮।

অথ দুষ্ট স্তন্য লক্ষণ মাহ।

কষায়ং সলিল প্লাবি স্তন্যং মারুত দূষণং। পিত্তাদম্লং চকটুকং রাজ্যোস্তসিতু পীতিকাঃ ॥ ১৯ ॥

কফ দুষ্টং ঘত্ত্ব তোয়ে নিমজ্জতি চ পিচ্ছিলং। দ্বন্দ্বজন্তু দ্বিলিঙ্গং স্যাৎ ত্রিলিঙ্গং সান্নিপাতিকং ॥ ২০ ॥

অনন্তর স্তন্য দুষ্ট লক্ষণ কহিতেছেন । বায়ু কর্তৃক স্তন্য কষায়রস এবং জলপ্লাবিত অর্থাৎ জলবিসর্পণ হয় । পিত্তদুষ্ট স্তন্য অম্লরস জলে পীত প্রভা হয়। কফদুষ্ট স্তন্য পিচ্ছিল জলে নিমগ্ন হয় । দ্বিদোষ দুষ্ট দ্বিচিহ্ন ত্রিদোষ দুষ্ট ত্রিচিহ্ন হয় ॥ ২০ ॥

অথ দুষ্ট স্তনস্য শোধন বিধি মাহ।

ধাত্রী ক্ষীর বিশুদ্ধ্যর্থং মুদ্গযূষ রসাশিনী। ভার্গীদারুবচা
স্পিষ্টাঃ পিবেৎ সাতিবিষাস্তথা ॥ ২১ ॥

অনন্তর দুষ্ট স্তন্যের শোধন বিধি। জননী দুগ্ধ বিশুদ্ধ নিমিত্ত মুদ্গ যূষরূপ রস ভক্ষণ করিবেন এবং বমুনহাটী দেবদারু বচ আতইচ একত্রে বাটিয়া ভক্ষণ করিবেন ॥ ২১ ॥

পাঠা মূর্ব্বাব্দ ভূনিম্ব দারু শুণ্ঠী কলিঙ্গকৈঃ। সারিবা মৎ-
স্য পিত্তাখ্যৈঃ ক্বাথঃ স্তন্য বিশোধনঃ ॥ ২২ ॥

আকনাদি মুরগামূল মুথা চিরাতা দেবদারু শুণ্ঠী ইন্দ্রযব অনন্তমূল কটকী ইহারদিগের ক্বাথ স্তন্য শুদ্ধি কারণ পাচনের ন্যায় ॥ ২২ ।

পটোল নিম্বাসন দারু পাঠাং, মূর্ব্বাং গুড়ুচীং কটু রোহি-
ণীঞ্চ। সনাগরাঞ্চ ক্বথিতাঞ্চ তোয়ে, ধাত্রী পিবেৎ স্তন্য বি-
শুদ্ধ হেতোঃ ॥ ২৩ ॥

পলতা নিম্ব পিয়াল দেবদারু আকনাদি মুরগামূল গুলঞ্চ কটকী শুণ্ঠী এই সকল দ্রব্য জলে সিদ্ধ করিয়া ক্বাথ পান করিবেন স্তন্য বিশুদ্ধি নিমিত্ত ॥ ২৩ ॥

অথ শুদ্ধস্য লক্ষণ মাহ।

নীরে স্তন্যং যদেকী স্যাদবিবর্ণ মতন্তমং। পাণ্ডুরং তনূ
শীতঞ্চ তদ্দুগ্ধং শুদ্ধ মাদিশেৎ ॥ ২৪ ॥

অনন্তর শুদ্ধ স্তন্যের লক্ষণ কহিতেছেন। জলেতে স্তন্য যখন একত্র হয় বিবর্ণ হয় না এবং সূত্রের মত না হয়। এবং শুক্লবর্ণ অল্প শীতল সেই দুগ্ধ শুদ্ধ জানিহ ॥ ২৪ ॥

অথ ধাত্রী লক্ষণং।

বিনীয় যদি বালস্য বিদধ্যাদুপমাতরং। সুবিচার্য্য গুণ ন্
দোষান্ স্বর্য্যাদ্ধাত্রীং তদেদৃশীং ॥ ২৫ ॥

যদি বালকের উপমাতাকে আনয়ন করিয়া বিধান করেন। তবে গুণ দোষ সুবিচার করিয়া এতাদৃশী ধাত্রী করিবেক ॥ ২৫ ॥

সবর্ণাং মধ্য বয়সাং সচ্ছীলাং মুদিতাং সদা। শুদ্ধ দুগ্ধাং বহুক্ষীরাং সবৎসা মতি বৎসলাম্ ॥ ২৬ ॥

স্বাধীনা মল্পা সন্তুষ্টাং কুলীনাং সজ্জনাত্মজাং। কৈতবেন পরিত্যক্তাং নিজ পুত্র দৃশাং শিশৌ ॥ ২৭ ॥

সমান বর্ণা অর্থাৎ স্বীয়২ জাতি এবং মধ্য বয়স্কা ও সুশীলা ও হর্ষ যুক্তা সর্ব্বদা ও শুদ্ধ দুগ্ধ বিশিষ্টা অনেক দুগ্ধযুক্তা সপুত্রা অতি দয়ান্বিতা এবং স্বাধীনা এবং অল্প সন্তুষ্টা সৎকুলোদ্ভবা সজ্জনদুহিতা ছল ত্যক্তা নিজ পুত্র তুল্য দৃষ্টা এবম্প্রকার ধাত্রী করিবেক ॥ ২৭ ॥

---

অথ নিষিদ্ধাং ধাত্রী মাহ।

শোকাকুলা ক্ষুধার্ত্তা চ শ্রান্তা ব্যাধিমতী সদা। অত্যুচ্চা নিতরা নীচা স্থূলাতীব ভৃশং কৃশা ॥ ২৮ ॥

দুঃশীলা গর্ভিণী চাপি লম্বোন্নত পয়োধরা। অজীর্ণ ভোজনা চাপি তথা পথ্য বিবর্জ্জিতা ॥ ২৯ ॥

আসক্তা ক্ষুদ্র কার্য্যেষু দুঃখার্তি চঞ্চলাপি চ। এতাসাং স্তন্যপানেন শিশুর্ভবতি সাময়ঃ ॥ ৩০ ॥

অনন্তর নিষিদ্ধা ধাত্রী কহিতেছেন। শোকাকুলা ও ক্ষুধার্ত্ত ও শ্রান্তা ও ব্যাধিবিশিষ্টা সর্ব্বদা অতি দীর্ঘ অতি হ্রস্বা অতিশয় স্থূলা অতিশয় কৃশা ॥ ২৮ ॥ দুঃশীলা গর্ভিণী লম্বা অথচ উচ্চ স্তনযুক্তা অজীর্ণে ভোজনশীলা পথ্য পরিত্যক্তা ॥ ২৯ ॥ ক্ষুদ্র কার্য্যেতে আসক্তা দুঃখশালা অতিচঞ্চলা এতাদৃশী ধাত্রী ত্যাজ্যা ইহারদিগের স্তন্য পানেতে শিশু রোগযুক্ত হয়েন ॥ ৩০ ॥

অথ বালস্য স্তন্যপান বিধিঃ।

তত্র মাতা প্রশস্তাঙ্গী চারুবস্ত্রা পুরোমুখী। উপবিশ্যাসনে সম্যক্ দক্ষিণং স্তন মম্বুনা॥ ৩১॥

প্রক্ষাল্যেষৎ পরিশ্রাব্য মন্ত্রাভ্যামভিমন্ত্রিতাং। উদঙ্মুখং শিশুং ক্রোড়ে শনৈরাধায় পায়য়েৎ॥ ৩২॥

অথ বালকের স্তন্য পান বিধি। তাহাতে জননী প্রশস্ত অঙ্গযুক্তা হইয়া উত্তম বস্ত্র পরিধান করিয়া পূর্ব্বমুখী আসনে বসিয়া দক্ষিণ স্তন জল দ্বারা ধৌত করিয়া অল্পস্রাব করিয়া মন্ত্রদ্বয় দ্বারা অভিমন্ত্রিত উত্তর মুখ শিশুকে ক্রোড়ে অল্পে২ লইয়া পান করাইবেক।

মাতেত্যুপলক্ষণং ধাত্রী চ ঈষৎ পরিস্রাব্য অন্যথা বৈগুণ্যা নাহ সুশ্রুতঃ॥ ৩৩॥

মাতা এই উপলক্ষণ ধাত্রীও অল্প স্রাব করিয়া স্তন পান করাইবেন ইহার অন্যথাতে সুশ্রুতমুনি বৈগুণ্য উক্ত করিয়াছেন॥ ৩৩॥

অস্রাবিতং স্তনং বালঃ পিবেৎ স্তন্যেন ভূয়সা। পূর্ণস্রোতা বমি শ্বাস কাসৈর্ভবতি পীড়িতঃ॥৩৪॥

স্রাব রহিত স্তন বালক পান করেন স্তন্য দ্বারা বারম্বার পূর্ণ স্রোত বিশিষ্ট হয়েন এবং বমি কাস শ্বাস করণক পীড়িত হয়েন॥ ৩৪।

অভিমন্ত্রণ মাহ।

ক্ষীর নীর নিধিস্তে২স্তু স্তনয়োঃ ক্ষীরপূরকঃ। সদৈব সুভগো বালো ভবত্যেষ মহাবলঃ॥ ৩৫॥

পয়োঽমৃত সমং পিত্বা জন্মারম্ভে শুভাননে। দীর্ঘমায়ুরবাপ্নোতু দেবাঃ প্রাপ্যামৃতং যথা॥ ৩৬॥

মন্ত্রৌ চ পিত্রান্যেন ব্রাহ্মণেন পঠনীয়ৌ যাবন্মন্ত্র পাঠং মাত্রা ধাত্র্যা বা দক্ষিণ হস্তেন দক্ষিণস্তন স্পর্শঃ কার্য্যঃ॥ ॥ ৩৭॥

ভিমন্ত্রে কথিত হইতেছে। হে সুমুখি তোমার স্তন দ্বয়ের ক্ষীর পূর্ণ হউক ক্ষীর সমুদ্র সম হউক। তোমার এই বালক সর্ব্বদা সুভাগ্য-বান এবং মহা বলবান হউন। অমৃত সমান দুগ্ধ পান করিয়া তোমার কুমার দীর্ঘায়ু প্রাপ্ত হউন যেমত দেবতা সকলে অমৃতপ্রাপ্য হইয়া দীর্ঘায়ু প্রাপ্ত হইয়াছেন। মন্ত্রদ্বয় ব্রাহ্মণ অথবা পিতৃ কর্তৃক পঠনীয়। যাবৎ মন্ত্র পাঠ হইবেক তাবৎ কাল মাতা কর্তৃক অথবা ধাত্রী কর্তৃক দক্ষিণ স্তন স্পর্শ কর্ত্তব্য ॥ ৩৭ ॥

জনন্যাঃ ক্ষীরাভাবে ধাত্র্যাশ্চালাভে প্রকার মাহ ॥

ক্ষীর সাত্ম্য তয়া ক্ষীর মাজং গব্য মথা পিবা। দদ্যাৎ
স্তন্য মপর্য্যাপ্তে বালেভ্যো বীক্ষ্য মাত্রয়া ॥৩৮॥

জননীর স্তন্যাভাবে এবং ধাত্রীর অভাবে বালক রক্ষণোপায় কহিতেছেন। বালকের স্তন্যই জীবনোপায় অতএব স্তন্যাভাব হইলে দুগ্ধই পথ্য তম প্রযুক্ত ছাগদুগ্ধ অথবা গোদুগ্ধ যথাযোগ্য মাত্রায় অর্থাৎ কিঞ্চিৎ হীন মাত্রা দিবেক ॥ ৩৮ ॥

অথ বালস্যান্নপ্রাশন বিধিঃ।

যথোক্ত বিধিনা বালং মাসি ষষ্ঠেঽষ্টমে পিবা। অন্নং সং
প্রাশয়েৎ কিঞ্চিত্তত স্তদ্বর্দ্ধয়েৎ ক্রমাৎ ॥৩৯॥

বালকের অন্ন ভক্ষণ বিধান কহিতেছেন। যথা বেদ বিহিত মন্ত্রোচ্চারণপূর্ব্বক ষষ্ঠমাসে অথব অষ্টম মাসে শুভ তিথি নক্ষত্র যোগে বালককে কিঞ্চিৎ অন্ন ভক্ষণ করাইবেক পশ্চাৎ ক্রমশ বৃদ্ধিকরাইবেক ॥ ৩৯ ॥

অথ বালস্য পরিচর্য্যা বিধিঃ।

বালমঙ্কে সুখং দধ্যা ন্নচৈনং তর্জ্জয়েৎ ক্বচিৎ। সহসা বো
ধয়েন্নৈব নাযোগ্য মুপবেশয়েৎ ॥ ৪০ ॥

কি প্রকার বালকের সেবা করিয়া বালককে পোষণ করিবেক তাহা

কহিতেছেন। সানন্দে বালকে ক্রোড়ে করিবেক কদাচ বালককে ত্রাসযুক্ত করিবেক না। হটাৎ নিদ্রা ভঙ্গ করাইবেক না অযোগ্য স্থানে শয়ন করাইবেক না॥ ৪০ ॥

নাকৃষ্ট স্থাপয়েৎ ক্রোড়ে ন ক্ষিপ্রং শয়নে ক্ষিপেৎ। রোদ-
য়েন্ন কচিৎ কার্য্যে বিধিমাবিশ্যকং বিনা॥ ৪১ ॥

বলেতে আকর্ষণ করিয়া বালকে ক্রোড়ে করিবেক না সুনিদ্রিত না হইলে শয্যাতে শয়ন করাইবেক না, আবশ্যক কার্য্য ব্যতিরেকে অর্থাৎ ভেষজ দান তৈলমর্দ্দন হরিদ্রাদি দ্বারা গাত্র মার্জ্জন প্রভৃতি অন্য কার্য্যানুরোধে বালককে রোদন করাইবেক না॥ ৪১ ॥

তচ্চিত্ত মনুবর্ত্তেতং সদৈবানুমোদয়েৎ। তং সেবিত মনা
এবং নিত্য মেবাভিবর্দ্ধতে॥ ৪২ ॥

বালক প্রতি এক চিত্ত হইয়া পরিচারক সর্ব্বদা থাকিবেন এবং সর্ব্বদা হর্ষজনক বাক্য দ্বারা সর্ব্বদা বালকে আনন্দিত করাইবেন এবং নিয়ত বালক সেবায় তৎপর হইবেন এই প্রকার বালক সুসেবিত হইলে নিত্য বর্দ্ধিত হয়॥ ৪২ ॥

বাতাতপ তড়িদ্বৃষ্টি ধূমানল জলাদিতঃ। নিম্নোচ্চ স্থানত
শ্চাপি রক্ষেদ্বালং প্রযত্নতঃ॥ ৪৩ ॥

বাতাস রৌদ্র বিদ্যুৎ বৃষ্টি ধূম অগ্নি জল প্রভৃতি হইতে এবং নীচ স্থান ও উচ্চ স্থান হইতে যত্নপূর্ব্বক বালকে সর্ব্বদা রক্ষা করিবেক।

বালস্য স্বভাবাদ্ধিতান্যাহ।

অভ্যঙ্গোদ্বর্ত্তনং স্নানং নেত্রয়ো রঞ্জনং তথা। বমনং মৃদু
যত্তচ্চ তথা মৃদ্বনুলেপনং॥ ৪৪ ॥
জন্ম প্রভৃতি পথ্যানি বালস্যৈতানি সর্ব্বথা॥ ৪৫ ॥

স্বভাবত বালকের হিত যে সকল কর্ম্ম তাহা কহিতেছেন। তৈলমর্দ্দন হরিদ্রাদি মর্দ্দন স্নান নেত্রে কজ্জল প্রদান অল্প বমন ও মৃদু অনু-

লেপন অর্থাৎ দুগ্ধ দধ্যাদির সর দ্বারা গাত্র মার্জ্জন এই সকল কর্ম্ম বালকের সর্ব্বদা সর্ব্বপ্রকার পথ্যতম হয়েন ॥ ৪৫ ॥

বালস্য কবলাদেঃ সময় মাহ।

কবলঃ পঞ্চমাদ্বর্ষাদষ্ট মান্নস্য কর্ম্ম চ। বিরেকঃ ষোড়শাদ্বর্ষা দ্বিংশতেশ্চৈব মৈথুনং ॥ ৪৬ ॥

বালকের কবলাদির অর্থাৎ গণ্ডূষ ধারণ নস্য বমন রেচন মৈথুন প্রভৃতির যথাযোগ্য সময় কহিতেছেন। কবল ধারণের কাল পঞ্চম বর্ষ নস্য গ্রহণের কাল অষ্টম বর্ষ প্রভৃতি বমন বিরেকের কাল ষোড়শ বর্ষ প্রভৃতি মৈথুনাচারণের কাল বিংশতিবৎসর প্রভৃতি ॥ ৪৬

বাল্যাদেরবধি মাহ সুশ্রুতঃ।

বয়স্তু ত্রিবিধং বাল্যং মধ্যমং বার্দ্ধকন্তথা। ঊনষোড়শ বর্ষস্তু নরো বালো নিগদ্যতে ॥ ৪৭ ॥

বাল্যাদির অর্থাৎ বালক যুবা বৃদ্ধের বর্ষ সংখ্যা দ্বারা অবস্থা ভেদে সীমা সুশ্রুত মুনি কহিতেছেন। বয়ঃক্রম তিন প্রকার হয় বাল্য মধ্যম বার্দ্ধক্য ভেদে ইহার মধ্যে ঊনষোড়শতি বর্ষ পর্য্যন্ত বালক কথিত হয় ॥ ৪৭ ॥

ত্রিবিধঃ সোহপি দুগ্ধাশী দুগ্ধান্নাশী তথান্নভুক্। দুগ্ধাশী বর্ষ পর্য্যন্তং দুগ্ধান্নাশী শরদ্দ্বয়ং ॥ ৪৮ ॥

তদুত্তরং স্যাদন্নাশী এবং বাল স্ত্রিধা মতঃ ॥ ৪৯ ॥

সেই বালক তিন প্রকার হয় কেবল দুগ্ধ পায়ী এবং দুগ্ধান্নভোজী আর কেবল অন্নভোক্তা এক বৎসর পর্য্যন্ত দুগ্ধপ বালক, তাহার পশ্চাৎ দুই বৎসর পর্য্যন্তদুগ্ধান্নপ বালক, তাহার পশ্চাৎ পঞ্চদশ বর্ষ পর্য্যন্ত কেবল অন্নপ বালক এই গণনাতে বালক তিন প্রকার হয় ॥ ৪৮ ॥ ৪৯ ॥

মধ্যে ষোড়শ সপ্তত্যো র্মধ্যমং কথিতং বুধৈঃ। চতুর্থাঃ

মধ্যমং প্রাহুর্যুবা দ্বাত্রিংশতো মতঃ॥ ৫০॥

চত্বারিংশৎ সমায়াশ্চ তিষ্ঠেৎ বীর্য্যাদি পূরিতঃ। ততঃ ক্রমেণ ক্ষীণঃ স্যাৎ যাবদ্ভবতি সপ্ততিঃ॥ ৫১॥

ষোড়শ সপ্ততির মধ্যে পণ্ডিত কর্তৃক মধ্যম বয়ঃ কথিত হইয়াছে। সেই মধ্যম বয়স্থ চতুর প্রকার কহিয়াছেন দ্বাত্রিংশদ্বৎসর পর্য্যন্ত যুবা, তৎপরে চত্বারিংশদ্বর্ষ পর্য্যন্ত রসাদি সপ্ত ধাতু ইন্দ্রিয় বলোৎসাহ প্রভৃতি পূর্ণিত থাকেন, তৎপরে ক্রমেতে ক্ষীণ হয়েন সপ্ততি বর্ষ পর্য্যন্ত অর্থাৎ সকল ধাতু ইন্দ্রিয় বলোৎসাহে হীন হয়েন। চল্লিশ বৎসরের পর পঞ্চাশৎ বর্ষ পর্য্যন্ত কিঞ্চিৎ ক্ষীণ মাত্র তৎপরে সত্তর বর্ষ পর্য্যন্ত উত্তরোত্তর ক্ষীণ॥ ৫১॥

ততস্তু সপ্ততে রূর্দ্ধং ক্ষীণ ধাতু রসাদিকঃ। ক্ষীয়মাণেন্দ্রিয় বলঃ ক্ষীণরেতা দিনে দিনে॥ ৫২॥

বলী পলিত লালিত্যযুক্তঃ কর্ম্মসুচাক্ষমঃ। কাস শ্বাসাদিভিঃ ক্লিষ্টো বৃদ্ধো ভবতি মানবঃ॥ ৫৩॥

তৎপশ্চাৎ সপ্ততির ঊর্দ্ধ ধাতু রসাদি ক্ষীণ হয়েন। ক্ষীয়মাণ ইন্দ্রিয় বল হইয়া দিনে দিনে ক্ষীণবীর্য্য হয়েন॥ ৫২॥ এবং বলি পলিত লালাদিযুক্ত হয়েন সকল কর্ম্মেতে অক্ষম হয়েন। কাস এবং শ্বাসাদি দ্বারা ক্লিষ্ট হয়েন মানব বৃদ্ধ হয়েন॥ ৫৩॥

বাল্যে বিবর্দ্ধতে শ্লেষ্মা পিত্তং স্যান্মধ্যমেঽধিকং। বার্দ্ধক্যে বর্দ্ধতে বায়ু বিচার্য্য তদুপক্রমেৎ॥ ৫৪॥

বাল্যাবস্থাতে শ্লেষ্মা বৃদ্ধি হয়েন মধ্যমাবস্থাতে পিত্ত অধিক হয়েন বার্দ্ধক্যাবস্থাতে বায়ু বৃদ্ধি হয়েন। অতএব বিচার করিয়া চিকিৎসা করিবেক॥ ৫৪॥

তন্ত্রান্তরেতু। বাল্যং বৃদ্ধিশ্ছবি র্মেধা ত্বগ্দৃষ্টিঃ শুক্রবিক্রমৌ। বুদ্ধি কর্ম্মেন্দ্রিয়ং চেতো জীবিতং দশতোহ্রসেৎ॥ ৫৫

তন্ত্রান্তরে ॥ বাল্য এবং বৃদ্ধি ও প্রভা ও মেধা ও ত্বক্ ও দৃষ্টি ও শুক্র ও পরাক্রম ও বুদ্ধীন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় এবং চিত্ত তথা জীবিত এই সকল দশ দশ বৎসরের পর হৃষ্ট হয়েন। যথা বাল্য হ্রাস দশের পর বৃদ্ধি হ্রাস বিংশতি প্রভা হ্রাস ত্রিশের এমত দশ দশ পরম্পরায় হ্রাস ॥ ৫৫॥

অথ প্রকৃতি লক্ষণানি।

সপ্ত প্রকৃতয়ো নৃণাং বাতাৎ পিত্তাৎ কফাত্তথা। সংসর্গা
ৎ সন্নিপাতশ্চ ভবন্তি ভিষজাং মতে ॥ ৫৬ ॥

অনন্তর প্রকৃতি লক্ষণ। মনুষ্য সম্বন্ধি প্রকৃতি সপ্ত হয়েন। বাত হইতে পিত্ত হইতে কফ হইতে সংসর্গেতে অর্থাৎ দ্বিদোষ হইতে দোষ ত্রয় হইতে বৈদ্য দিগের মত ॥ ৫৬॥

শুক্র শোণিত সংযোগো যো দোষ স্তুৎকটো ভবেৎ। প্রকৃ
তি র্জায়তে তেন তস্যা লক্ষণ মুচ্যতে ॥ ৫৭॥

শুক্র শোণিত সংযোগে যে দোষ প্রবল হয়েন তৎ কর্তৃক প্রকৃতি জন্মে তাহার লক্ষণ কথ্য হইতেছে ॥ ৫৭ ॥

বাগ্ভটে আত্রেয়াদয়ঃ।

শুক্রা সৃগগর্ভিণী ভোজ্য চেষ্টা গর্ভাশয়ার্ত্তিষু। যঃ স্যাদ্দো-
যোঽধিক স্তেন প্রকৃতিঃ সপ্তধোদিতা ॥ ৫৮॥

বাগ্ভটে আত্রেয়াদি মুনি সকল কহিয়াছেন। শুক্র এবং রক্ত এবং গর্ভিণীর ভোজ্য চেষ্টা ও গর্ভাশয় পীড়া এই সকলেতে যে দোষ অধিক হয়েন তৎ প্রকৃতি সপ্ত প্রকার কথিতা ॥ ৫৮ ॥

সোপিদোষঃ স্বভাবাবস্থিতো নতু দুষ্টঃ শুক্রে। ননু শুক্র
শোণিত যো দুষ্ট্য শুদ্ধগর্ভাঙ্গ সম্ভবাৎ ॥ ৫৯॥

সেই দোষ স্বভাবে অবস্থিত শুক্রে দুষ্টতাহা নয়, কারণ শুক্র শোণিতের দুষ্টতাতে অশুদ্ধ গর্ভাঙ্গ হয় ॥ ৫৯ ॥

জাগরূকোঽল্পো কেশশ্চ স্ফুটিতাঙ্ঘ্রি কর কৃশঃ। শীঘ্রগো
বহুবাগ্রুক্ষঃ স্বপ্নে বিয়তি গচ্ছতি ॥ ৬০ ॥
এবং বিধেয়ঃ সংজ্ঞেয়ো বাত প্রকৃতিকো নরঃ ॥ ৬১ ॥

জাগরণশীল এবং অল্পকেশ ও স্ফুটিতপদ কর অর্থাৎ ফাটাপাদ হস্ত ও কৃশ ও শীঘ্রগামী ও বহুবাক্ ও রুক্ষ এবং নিদ্রাতে আকাশেতে গমন করেন এবম্প্রকার বাত প্রকৃতিক মনুষ্য জানিহ ॥ ৬১

পিত্ত প্রকৃতিকো যাদৃক্ তাদৃশোথ নিগদ্যতে। অকাল পলি
তো গৌরঃ ক্রোধী স্বেদী চ বুদ্ধিমান্ ॥ ৬২ ॥
বহুভুক্তাম্র নেত্রশ্চ স্বপ্নে জ্যোতিংসি পশ্যতি ॥ ৬৩ ॥

পিত্ত প্রকৃতিক যাদৃশ তৎ কথিত হইতেছে। অকালে কেশাদির শুক্লত্ব প্রাপ্ত হয়েন এবং গৌরবর্ণ ও ক্রোধান্বিত ও ঘর্ম্মযুক্ত ও বুদ্ধিমান্। অনেক ভোক্তা ও তাম্রবর্ণ নেত্র এবং স্বপ্নে তেজোময় দর্শন করেন ॥ ৬৩ ॥

শ্যামকেশঃ ক্ষমঃ স্থূলো বহুবীর্য্যো মহাবলঃ। স্বপ্নে জলা-
শয়া লোকী শ্লেষ্ম প্রকৃতিকো ভবেৎ ॥ ৬৪ ॥

শ্যামবর্ণ কেশ ও ক্ষমাশীল ও স্থূল শরীর ও বহুবীর্য্য ও মহাবলবান। স্বপ্নে জলাশয় আলোকন বিশিষ্ট এবম্প্রকার মনুষ্য শ্লেষ্ম প্রকৃতিক হয়েন ॥ ৬৪ ॥

দৃশ্যতে প্রকৃতৌ যত্র রূপং দোষ দ্বয়স্যতু। তাং সংসর্গেণ
জানীয়াৎ সর্ব্ব লিঙ্গৈ স্ত্রি দোষজং। ৬৫ ॥

যে প্রকৃতিতে দোষ দ্বয়ের রূপ দৃশ্য হয় সেই প্রকৃতি সংসর্গ করণক জানিহ সকল চিহ্ন করণক ত্রিদোষজ জানিহ ॥ ৬৫ ॥

সুশ্রুতেপি।

অধৃতিরদৃঢ় সৌহৃদঃ কৃতঘ্নঃ, কৃশঃ পারুষো ধমনী ততঃ
প্রলাপী। দ্রুতগতি রটনোঽনবস্থিতাত্মা, বিয়দপি গচ্ছতি

সম্ভ্রমেণ সুপ্তঃ ॥ ৬৬ ॥

অব্যবস্থিতশ্চঞ্চল দৃষ্টি র্মন্দ রত্ন ধন সঞ্চয় মিত্রঃ কিঞ্চি-দেব বিলপত্য নিবদ্ধং মারুতঃ প্রকৃতিরেষ মনুষ্যঃ ॥ ৬৭ ॥

অধৈর্য্য অস্থির মিত্রতা অবিশ্বাসী কৃশাঙ্গ অস্নিগ্ধ দেহ চিক্কণা হীন শরীর সর্ব্ব শরীর শিরা ব্যাপ্ত বহুভাষী শীঘ্রগামী সর্ব্বদা গমন শীল চঞ্চলমতি নিদ্রিত হইলে স্বপ্নেতে আকাশে গমন করেন ॥ অস্থির কার্য্যকারী চঞ্চল দৃষ্টি রত্ন অর্থ সঞ্চয় বন্ধুতা বিষয়ে আলস্য যুক্ত অল্পবিষয়ে অধিক বিলাপ করে এই সকল বাত প্রকৃতি মনুষ্যের লক্ষণ জানিবে ॥ ৬৭ ॥

বাতিকাশ্চাজ গোমায়ু শশাশ্বোষ্ট্র শুনাস্তথা । গৃধ্র কাক খরাদীনা মনূকৈঃ কীর্ত্তিতা নরাঃ ॥ ৬৮ ॥

ছাগল শৃগাল শশ অর্থাৎ পশুভেদ ঘোটক উট কুক্কুর গৃধ্র পক্ষী কাক গর্দ্দভ প্রভৃতির গুণানুরূপ গুণ বাত প্রকৃতি পুরুষের জানিবেন ॥ ৬৮ ॥

স্বেদনো দুর্গন্ধঃ পীত শিথিলাঙ্গ স্তাম্র নখ নয়ন তালু জিহ্বোষ্ঠ পাণি পাদতলো দুর্ভগো বলী পলিত খালিত্য যুষ্টো বহু ভুগুষ্ণ দ্বেষী ক্ষিপ্র প্রকোপ প্রসাদো মধ্যমবলো মধ্যমায়ুশ্চ ভবতি ॥ ৬৯ ॥

ঘর্ম্ম হয় গাত্রে দুর্গন্ধ হয় পীত বর্ণ অথচ শৈথিল্যযুক্তাঙ্গ তাম্রবর্ণ নখ নেত্র তালু জিহ্বা ওষ্ঠ হস্ততল চরণতল দুর্ভাগ্যবান ত্রিবলীযুক্ত কেশের পক্কতা এবং খালিত্য অর্থাৎ টাকরোগ বিশিষ্ট হয় অতিশয় ভোজনশীল গ্রীষ্ম দ্বেষী শীঘ্র ক্রোধোদয় এবং শীঘ্র ক্রোধ শান্ত হয় মধ্যম বল ও মধ্যমায়ুযুক্ত এই সকল পিত্ত প্রকৃতি পুরুষের লক্ষণ জানিবে ॥ ৬৯ ॥

মেধাবী নিপুণমতি র্বিগৃহ্য বক্তা তেজস্বী সমিতিষু দুর্নিবার বীর্য্যঃ। সুপ্তঃ সন্ কণক পলাশ কর্ণিকারান্ পশ্যেদপি চ হুতাশ বিদ্যুদুল্কাঃ ॥ ৭০ ॥

নভয়াৎ প্রণমেদনতেষু মৃদুঃ, প্রণতেষ্বপি সান্ত্বন দান রুচিঃ। ভবতীহ সদা ব্যথিতাস্য গতিঃ সভবেদিহ পিত্তকৃত প্রকৃতিঃ ॥ ৭১ ॥

ধারণাবতী বুদ্ধি বিশিষ্ট সকল বিষয়ে উপস্থিত বুদ্ধি স্পষ্টভাষী তেজস্বিতা সভাতে ক্ষোভ রহিত স্বপ্নাবস্থাতে সুবর্ণ পলাশ পুষ্প কনিয়ার পুষ্প অগ্নি বিদ্যুৎ বজ্রাগ্নি দর্শন করে ॥ ৭০ ॥ নতব্যক্তি ভিন্নেতে কর্কশ ভয়াধীন প্রণাম করে না যদি প্রণামাধীন ক্ষুদ্রতা হয় এই ভয় প্রণত ব্যক্তিতে সান্ত্বনা পূর্ব্বক দান এবং প্রীত হয়। সর্ব্বদা ব্যথাযুক্ত মুখগতি অর্থাৎ মুখ বৈজাত্য। এতাদৃশ গুণাক্রান্ত ব্যক্তি পিত্ত প্রকৃতিক জানিহ ॥ ৭১ ॥

দূর্ব্বেন্দীবর নিস্ত্রিংশার্দ্রারিষ্ট শরকাণ্ডানা মন্যতমবর্ণঃ সুভগঃ প্রিয়দর্শনো মধুর প্রিয়ঃ কৃতজ্ঞো ধৃতিমান্ সহিষ্ণুরলোলুপো বলবাৎ শ্চিরগ্রাহী দৃঢ় বৈরশ্চ ভবতি ॥ ৭৩ ॥

দূর্ব্বা নীলপদ্ম নির্ম্মল লৌহ সরস নিম্ববৃক্ষ ও সরস সরবৃক্ষ এইসকলের বর্ণ তুল্য বর্ণ সৌভাগ্যবান রূপবান মধুর রসাভিলাষী কৃতোপকার জ্ঞাত ধৈর্য্যাবলম্বী সহিষ্ণুতা গুণ বিশিষ্ট লোভরহিত বলবান চিরকালে গ্রহণশীল স্থির শত্রু এই সকল কফ প্রকৃতি পুরুষের লক্ষণ জানিবে ॥ ৭৩ ॥

শুক্লাক্ষঃ স্থিরকুটিলাতি নীল কেশো লক্ষীবান্ জলদমৃদঙ্গ সিংহঘোষঃ। সুপ্তঃ সন্ সকমল হংস চক্রবাকান্ সম্পশ্যেদপিচ জলাশয়ান্ মনোজ্ঞান্ ॥ ৭৪ ॥

রক্তান্ত নেত্রঃ সুবিভক্ত গাত্রঃ স্নিগ্ধচ্ছবিঃ সত্ত্বগুণোপপন্নঃ।

ক্লেশ ক্ষমো মানয়িতা গুরূণাং জ্ঞেয়ো বলাশ্য প্রকৃতি র্ম-
নুষ্যঃ ॥ ৭৫ ॥

দৃঢ় শাস্ত্রমতিঃ স্থির মিত্র ধনঃ পরিগণ্য চিরাৎ প্রদদাতি
বহু । পরিনিশ্চিত বাক্যপদঃ সততং গুরু মান করশ্চ ভ-
বেৎ স সদা ॥ ৭৬ ॥

শ্বেতবর্ণ চক্ষু চিরস্থিত বক্র অধিক নীলবর্ণ কেশ হয় ধনবান হয় মেঘ মৃদঙ্গ সিংহ এই সকলের ধ্বনি তুল্য ধ্বনি হয় স্বপ্নেতে পদ্ম হংস চক্রবাক এবং অতিমনোহর জলাশয় সকল দর্শন করে । ৭৪ আরক্ত চক্ষু যথা শাস্ত্র প্রণীত প্রমাণ শরীর চিক্কণ কান্তি সত্বগুণা- বলম্বী ক্লেশ সহিষ্ণু গুরুজন সম্মান কারয়িতা এই সকল গুণবিশি ষ্ট পুরুষকে কফ প্রকৃতি জানিবে ॥ ৭৫ ॥

শাস্ত্র বিষয়ে নিশ্চল বুদ্ধি স্থিরবন্ধু এবং স্থিরধন সঞ্চয় বহুক্ষণ বিবেচনা পূর্ব্বক বহুধন প্রদান করে সর্ব্বদা সকল বিষয়ে স্থিরবাক্য কথন সর্ব্বদা গুরুতর জন মানকর হয়েন এই সকল লক্ষণাক্রান্ত পুরুষকে কফ প্রকৃতি জানিবে ॥ ৭৬ ॥

ব্রহ্ম রুদ্রেন্দ্র বরুণৈঃ সিংহাশ্ব গজ গো বৃষৈঃ । তার্ক্ষ্য হংস
সমানুকাঃ শ্লেষ্ম প্রকৃতয়ো নরাঃ ॥ ৭৭ ॥

ব্রহ্মা রুদ্র ইন্দ্র বরুণ সিংহ ঘোটক হস্তী গো বৃষ পক্ষী অর্থাৎ গরুড় হংস প্রভৃতির গুণানুরূপ গুণ, কফ প্রকৃতির জানিবে ॥ ৭৭ ॥

প্রকোপোবাঽন্যথাভাবঃ ক্ষয়োবানোপ জায়তে । প্রকৃতী
নাং স্বভাবেন জায়তেতু গতায়ুষঃ ॥ ৭৮ ॥

স্বাভাবিক প্রকৃতির প্রকোপ অথবা বিকৃতিভাব বা ক্ষয় হয় না যাহা র হয় তাহাকে গতায়ু জানিবে ॥ ৭৮ ॥

বিষজাতো যথা কীটো ন বিষেণ বিপদ্যতে । তদ্বৎ প্রকৃতয়
য়ো মর্ত্ত্যং শক্নুবন্তিন বাধিতুং ॥ ৭৯ ॥

বিষজাত কৃমি যেমন বিষ ভক্ষণে নষ্ট হয় না তাদৃশ প্রকৃতি মনুষ্য কে নষ্ট করিতে পারেন না ॥ ৭৯ ॥

প্রকৃতি মিহ নরাণাং ভৌতিকীং কেচিদাহুঃ, পবন দহন তোয়ৈঃ কীর্ত্তিতা স্তাস্ত তিস্রঃ। স্থির বিপুল শরীরঃ পার্থিবশ্চ ক্ষমাবান্ শুচিরথ চিরজীবী নাভসঃ খৈর্মহদ্ভিঃ ॥ ৮০ ॥

প্রকৃতি নিরূপণ প্রকরণে কোন২ পণ্ডিতেরা প্রকৃতিকে ভৌতিকী করিয়া কহিয়াছেন অর্থাৎ বায়ব্য প্রকৃতি আগ্নেয়া প্রকৃতি আপ্যা প্রকৃতি এইগণনাতে ভৌতিকী প্রকৃতি তিন প্রকার জানিবে অর্থাৎ বাত পিত্ত কফ সংখ্যা ক্রমাভিপ্রায়েই কহিয়াছেন কিন্তু ইহার বিশেষ লক্ষণ পূর্ব্ব কথিত হইয়াছে বিশেষ স্থির মহাকায় গরিষ্ঠ ক্ষমা যুক্ত শুচি অতি দীর্ঘ কর্ণ বিশিষ্ট পুরুষ দীর্ঘজীবী হয়েন ॥ ৮০ ॥

শৌচ মাস্তিক্য মভ্যাসো বেদেষু গুরু পূজনং। প্রিয়াতিথিত্ব মিজ্যা চ ব্রহ্মকায়স্য লক্ষণং ॥ ৮১ ॥

শুচি আস্তিকতা বেদাভ্যাস রত গুরু পূজাশক্ত অতিথি সেবা এবং যাগাদি কর্ম্মে অতি প্রিয়তা এই সকল লক্ষণ ব্রহ্মকায় পুরুষের জানিবে ॥ ৮১ ॥

মাহাত্ম্যং শৌর্য্যমাজ্ঞা চ সততং শাস্ত্র বুদ্ধিতা। ভৃত্যানাং ভরণঞ্চাপি মাহেন্দ্রং কায় লক্ষণং ॥ ৮২ ॥

মর্য্যাদা বিশিষ্ট বীরত্ব বলবতী আজ্ঞা সর্ব্বদা শাস্ত্রে মতি ভৃত্যবর্গ পোষণ মাহেন্দ্র কায় পুরুষের এই সকল লক্ষণ হয় ॥ ৮২ ॥

শীতসেবা সহিষ্ণুত্বং পৈঙ্গল্যং হরিকেশতা। প্রিয়বাদিত্ব মিত্যেতদ্বারুণং কায় লক্ষণং ॥ ৮৩ ॥

শীত সহন ক্ষম পিঙ্গল বর্ণ গাত্র কপিল বর্ণ কেশ প্রিয়ভাষিত্ব বারুণ কায় পুরুষের এই সকল লক্ষণ হয় ॥ ৮৩ ॥

মধ্যস্থতা সহিষ্ণুত্ব মর্থস্যাগম সঞ্চয়ৌ। মহা প্রসব শক্তিশ্চ

ন্বং কৌবেরং কায় লক্ষণং ॥ ৮৪ ॥

ক্ষীমাংসকতা সহিষ্ণুতা অর্থোপার্জ্জন ক্ষমতা এবং রক্ষণ ক্ষমতা পুত্রোৎপাদনাদিতে বিশেষ ক্ষমতা কুবের কায় পুরুষের লক্ষণ এই সকল জানিহ ॥ ৮৪ ॥

গন্ধমাল্য প্রিয়ত্বঞ্চ নৃত্যবাদিত্র কামিতা। বিহার শীলতা-
চৈব গান্ধর্ব্বং কায় লক্ষণং ॥

গন্ধমাল্যাদিতে অতি প্রিয়তা নর্ত্তন বাদন কর্ম্মে সদা অভিলাষ সর্ব্বদা বিহার শীল গন্ধর্ব্ব কায় পুরুষের এই সকল চিহ্ন হয় ॥ ৮৫ ॥

প্রাপ্তকারী দৃঢ়োত্থানো নির্ভয়ঃ স্মৃতিমান্ শুচিঃ। রাগমোহ
ভয় দ্বেষৈ র্বর্জিতোযাম্য সত্ববান্ ॥ ৮৬ ॥

উপস্থিত কার্য্যকারী স্থিরগতি শঙ্কা শূন্য স্মারক শুদ্ধাচারী রাগ মোহ ভয় দ্বেষ রহিত পুরুষকে যমসত্ব গুণান্বিত জানিহ ॥ ৮৬ ॥

জপ ব্রত ব্রহ্মচর্য্য হোমাধ্যায়ন সেবিনং। জ্ঞান বিজ্ঞান
সম্পন্ন মৃষি সত্ব নরং বিদুঃ ॥ ৮৭ ॥

ইষ্ট মন্ত্রোচ্চারণ উপবাস চান্দ্রায়ণাদি ব্রত ব্রহ্মচারির ধর্ম্ম প্রাপ্ত হোম অর্থাৎ দেবোদ্দেশে অগ্নিতে ঘৃত প্রদান বেদপঠন মোক্ষ বিষয় জ্ঞান এবং শাস্ত্রাদি জ্ঞান এই সকল লক্ষণ বিশিষ্ট পুরুষকে ঋষি সত্ব জানিহ ॥ ৮৭ ॥

সপ্তৈতে সাত্বিকাঃ কায়া রাজসাংস্তু নিবোধমে ॥ ৮৮ ॥

এই সপ্ত কায় সাত্বিক জানিহ পশ্চাৎ রাজসিক কায় কহিতেছি অবধারণ করহ ॥ ৮৮ ॥

ঐশ্বর্য্যবন্তং রৌদ্রঞ্চ শূরং চণ্ডমসূয়কং। একাশিনং চৌদ
রিকং মাশুরং সত্বমীদৃশং ॥ ৮৯ ॥

ঐশ্বর্য্যবান ক্রোধী বীর উগ্রস্বভাব পর গুণে দোষারোপণ কর্ত্তা একাহারী অথচ কুক্ষিম্ভরি অর্থাৎ পেটুক অশূর সত্বান্বিত পুরুষের এই

সকল লক্ষণ হয় ।। ৮৯ ।।

তীক্ষ্ণ মায়াসিনং ভীরুং চণ্ডং মায়ান্বিতস্তথা । বিহারাচার চপলং সর্প সত্বং বিদুর্বুধাঃ ।। ৯০ ।।

উগ্রমূর্ত্তি পরিশ্রমশাল ভয়যুক্ত ক্রোধী মায়াবিশিষ্ট, চঞ্চল বিহার ও আচার এতাদৃশ লক্ষণাক্রান্ত পুরুষকে সর্প সত্ব জানিহ ।। ৯০ ।।

প্রবৃদ্ধ কাম সেবীচাপ্যজস্রাহার এব চ । অমর্ষণোহনবস্থা- য়ী শাকুনং কায় লক্ষণং ।। ৯১ ।।

নিত্য কামুক নিরন্তর আহারে রত ক্রোধ চঞ্চলচিত্ত শঙ্কন কায়পুরু- যের এই সকল লক্ষণ হয় ।। ৯১ ।।

একান্ত গ্রাহিতা রৌদ্র মসূয়া ধর্ম্ম বাহ্যতা । ভৃশ মাত্রং তম শ্চাপি রাক্ষসং কায় লক্ষণং ।। ৯২ ।।

অতিশয় গ্রাহকতা শক্তি উগ্রস্বভাব পরগুণে দোষারোপণ কর্ত্তা অধর্ম্মশীল, অতিশয়, তমগুণবিশিষ্ট রাক্ষস কায় মনুষ্যের এই সক- ল চিহ্ন জানিহ ।। ৯২ ।।

উচ্ছিষ্টাহারতা তৈক্ষ্ণ্যং সাহস প্রিয়তাতথা । স্ত্রীলোলুপত্বং নৈর্লজ্জ্যং পৈশাচং কায় লক্ষণং ।। ৯৩ ।।

উচ্ছিষ্ট ভোজনে রত ক্রোধশীল অতি সাহসিক স্ত্রীলোভী লজ্জা শূন্য পিশাচ কায় মনুষ্য এই সকল লক্ষণাক্রান্ত হয় ।। ৯৩ ।।

অসম্বিভাগ মলসং দুঃখশীল মসূয়কং । লোলুপশ্চাপ্যদা- তারং প্রেত সত্বং বিদুর্নরং ।। ৯৪ ।।

বিভাগজ্ঞ হয় না আলস্যযুক্ত দুঃখশীল পরগুণে দোষ দাতা লোভী কৃপণ স্বভাব এই সকল লক্ষণ প্রেতকায় মনুষ্যের জানিহ ।। ৯৪ ।।

যড়েতে রাজসাকায়া স্তামসাংস্তু নিবোধমেঃ ।। ৯৫ ।।

এই ছয় প্রকার রাজসিক কায় পুরুষের লক্ষণ কহিলাম এই ক্ষণে তামসিক কায় পুরুষের লক্ষণ কহি মনোযোগপূর্ব্বক শ্রবণ করহ ।।

দুর্ম্মেধস্তং মন্দতা চ স্বপ্নে মৈথুন নিত্যতা। নিরাকরিষ্ণুতা-
চৈব বিজ্ঞেয়াঃ পাশবা গুণাঃ ॥ ৯৬ ॥

অভ্যাস শক্তি রহিত অপ্রশস্ত মতি স্বপ্নাবস্থাতে নিত্য মৈথুনাচরণ অমর্য্যাদা করণতা এইসকল পশু কায় মনুষ্যের লক্ষণজানিহ ॥ ৯৬

অনবস্থিততা মৌর্খ্যং ভীরুত্বং সলিলার্থিত। পরস্পরাভি
মর্দ্দশ্চ মৎস্য সত্বস্য লক্ষণং ॥ ৯৭ ॥

অমীমাংসকতা মূর্খতা ভয়শীলতা জলাভিলাষিত্ব পরস্পার বিবাদা-কাঙ্ক্ষা এই সকল লক্ষণ মৎস্য কায় মনুষ্যের হয় ॥ ৯৭ ॥

এক স্থান রতি র্নিত্য মাহারে কেবলে রতঃ। বানস্পত্যো
নরঃ সত্ব ধর্ম্ম কামার্থ বর্জ্জিতঃ ॥ ৯৮ ॥

প্রতি দিন এক স্থানেতেই বাস কেবল ভোজনাসক্ত সাধুতাহীন ধর্ম্মার্থ কাম বর্জ্জিত অপুষ্পা বৃক্ষ কায় পুরুষের এইসকল লক্ষণ হয় ॥ ৯৮-

ইত্যেতে ত্রিবিধাঃ কায়াঃ প্রোক্তা বৈতামসা স্তথা। কায়া-
নাং প্রকৃতিং জ্ঞাত্বাত্বনুরূপাং ক্রিয়াঞ্চরেৎ ॥ ৯৯ ॥

এই তিন প্রকার তামসিক কায়কথিত হইল। অতএব সত্বাদি কায় বিশিষ্ট পুরুষের প্রকৃতি বিবেচনা পূর্ব্বক চিকিৎসক চিকিৎসা করিবেন ॥ ৯৯ ॥

মহা প্রকৃতয় স্ত্বেতা রজঃ সত্ব তমঃ কৃতাঃ। প্রোক্তা লক্ষণতঃ
সম্যগ্গিযক্তাশ্চ বিভাবয়েৎ ॥ ১০০ ॥

সাত্বিকী প্রকৃতি রাজসিকী প্রকৃতি তামসিকী প্রকৃতি এই তিন প্রকার মহা প্রকৃতি লক্ষণ সহিত বিশেষ রূপে কথিত হইল অতএব বৈদ্য প্রকৃতি বিষয়ে বিশেষ রূপে চিন্তা করিবেন ॥ ১০০ ॥

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে শারীর প্রকরণে প্রকৃতি নির্ণয়ো নাম
নবমোল্লাসঃ ॥ * ॥ * ॥ * ॥

অথ নাড়ী জ্ঞান মাহ।

যামল প্রভৃতি নানা তন্ত্রে।

প্রথমং তাবন্নাড়ী পরীক্ষাণা দেববাতাদি জনিতানাং রোগাণাং সাধ্যাসাধ্য সবিশেষ জ্ঞান মুৎপদ্যতইত্যস্মাদেব তন্নিরুচ্যতে ইতি ॥ ১ ॥

অনন্তর নাড়ী জ্ঞান কথিত হইতেছে। যামল প্রভৃতি নানা তন্ত্রে। প্রথম তাবন্নাড়ী পরীক্ষা হইতেই বায়ু পিত্ত কফ জনিত রোগ সাকল্যের সাধ্য অসাধ্য বিশেষ জ্ঞান উৎপন্ন হয় এই হেতুক সেই নাড়ী জ্ঞান কথ্য হইতেছে ॥ ১ ॥

সার্দ্ধত্রিকোট্যো নাড্যোহি স্থূলাঃ সূক্ষ্মাশ্চ দেহিনাং। নাভি কন্দ নিবদ্ধাস্তাস্তির্য্যগূর্দ্ধমধঃ স্থিতাঃ ॥ ২ ॥

সাড়ে তিন কোটি নাড়ী দেহি দিগের স্থূল এবং সূক্ষ্ম। নাভিমূল নিবদ্ধা সেই সকল নাড়ী বক্র এবং ঊর্দ্ধ এবং অধঃ স্থিতা ॥ ২ ॥

তর্পয়ন্তি রসৈ র্দেহং নদ্যস্তোয়ৈরিবার্ণবং। দ্বাসপ্ততি সহস্রন্তু তাসাং স্থূলাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ৩ ॥

সেই সকল নাড়ী রস দ্বারা দেহকে তর্পণ করিতেছেন যেমন নদীসকল জল দ্বারা জলনিধি তৃপ্ত করেন। তাহার মধ্যে দ্বিসপ্ততি সহস্র ১০৭২ নাড়ী স্থূলা ॥ ৩ ॥

দেহে ধমন্যো ধন্যাস্তাঃ পঞ্চেন্দ্রিয় গুণাবহাঃ। নাভি কন্দ স্থিতাস্তাস্তু নাভৌচক্রে প্রবেষ্টিতা ॥ ৪ ॥

শরীরে ধমনী সকল ধন্যা পঞ্চেন্দ্রিয় গুণবহন করেন। অর্থাৎ শব্দ স্পর্শ রূপ রস গন্ধ বহন করেন। নাভিমূল স্থিতা এবং নাভিচক্রে প্রকৃষ্ট রূপে বেষ্টিতা ॥ ৪ ॥

তাসাঞ্চ সূক্ষ্ম শুষিরাণি শতানি সপ্ত যচ্ছানিয়ে রসকৃদ্দম

রসং বহদ্ভিঃ। আপ্যায়তে বপুরিদং নৃণামমীযামন্তঃ স্রুব
ন্তিরিব সিন্ধুশতৈঃ সমুদ্রঃ॥ ৫ ॥

সেই সকল নাড়ীর মধ্যে সূক্ষ্মছিদ্র সপ্তশত ৭০০ নির্ম্মল। যে সকল ছিদ্র বারম্বার অন্নরস বহন করেন তদ্দ্বারা এই সকল মনুষ্যদিগের এই দেহ আপ্যায়িত হইতেছে। যেমন জলস্রাবিনী নদীশত দ্বারা সমুদ্র তৃপ্ত হয়েন॥ ৫ ॥

আপাদতঃ প্রভৃতি গাত্রমশেষমাসা মামস্তকাদপিচ নাভি
পুর স্থিতেন। এতন্মৃদঙ্গইব চর্ম্মচয়েননদ্ধং কায়ং নৃণামিহ
শিরাশত সপ্তকেন॥ ৬ ॥

এই সকল মনুষ্যদিগের পাদ পর্য্যন্ত অশেষগাত্র মস্তক ব্যাপিয়া নাভিপুরে স্থিত শতসপ্তশিরা করণক এই শরীর ব্যাপ্ত, যাদৃশ চর্ম্ম সমূহেতে মৃদঙ্গ বদ্ধ তদ্রূপ॥ ৬ ॥

শতসপ্তানাং মধ্যে চতুরধিকা বিংশতিঃস্ফুটা স্তাসাং মুখ্যা
শ্চতুর্দ্দশ॥ ৭ ॥

সেই শতসপ্ত নাড়ীর মধ্যে চতুর্বিংশতি ব্যক্তা। তাহার মধ্যে প্রধানা চতুর্দ্দশ॥ ৭ ॥

তদ্যথা। ঈড়াচ পিঙ্গলাচৈব সুসুম্না চ সরস্বতী। গান্ধারী
হস্তিজিহ্বাচ কুপূযাচ যশস্বিনী॥ ৮ ॥

চারাণা লম্বুষা বিশ্বা শঙ্খিনীচ পয়স্বিনী। এতাঃ প্রাণবহা
নাড্যো জীবকোষে প্রতিষ্ঠিতাঃ॥ ৯ ॥

এই চতুর্দ্দশ নাড়ী প্রাণকে বহন করেন জীবকোষে প্রতিষ্ঠিতা॥ ৯

তাসাং তিস্রঃ প্রধানাস্তু তিসৃষ্বেকোত্তমামতা। ঈড়াচ পিঙ্গ
লাচৈব সুসুম্না চ তৃতীয়কা॥ ১০ ॥

তাহার মধ্যে প্রধানা তিস্রু তিনেতে উত্তমা একা। ঈড়া পিঙ্গলা

সুসুম্না এই তিন তিনের মধ্যে সুসুম্না ॥ ১০ ॥

তত্রৈকা বামতোযাতি দ্বিতীয়া দক্ষিণে তথা। মধ্যে বায়ু পথং বিদ্যাৎ ত্রিভিস্তুল্যং গতাগতং ॥ ১১ ॥

তাহাতে একানাড়ী বামে গতি করেন, দ্বিতীয়া দক্ষিণে যান, মধ্যে তৃতীয় যান, এই তিনের দ্বারা তুল্য গমনাগমন বায়ুপথ জানিহ ৷ ১১

চন্দ্রঃ সূর্য্যো মরুচ্চৈব ত্রয়স্তিসৃষ্ববস্থিতাঃ। তথা রজ স্তম শ্চৈব সত্বং রাত্র্যহঃ কালএব ॥ ১২ ॥

চন্দ্র এবং সূর্য্য এবং বায়ু এই তিন ত্রিতয়ে অবস্থিত। এবং সত্ব রজ স্তম এই তিনও স্থিত এবং রাত্রি দিবা ও কালস্থিত ॥ ১২ ॥

ঈড়া দোষময়ী প্রোক্তা পিঙ্গলা বহ্নিরূপিণী। বায়ুগ্নেয়ী সুসুম্না চ ব্রহ্মদ্বার পথানুগাঃ ॥ ১৩ ॥

ঈড়া দোষবিশিষ্টা পিঙ্গলা অগ্নিরূপ বিশিষ্টা। বায়ু এবং অগ্নি বিশিষ্টা সুসুম্না এবং ব্রহ্মদ্বার পথানুগামিনী ॥ ১৩ ॥

পদ্মকোষ প্রতীকাশং শুষিরৈশ্চ বিভূষিতং। হৃদয়ং তদ্বিজানীয়াৎ বিশ্বস্যায়তনং স্থিতং ॥ ১৪ ॥

পদ্মকোষের ন্যায় ছিদ্রেতে বিভূষিত হৃদয় জানিহ সেই হৃদয় বিশ্বের আয়তন অর্থাৎ প্রধান স্থান ॥ ১৪ ॥

ক্বচিচ্চক্রধৃঃ কোষশ্চ ক্বচিজ্জীব গৃহং স্থিতং। অস্মিংশ্চক্রে স্থিতো জীবঃ পুণ্যাপুণ্য প্রাদেশিতঃ ॥ ১৫ ॥

জীবের গৃহস্থিতি কোন স্থানে চক্রাকার, কোন স্থানে কোষাকার অর্থাৎ গুহাকার, এই চক্রে পুণ্য অপুণ্য আদেশিত জীবস্থিতি করেন অর্থাৎ পুণ্যাপুণ্যাদেশিতে জীবের পুণ্যাপুণ্য কর্ত্তৃত্ব জানিহ ॥ ১৫ ॥

প্রাণানি সমমারূঢ়ো দেহে ভ্রমতি সর্ব্বদা। তন্তুপঞ্জর মধ্যস্থা যথা ভ্রমতি লূতিকা ॥ ১৬ ॥

সেই জীব প্রাণ সকলকে আরোহণ করিয়া দেহেতে সর্ব্বদা ভ্রমণ

করিতেছেন। যাদৃশ তন্তু পঞ্জর মধ্যে লূতা ভ্রমণ করে, অর্থাৎ সুতার পিঞ্জরের মধ্যে মাকড়সা ॥ ১৬ ॥

যস্তমাভ্যাসতেনিত্যং তাপাতেনান্তরাত্মনা। ন তস্যজায়তে মৃত্যু রিতি সর্ব্বাগমোদিতৎ ॥ ১৭ ॥

যে জীব জীবগত মন দ্বারা নিত্য বৃক্ষকে অভ্যাসকরেন সে জীবের মৃত্যু হয় না এই সর্ব্বাগমে প্রকাশিত ॥ ১৭ ॥

নাভিরোজো গুদৎ শুক্রং শোণিতৎ শঙ্খকৌ তথা।
মূর্দ্ধাংশ কাণ্ড হৃদয়ং প্রাণস্যায়তনং দশ ॥ ১৮ ॥

নাভি ওজ গুহ্যদ্বার শুক্র শোণিত শঙ্খদয় মস্তক ভুজো পরিভাগ হৃদয় এই দশ প্রাণের স্থান জানিহ ॥ ১৮ ॥

ত্রিংশদ্ধস্তপ্রমাণাতু বিশ্বোদরী দ্বয়াধিকা। একহস্ত প্রমাণাস্যাৎ কণ্ঠদেশস্য নাড়ীকা ॥ ১৯ ॥

বত্রিশহস্ত প্রমাণা বিশ্বোদরী নামিকা নাড়ী সকলের উদরস্থিত অন্ত্রনাড়ী। একহস্ত প্রমাণা কণ্ঠদেশের নাড়ী ॥ ১৯ ॥

দশহস্তা ততঃ পশ্চাদামাশয়া প্রকীর্ত্তিতা। পচ্যমানাশয়া জ্ঞেয়া দশহস্তা ততঃ পরং ॥ ২০ ॥

দশহস্ত প্রমাণা আমাশয়স্থিতা পচ্যমানাশয়স্থিতা দশহস্তা। ২০।

পক্কাশয়া ততঃ পশ্চাদ্দশহস্তা প্রকীর্ত্তিতা। একহস্তা গুহ্য দেশে শঙ্খাবর্ত্তাতু নাড়িকা ॥ ২১ ॥

তৎপশ্চাৎ দশহস্তাপক্কাশয় স্থিতা, এক হস্ত প্রমাণা গুহ্যদেশে নাড়ী শঙ্খাবর্ত্তের ন্যায় অর্থাৎ শঙ্খের বেড়ের মত। কণ্ঠদেশ হইতে একহাত আমাশয় পর্য্যন্ত এই আমাশয়নাড়ী দশহাত তাহা হইতে পচ্যমান অবধি পচ্যমানা এইরূপ ক্রমেতে যোগ আছে ॥ ২১ ॥

ভুক্তমামাশয়ে তিষ্ঠেৎ পচ্যমানাশয়ে পচেৎ। পক্কং পক্কাশয়ে তিষ্ঠেৎ-বহিঃ পক্কাশয়োপরি ॥ ২২ ॥

ভুক্তাহার আমাশয়ে স্থিতি করেন, পচ্যমানাশয়ে পক্ক হয়, পক্ক পক্কাশয়ে থাকে, পক্কাশয়ের উপর অগ্নি জানিহ ॥ ২২ ॥

পচ্যমানাশয়ে পক্কং মলঃ পক্কাশয়ে ব্রজেৎ। রসোভক্তা
দিকোলাঞ্চ নাভিনাড্যা কলেবরং ॥ ২৩ ॥
সকলং যাতি মরুতা নীয়মানঃ স্বমাত্রয়া ॥ ২৪ ॥

পচ্যমানাশয়ে পক্কমল পক্কাশয়ে গমন করেন। আহারাদির রস নাভিনাড়ী দ্বারা মারুত কর্তৃক প্রাপ্ত হইয়া সকল শরীরে গমন করেন ॥ ২৪ ॥

নাভিস্তু কূর্ম্মরূপঃ স্যান্মহানাড্যষ্ট পাস্তবেৎ। চতস্রঃ পৃষ্ঠ
দেশেস্যাশ্চতস্রঃ ক্রোড়দেশতঃ ॥ ২৫ ॥

কূর্ম্মরূপ অর্থাৎ কচ্ছপরূপ নাভী হইয়াছে মহানাড়ী অষ্টপাদ তাহার হয়। পৃষ্ঠস্থানে চতুর ক্রোড়দেশে চতুর ॥ ২৫ ॥

দ্বেদ্বে ঊর্দ্ধ মধশ্চাপি নাভিকে অন্তগামিনী। ঊর্দ্ধগা গলদে
শেতু দ্বিপল্লবা প্রকীর্ত্তিতা ॥ ২৬ ॥

দুই দুই করিয়া ঊর্দ্ধ অধগামিনী মধ্যগামিনী, গলদেশে ঊর্দ্ধগামিনী দুই পল্লব বিশিষ্টা নাড়ী জানিহ ॥ ২৬ ॥

তদেকাগলতঃ পঞ্চ পল্লবা নাড়িকাস্মৃতা। চক্ষুষোর্নাসিকা
রন্ধ্রে জিহ্বোষ্ঠে শ্রবণেধরে ॥ ২৭ ॥

সেই একানাড়ী গলদেশে পঞ্চ পল্লবযুক্তা, চক্ষুতে নাসিকারন্ধ্রে জিহ্বাতে কর্ণেতে অধরে ॥ ২৭ ॥

আকুঞ্চনকরীখ্যাতা এবং পৃষ্ঠাৎ প্রসারিণী। তদেকা স্কন্ধ
দেশাত্তু হস্তগা পঞ্চপল্লবা ॥ ২৮ ॥

পৃষ্ঠদেশে নাড়ী সংকুচিতকরী এবং প্রসারণকারিণী। তাহারএকা নাড়ী স্কন্ধদেশ হইতে হস্তগতা পঞ্চপল্লব বিশিষ্টা ॥ ২৮ ॥

অঙ্গুলী ক্রোড়গানৈব আকুঞ্চনকরী স্মৃতা। এবং পৃষ্ঠাৎ

সম্যাগত্য প্রসারণকরী স্মৃতা ॥ ৩০ ॥

সেই নাড়ী অঙ্গুলিক্রোড়স্থিতা আকুঞ্চনকারিণী। এবং পৃষ্ঠ হইতে আগতা হইয়া প্রসারণকারিণী হয় অর্থাৎ কোঁকড়ান এবং সরাণ ॥

অধোগা উরু সন্ধ্যন্তর্নাড়িকা পঞ্চপল্লবা। পাদাঙ্গুল গতা
সৈব আকুঞ্চনকরী স্মৃতা ॥ ৩০ ॥

অধোগতা উরুসন্ধির মধ্যে নাড়ী পঞ্চপল্লবান্বিতা, পল্লব অর্থাৎ ডাল, পাদের অঙ্গুলগতা সেই পাদাঙ্গুলের আকুঞ্চনকরী জানিহ ॥

এবং পৃষ্ঠাৎ সমাগত্য প্রসারণকরী স্মৃতা ॥ ৩১ ॥

এবং পৃষ্ঠ হইতে আগমন করিয়া অঙ্গুলি প্রসারণ করেন। ৩১।

কূর্ম্মস্য নবমঃ পাদে লিঙ্গনাড়ীতি কীর্ত্যতে। মূত্রশুক্র বহে
নাড্যৌ তস্যাপল্লবতঃ পুনঃ ॥ ৩২ ॥

কূর্ম্মের নবম পাদ লিঙ্গনাড়ী তাহার পল্লবেতে মূত্র এবং শুক্রবহা নাড়ী দ্বয় ॥ ৩২ ॥

শব্দগ্রহা শ্রুতৌ নাড়ী রূপগ্রহা চ লোচনে। গন্ধগ্রহা নাসি
কায়াং রসনায়াং রসাবহা ॥ ৩৩ ॥

এবং ত্বক্ স্পর্শবহা শব্দ কৃদ্ধৃদয়ান্মুখে। মনো বুদ্ধ্যাদিকং
সর্ব্বং হৃদয়েষু প্রতিষ্ঠিতং ॥ ৩৪ ॥

শ্রবণে নাড়ী শব্দ গ্রহণ করেন, লোচনে রূপ গ্রহণ, নাসিকাতে গন্ধগ্রহণ, জিহ্বাতে রসগ্রহণ ॥ ৩৩ ॥

এবং ত্বচে স্পর্শ গ্রহণ, হৃদয় হইতে মুখে শব্দ করেন, মনো বুদ্ধ্যাদি সকলি হৃদয়ে অধিষ্ঠিত ॥ ৩৪ ॥

পুরীতত্যাং মনঃস্থিত্যা নিদ্রাসম্ভবি জায়তে ॥ ৩৫ ॥

পুরীততী নাম্নিকা নাড়ীতে মনের স্থিতি দ্বারা নিদ্রা হয়। ৩৫।

হৃদি প্রাণো গুদেঽপানঃ সমানো নাভিদেশতঃ। উদানঃ
কণ্ঠদেশেস্যাদ্ব্যানঃ সর্ব্ব শরীরগঃ ॥ ৩৬ ॥

নাগঃ করোতি চৈতন্যং দেবদত্তো বিজৃম্ভতে। উন্মেষং
কৃকরঃ কুর্য্যাৎ কূর্ম্মশ্চাপি নিমীলনং ॥ ৩৭ ॥
ধনঞ্জয়স্তথোবায়ুঃ সর্ব্ব দেহ চরস্তুসঃ। বায়বো দশবিখ্যাতা
দেহচেষ্টা করামতাঃ ॥ ৩৮ ॥

আগমশাস্ত্রে দশবায়ু বিখ্যাত আছে তাঁহারা দেহ চেষ্টাকারক। হৃদয়ে প্রাণ, গুহ্যদেশে অপান, নাভিদেশে সমান, কণ্ঠদেশে উদান সর্ব্ব শরীরে ব্যান। নাগবায়ু চৈতন্য করেন, দেবদত্ত জৃম্ভন করেন অর্থাৎ হাযু। কৃকরবায়ু চক্ষুর উন্মেষ করেন, কূর্ম্মবায়ু চক্ষুর নিমী-লন করেন ধনঞ্জয় নাম বায়ু সকল দেহেতে গমন করেন ॥ ৩৮ ॥

অপিচ তন্ত্রান্তরে।

তির্য্যক কূর্ম্মোদেহিনাং নাভিদেশে বামেবক্তুং তস্যপুচ্ছঞ্চ
যাম্যে। ঊর্দ্ধ্বভাগে হস্তপাদৌচ বামৌ তস্যাধস্তা দক্ষিণৌ
সংস্থিতৌতৌ ॥ ৩৯ ॥

বক্ররূপ কূর্ম্মোদেহিদিগের নাভিদেশে স্থিতি তাহার বামে মুখ তাহার দক্ষিণেতে পুচ্ছ, ঊর্দ্ধ্বভাগে হস্ত এবং বাম পাদ, তাহার অধভাগে দক্ষিণ হস্ত পাদ ॥ ৩৯ ॥

বক্তে নাড়ীদ্বয়ন্তস্য পুচ্ছে নাড়ীদ্বয়ন্তথা। পঞ্চ পঞ্চ করে
পাদে বাম দক্ষিণ ভাগয়োঃ ॥ ৪০ ॥

তাহার মুখে নাড়ীদ্বয় পুচ্ছে নাড়ীদ্বয় পঞ্চ পঞ্চ হস্তেতে এবং পাদেতে বামেতে এবং দক্ষিণেতে ॥ ৪০ ॥

সব্যেনরোগধৃতি কূর্পরভাগভাজাং পীড্যাথ দক্ষিণকরাঙ্গু-
লিকা ত্রয়েণ। অঙ্গুষ্ঠমূলমধি পশ্চিমভাগ মধ্যে নাড়ীৎপ্রভ
ঞ্জনগতিং সততং পরীক্ষেৎ ॥ ৪১ ॥

নাড়ী পরীক্ষাকারক বৈদ্য রোগধারণ কৃত কূর্পরভাগকে বামহস্ত দ্বারা পীড়ন করিয়া দক্ষিণ হস্তের অঙ্গুলিত্রয় কল্পক বৃদ্ধাঙ্গুলির

মূলের পশ্চাদ্ভাগ মধ্যে বায়ুগতি বিশিষ্টা নাড়ীকে সর্ব্বদা পরীক্ষা করিবেক ॥ ৪১ ॥

প্রাতঃকৃত সমাচারঃ কৃতাচার পরিগ্রহং। সুখাসীনঃ সুখা
সীনং পরীক্ষার্থ মুপাচরেৎ ॥ ৪২ ॥

প্রাতঃকৃত্যাদি কর্ম্মকৃত বৈদ্য প্রাতঃকৃত্যাদি কর্ম্মকৃত রোগিকে সুখোপবিষ্ট হইয়া সুখেতে আসনে স্থিত রোগিকে পরীক্ষা নিমিত্ত উপাচরণ করিবেক অর্থাৎ তাদৃশ বৈদ্য এতাদৃশ রোগির নাড়ীকা স্পর্শন করিবেক ॥ ৪২ ॥

তৈলাভ্যঙ্গেচ সুপ্তেচ তথাচ ভোজনান্তরে। তথা নজ্ঞায়তে
নাড়ী যথা দুর্গতরা নদী ॥ ৪৩ ॥

তৈলাভ্যঙ্গেতে এবং নিদ্রাবস্থাতে এবং ভোজনান্তেতে নাড়ী জ্ঞান হয় না, যেমন দুর্গতরা নদী বেগবতী তাদৃশ নাড়ী বেগবতী হয়েন ॥ ৪৩ ॥

বামভাগে স্ত্রীয়াযোজ্যা নাড়ী পুংসস্তু দক্ষিণে। ইতি
প্রোক্তং ময়া দেবী সর্ব্ব দেহেষু দেহিনাং ॥ ৪৪ ॥

বামভাগেতে স্ত্রীলোকের নাড়ী যোজনীয়া পুরুষের দক্ষিণে। শিব কহিতেছেন হে দেবি ভগবতি সকল দেহেতে দেহি দিগের এইরূপ জানিহ ॥ ৪৪ ॥

অঙ্গুষ্ঠস্যতু মূলে যা সানাড়ী জীবসাক্ষিণী। তস্যাগতি বশা
দ্বিদ্যাৎ সুখং দুঃখঞ্চ রোগিণাং ॥ ৪৫ ॥

বৃদ্ধাঙ্গুলির মূলেতে যে নাড়ী তিনি জীবসাক্ষিণী। তাহার গতিবশ হেতুক রোগিদিগের সুখ দুঃখ জ্ঞাত হইবেক ॥ ৪৫ ॥

স্নায়ুনাড়ীবসা হিংস্রা ধমনী ধামনীধরা। তন্তুকী জীবিত
জ্ঞাচ শিরাপর্য্যায় বাচকাঃ ॥ ৪৬ ॥

স্নায়ু ও নাড়ী ও বসা ও হিংস্রা ও ধমনী ও ধামনী ও ধরা। তন্তুকী

ও জীবিতজ্ঞ ও শিরা এই সকল পর্য্যায় কথন নাড়ীর অর্থাৎ নাড়ীর নাম এই সকল ॥ ৪৬ ॥

আদৌচ বহতে বাতো মধ্যে পিত্তস্তথৈবচ। অন্তেচ বহতে শ্লেষ্মা নাড়িকা ত্রয়লক্ষণং ॥ ৪৭ ॥

আদিতে অঙ্গুষ্ঠমূলে বাতো বহেন তৎপরে মধ্যে পিত্ত বহেন তৎ পরে অন্তে শ্লেষ্মা বহেন নাড়ীর এই ত্রিবিধ চিহ্ন ॥ ৪৭। এই অর্থান্তর কথিত হইতেছে আদিতে মণিবন্ধ স্থানে অঙ্গুলি প্রবেশ কালে যে অঙ্গুলিতে অগ্রে বহেন সেই বায়ু তৎপরে যে অঙ্গুলিতে বহে সেই পিত্ত সেই মধ্য, তৎপরে যে অঙ্গুলিতে বহে সেই শ্লেষ্মা সেই অন্ত, এতদ্রূপে মধ্যমাঙ্গুলিতে অগ্রেই নাড়ী বহেন, তৎপরে তর্জ্জনী অঙ্গুলিতে পিত্ত বহেন, তৎপরে অনামিকাঙ্গুলিতে শ্লেষ্মা বহেন এই সাধু অর্থ প্রত্যক্ষানুভবসিদ্ধ ॥ ৪৬ ॥ অন্যচ্চ ॥

বাতাধিকা বহেন্মধ্যে হ্যগ্রে বহতি পিত্তলা। অন্তেচ বহতে শ্লেষ্মা মিশ্রিতে মিশ্রিতা ভবেৎ ॥ ৪৭ ॥

অন্যচ্চ ॥

বাতাধিক্য নাড়ী মধ্যে মধ্যমাঙ্গুলিতে বহেন অগ্রে তর্জ্জনী অঙ্গুলিতে পিত্ত বহেন অন্তে অনামিকাঙ্গুলে শ্লেষ্মা মিলিতে মিলিত বহেন যথা দ্বিদোষাধিকে ত্রিদোষাধিকে ॥

পূর্ব্ব বাক্যার্থের প্রতিপোষক বচন এবং মধ্যমাঙ্গুলিতে বায়ু নিশ্চয় বহেন ইহার অন্য প্রতিপোষক বচন লিখিত হইতেছে। ৪৭।

তৃণং পুরঃসরং কৃত্বা যথা বাতোবহেদ্বলী। শেষস্থং তৃণমাদায় পৃথিব্যাং বক্রগো যথা ॥ ৪৮ ॥

তথা মধ্যগতো বায়ুঃ কৃত্বা পিত্তং পুরঃসরং। শেষস্থং কফমাদায় নাড্যাং বহতি সর্ব্বদা ॥ ৪৯ ॥

অতএব পিত্তস্য চঞ্চলা গতি বায়োরগত্বাৎ। কফস্য মন্দাগতি বায়ুপৃষ্ঠত্বাৎ। ৫০ ॥

তৃণকে অগ্রগত করিয়া বলবান বায়ু যে প্রকার বহেন,এবং পশ্চাৎ স্থিত তৃণকে লইয়া পৃথিবীতে যে প্রকার বক্রগতি হয়েন। সেইপ্রকার বায়ু পিত্তকে পুরঃসর করিয়া শেষস্থ কফ গ্রহণ করিয়া মধ্যগত হইয়া সর্ব্বদা নাড়ীতে বহেন ॥ অতএব পিত্তের চঞ্চলাগতি বায়ুর অগ্রত্ব হেতুক কফের মন্দগতি বায়ুর পৃষ্ঠত্ব হেতুক। যেমন বাতাসের অগ্রে তৃণাদি অতিশীঘ্র যায় বাতাসের পশ্চাৎ তৃণাদি মন্দ২ যায় তেমন বায়ুর অগ্র পশ্চাতে পিত্ত কফে গতি জানিহ॥ ৫০ ॥

মতান্তরং। আদৌচ বহতে পিত্তং মধ্যে শ্লেষ্মা তথৈবচ।
অন্তে প্রভঞ্জনো জ্ঞেয়ঃ সর্ব্ব শাস্ত্র বিশারদৈঃ॥ ৫১॥

আদিতে পিত্ত বহেন মধ্যে শ্লেষ্মা বহেন অন্তে বায়ু বহেন সকল শাস্ত্র বিশারদ কর্তৃক জ্ঞাত এই ॥ ৫১ ॥

এই অর্থ অভিপ্রেত ও হয় তাৎপর্য্য গ্রহণ এই তর্জ্জনীগতি ত্যাগ হইলে মনুষ্যের পিত্ত স্বরূপ অগ্নিহীন হইয়া তেজহীন হয় তেজহীন হইলে জলীয় দোষ কফ বৃদ্ধি হয় তৎকালে মধ্যমানামিকাতে নাড়ীর গতি তৎপরে অনামিকাতে বায়ুর গতি কিঞ্চিৎ মাত্র অনামিকার গতি বায়ুত্যাগ করিয়া শরীর হইতে বহির্গত বায়ু হয়েন মনুষ্যের মৃত্যু হয়। তর্জ্জনীতে পিত্তগতি এই নিশ্চয় সর্ব্বতভাবে হইল মধ্যমাতে বায়ুগতি এই নির্দ্ধারিত ও হইল বায়ুর যাবৎ পর্য্যন্ত প্রবলতা থাকে সেই বায়ুগতি দ্বারা পিত্ত সত্বে পিত্তগতি তর্জ্জনীতে অগ্নিহীন শরীরেতে পিত্তগতি তর্জ্জনীতে থাকেন না কেবল মধ্যমাতে বায়ুগতি অনামিকাতে শ্লেষ্মগতি বাতশ্লেষ্মা গতি মাত্র বায়ুর বলহীন হইলে কফ বৃদ্ধি প্রাপ্ততে কেবল অনামিকাতে গতি অতিশয় কফপ্রাপ্ত বায়ু অনামিকাতে কিঞ্চিৎ গতি যাবৎ পর্য্যন্ত বায়ু শরীরে থাকেন শরীর ত্যাগেচ্ছুক সর্ব্ব কায়ব্যাপ্ত বায়ু আকল্যশিরা হইতে নির্গত

। সুতরাং নাড়ীগতি যায় মৃত্যু হয় নাড়ীতে কেবল বায়ুর গতি রক্ত রস পিত্ত কফযোগেতে নাড়ীতে বায়ুগতি বিশেষ এইগতি জ্ঞান হওয়া অধুনাদুর্ঘটই যোগিদিগের সুঘট ।। ৫১ ।।

লতা ভুজগ প্রায়া স্বচ্ছা স্বাস্থ্যময়ী শিরা। সুখিতস্য
স্থতাজ্ঞেয়া তথা বলবতী মতা ।। ৫২ ।।

খ্যের নাড়ী কিঞ্চুলকের ন্যায় গতি এবং সর্পেরগতি এবং
ঃ বলবতী স্থিতা জানিহ ।। ৫২ ।।

ন্যচ। প্রাতঃ স্নিগ্ধময়ী নাড়ী মধ্যাহ্নে প্যুষ্ণতান্বিতা।
য়াহ্নে ধাবমানাচ চিরাদ্রোগ বিবর্জ্জিতা ।। ৫৩ ।।

ালে স্নিগ্ধময়ী নাড়ী মধ্যাহ্নে উষ্ণানাড়ী সায়াহ্নে ধাবমানা রোগ বর্জ্জিতা নাড়ী নিত্য এই গতি জানিহ ।। ৫৩ ।।

াতাদ্বক্রগতা নাড়ী চপলা পিত্তবাহিনী। স্থিরা শ্লেষ্ম
তীজ্ঞেয়া মিশ্রিতে মিশ্রিতা ভবেৎ ।। ৫৪ ।।

ইতে নাড়ী বক্রগতি হয়েন, পিত্ত প্রধানা নাড়ী চঞ্চলা, ান্য নাড়ী স্থিরা, উভয়ে মিলিত হইলে মিশ্রলক্ষণা সমস্ত লে ও সাকল্য লক্ষণা ।। ৫৪ ।।

জলৌকাদি গতিং বদন্তি বিদ্বাং সঃ প্রভঞ্জনে নাড়ীং।
ক্ষ কাকলা বক ভেকাদিগতিং বিদুঃসুধিয়ঃ ।। ৫৫ ।।

গঅর্থাৎ জোঁক ইহারদিগের গতি বিশিষ্টা নাড়ী বায়ু কহেন। কাকলাব পক্ষ ভেকাদি গতি বিশিষ্টা নাড়ী হন ।। ৫৫ ।।

ন ময়ূরাণাং পারাবত কপোতয়োঃ। কুক্কুটাদি
স্তু ধমনী কফসংবৃতা ।। ৫৬ ।।

ারাবত বনপারাবত অর্থাৎ পাএরা কুক্কুট অর্থাৎ র গতি ধারণ করেন কফসংযক্তা নাড়ী ।। ৫৬ ।।

মুহুঃসর্পগতি র্নাড়ী মুহুর্ভেকগতি স্তথা। বাতপিত্তদ্ব
য়োদ্ভূতাং প্রবদন্তি বিচক্ষণাঃ॥ ৫৭ ॥

বারম্বার সর্পগতি নাড়ী বারম্বার ভেকগতি নাড়ী বায়ু পিত্তাধিকা ব চক্ষণ কহেন॥ ৫৭ ॥

ভুজগাদি গতিস্থানাৎ রাজহংস গতিস্তথা। বাতশ্লেষ্ম
দ্বয়োদ্ভূতাং ভাষন্তে তদ্বিদোজনাঃ॥ ৫৮ ॥

সর্পাদি গতিস্থিতা নাড়ী এবং রাজহংস গতিনাড়ীকে বাতশ্লেষ্মাধিকা কহেন নাড়ীজ্ঞাতা জন সকল॥ ৫৮ ॥

মণ্ডূকাদি গতিংনাড়ীং ময়ূরাদি গতিং ধরাং। পিত্ত
শ্লেষ্ম সমদ্ভূতাং প্রবদন্তি মনীষিণঃ॥ ৫৯ ॥

ভেকগতি নাড়ী ময়ূরাদি গতি ধারিণী নাড়ীকে পিত্তশ্লেষ্মাধিকা কহেন॥ ৫৯ ॥

অন্যচ্চ। সুক্ষ্মা শীতা স্থিতা নাড়ী পিত্তশ্লেষ্ম সমুদ্ভবা।
কফ বাতোদ্ভবা নাড়ী সর্প হংস গতি র্ভবেৎ॥ ৬০ ॥

সুক্ষ্মা অথচ শীতলা স্থিরাগতি নাড়ী পিত্তশ্লেষ্মা সমুদ্ভবা বাতোদ্ভবা নাড়ী সর্প এবং হংসগতি হয়েন॥ ৬০ ॥

লাব তিত্তিরি বর্ত্তক গমনং সন্নিপাততঃ। কদাচিৎ মন্দ
নাড়ী কদাচিৎ শীঘ্রগা ভবেৎ॥ ৬১ ॥
ত্রিদোষ প্রভবে রোগে বিজ্ঞেয়াচ ভিষগ্বরৈঃ॥ ৬২ ॥

লাবপক্ষি তিত্তিরিপক্ষি বর্ত্তকপক্ষির ন্যায় সন্নিপাত হইতে নাড়ী গমন হয়। কখন মন্দগতি নাড়ী কখন শীঘ্রগতি ত্রৈদোষিক ব্যাধিতে পণ্ডিত কর্ত্তৃক বিজ্ঞেয় হইয়াছে॥ ৬২ ॥

মন্দং মন্দং শিথিল শিথিলং ব্যাকুলং ব্যাকুলম্বা,
স্থিত্বাস্থিত্বা বহতি ধমনী যাতি নাশঞ্চ সুক্ষ্মা। নিত্যং

স্থানাৎ স্খলতি পুনরপ্যঙ্গুলিং সংস্পৃশেদ্বা, ভাবৈরেবং
বহুবিধ বিধৈঃ সন্নিপাতেত্ব সাধ্যা ॥

সান্নিপাতিক বিকারে নাড়ী ক্ষণে ক্ষণে মন্দ২ গতি বিশিষ্টা হয়েন শিথিল শিথিল গতি এবং ব্যাকুল২গতি এবং কখন২ সূক্ষ্মা হইয়া নাশ হয়েন। নিত্যস্থান অর্থাৎ মণিবন্ধস্থান হইতে স্খলিত হয়েন পুনর্ব্বার অঙ্গুলিকে স্পর্শ করেন এবম্প্রকার বহুবিধ বিধ ভাবদ্বারা সন্নিপাতে অসাধ্যা ॥ ৬৩ ॥

অন্যচ্চ। যাত্যুচ্চকা স্থিরাত্যন্তা যাচেয়ং মাংসবাহিনী।
যাচ সূক্ষ্মাচ বক্রাচ তামসাধ্যাং বিদুর্বুধাঃ ॥ ৬৪ ॥

যে নাড়ী অত্যন্ত উচ্চা অথচ স্থিরা যিনি মাংসবাহিনী এবং যে সূক্ষ্মা এবং বক্রা সেই নাড়ীকে পণ্ডিতেরা অসাধ্য জ্ঞান করেন ।৬৪

অন্যচ্চ। মহাদাহেপি শীতত্বং শীতত্বে তাপিতা শিরা।
নানাবিধা গতির্যস্য তস্য মৃত্যুর্নসংশয়ঃ ॥ ৬৫ ॥

অতিশয় দাহেতে নাড়ী শীতল হয়েন শীতল প্রাপ্ত শরীরে নাড়ী উষ্ণা যাহার হয় এবং নানাবিধা গতি হয় তাহার মৃত্যু হয় সংশয় নাই ॥ ৬৫ ॥

অন্যচ্চ। ত্রিদোষে স্পন্দতে নাড়ী মৃত্যুকালেচ নিশ্চলা।
জ্ঞেয়া সর্ব্ব বিকারেষু বৈদ্যৈঃ কুশল কর্ম্মভিঃ ॥ ৬৬ ॥

ত্রিদোষ বিকারে নাড়ী স্পন্দন বিশিষ্টা হয় মৃত্যুকালে নিশ্চলা হয় সকল বিকারেতে কুশল কর্ম্মা বৈদ্য কর্তৃক এই বিজ্ঞেয় হইয়াছে ॥

অন্যচ্চ। পূর্ব্বং পিত্তগতিং প্রভঞ্জনগতিং শ্লেষ্মান মাবি
ভ্রতীং, সন্তান ভ্রমণং মুহুর্ব্বিদধতীং চক্রাদি রূঢ়ামিব।
তীব্রত্বং দধতীং কণাহি গতিকাং সূক্ষ্মত্ব মাতন্বতিং,
নাসাধ্যাং ধমনীং বদন্তি সুধিয়ো নাড়ীগতি জ্ঞানিনঃ ॥

প্রথম পিত্তগতি পরে বায়ুগতি পরে শ্লেষ্মাগতি বিশিষ্টা চক্রাদি আরূঢ় ন্যায় বারম্বার বিস্তার ভ্রমণ বিধারণ করেন এবং খরতর

ধারণ করেন ও অল্পা অথচ সর্পগতি, সূক্ষ্মত্ব প্রাপ্তা নাড়ীকে নাড়ীগতি জ্ঞানি পণ্ডিত সকল অসাধ্য কহেন না। এতাদৃশা নাড়ীগতি সাধ্যা ॥ ৬৭ ॥

ভূলতা ভুজগাকারা নাড়ী দেহস্য সংক্রমাৎ। বিশীর্ণে
ক্ষীণতাং যাতি মাসান্তে মরণং ধ্রুবং ॥ ৬৮ ॥

কিঞ্চুলিকাকার এবং সর্পাকার গতি নাড়ী দেহের ক্রমেতে বিশীর্ণ হইলে ক্ষীণ প্রাপ্তা হয়েন যাহার তাঁহার মাসান্তে মরণ নিশ্চয় জানিহ ॥ ৬৮ ॥

ক্ষণাদ্গচ্ছতি বেগেন শান্ততাং লভতে ক্ষণাৎ। সপ্তা
হান্মরণং তস্য যদ্যঙ্গে শোথ বর্জ্জিতঃ ॥ ৬৯ ॥

নাড়ী ক্ষণেতে বেগেতে যায় ক্ষণেতে শান্ত প্রাপ্ত হয় সেই ব্যক্তির মৃত্যু সপ্তাহেতে হয় যদি অঙ্গেতে শোথ বর্জিত থাকে ॥ ৯৬ ॥

ছিন্নবদ্ধিযদা নাড়ী জ্বরদাহেন তাপিনাং। ত্রিদোষ
স্পার্শভজতাং তথা মৃত্যুর্দিনত্রয়াৎ ॥ ৭০ ॥

জ্বরদাহেতে তাপিত মনুষ্যদিগের নাড়ী ছিন্ন বিশিষ্টা ম্লানা এবং ত্রিদোষ স্পার্শ ভজনা করেন যখন তখন তাহারদিগের ত্রিরাত্রেতে মৃত্যু ॥ ৭০ ॥

নিরীক্ষ্যদক্ষিণেপাদে নাড়ীমেকাং বিশেষতঃ। মুখে
নাড়ী বহেন্নিত্যং তথা দিন চতুষ্টয়ং ॥ ৭১ ॥

দক্ষিণ পাদেতে বিশেষে এক নাড়ীকে দৃষ্ট করিয়া মুখেতে নাড়ী নিত্য বহে যাহার তাহার মৃত্যু চতুর্থ দিনে ॥ ৭১ ॥

গতিং ভ্রমরকস্যেবাবছেদক দিনেন তু। স্কন্ধেচ
স্পন্দতে নিত্যং পুন র্নগতিনাঙ্গুলৌ ॥ ৭২ ॥
মধ্যে দ্বাদশ যামানাং মৃত্যুরেব ন সংশয়ঃ ॥ ৭৩ ॥

ভ্রমরের ন্যায় গতিকে নাড়ী অবচ্ছেদেতে দিন ব্যাপক গতি ধারণ করেন স্কন্ধেতে নিত্য স্পান্দন হয় পুনর্ব্বার অঙ্গুল দ্বয়েতে গমন করেন না॥ দ্বাদশ প্রহরের মধ্যে মৃত্যু নিশ্চয় হয়॥ ৭৩॥

স্থিত্বা নাড়ী মুখে যস্য বিদ্যুজ্জ্যোতি রিবেক্ষ্যতে। দিনৈকং
জীবিতং তস্য দ্বিতীয়ে মরণং ভবেৎ॥ ৭৪॥

যে ব্যক্তির মুখেতে নাড়ী স্থিতি করিয়া বিদ্যুতের প্রভার ন্যায় জন কর্তৃক ঈক্ষণীয়া হয় তাহার এক দিন জীবিত দ্বিতীয় দিবসে মরণ হয়॥ ৭৪॥

স্বস্থান বিচ্যুতা নাড়ী যদা বহতি বা ন বা। জ্বালাচ
হৃদয়ে তীব তদা জ্বালাবধিস্থিতিঃ॥ ৭৫॥

যে কালে নাড়ী স্বকীয় স্থানচ্যুতা হইয়া বহেন বা বহেন না হৃদয়েতে জ্বালা অতিশয় হয় সেই কালে জ্বালা পর্য্যন্ত জীবন স্থিতি॥

অন্যচ্চ। অঙ্গুষ্ঠ মূলতো বাহ্যে দ্ব্যঙ্গুলে যদি নাড়ীকা।
প্রহরার্দ্ধাদ্বহির্মৃত্যুং জানিয়াচ্চ বিচক্ষণঃ॥ ৭৬॥

অঙ্গুষ্ঠ মূলের বাহ্যেতে দ্ব্যঙ্গুলে অর্থাৎ মধ্যমা অনামিকাতে নাড়ী যদি বহেন বিচক্ষণ ব্যক্তি প্রহরার্দ্ধের পর মৃত্যু জানিবেন॥ ৭৬॥

সার্দ্ধদ্বয়াঙ্গুলাদ্বাহ্যে যদি তিষ্ঠতি নাড়িকা। প্রহরৈকা
দ্বহির্মৃত্যুং জানিয়াচ্চ বিচক্ষণঃ॥ ৭৭॥

সার্দ্ধদ্বয় অঙ্গুলের বাহ্যে অর্থাৎ অনামিকার অর্দ্ধেকেতে যদি নাড়ী স্থিতি করেন এক প্রহরের পরে মৃত্যু জানিবেন॥ ৭৭॥

দ্ব্যঙ্গুলাদ্বাহ্যতো নাড়ী মধ্যে রেখা বহির্যদা। সার্দ্ধপ্রহ
রকান্মৃত্যু র্জায়তে নাত্র সংশয়ঃ॥ ৭৮॥

দুই অঙ্গুলের বাহ্যেতে নাড়ী মধ্যেতে রেখা বাহ্যেতে যখন হয়। সার্দ্ধ প্রহরের পর মৃত্যু হয়॥ ৭৮॥

মধ্যে রেখাসমা নাড়ী যদি তিষ্ঠতি নিশ্চলা। ষড়ভিশ্চ
প্রহরৈস্তস্য মৃত্যুর্জ্ঞেয়ো বিচক্ষণৈঃ॥ ৭৯॥

অঙ্গুলি মধ্যেতে রেখা সমান নাড়ী যদি নিশ্চলা থাকেন। ছয়প্রহ রেতে তাহার মৃত্যু পণ্ডিত কর্ত্তৃক জ্ঞেয় ॥ ৭৯ ॥

পাদাঙ্গুল গতা নাড়ী চঞ্চলা যদি গচ্ছতি। ত্রিভিশ্চ
দিবসৈস্তস্য মৃত্যুরেব ন সংশয়ঃ ॥ ৮০ ॥

অঙ্গুলির এক পাদেতে নাড়ী চঞ্চলা যদি গমন করেন। তৃতীয় দিবসেতে তাহার মৃত্যু ॥ ৮০ ॥

পাদাঙ্গুল গতা নাড়ী কোষ্ণা বেগবতী ভবেৎ। চতু
র্ভির্দিবসৈ স্তত্র মৃত্যুরেব ন সংশয়ঃ ॥ ৮১ ॥

অঙ্গুলি পাদৈকদেশে প্রাপ্ত নাড়ী ঈষদুষ্ণবেগ বিশিষ্টা হয়েন চতুর্থ দিবসেতে মৃত্যু হয় ॥ ৮১ ॥

পাদাঙ্গুলি গতা নাড়ী মন্দ মন্দা যদা ভবেৎ। পঞ্চভি
র্দিবসৈস্তস্য মৃত্যুর্ভবতি নান্যথা ॥ ৮২ ॥

অঙ্গুলি পাদৈকদেশে প্রাপ্ত নাড়ী মন্দ মন্দ গতি যদি হয়েন পঞ্চম দিবসে মৃত্যু হয় অন্যথা নাই ॥ ৮২ ॥

এবং সংখ্যাদি ভেদেন নাড়ীজ্ঞেয়া বিচক্ষণৈঃ। স্বর্গে
পি দুর্ল্লভা বিদ্যা গোপনীয়া প্রযত্নতঃ ॥ ৮৩ ॥

এবম্প্রকার সংখ্যাদি ভেদেতে পণ্ডিত কর্ত্তৃক মৃত্যুনা স্বর্গেতে এবিদ্যা দুর্ল্লভা যত্নেতে গোপনীয়া ॥ ৮৩ ॥

ভার প্রবাহ মূর্চ্ছা ভয় শোক প্রমুখকারণান্নাড়ী সং
চ্ছির্তাপি গাঢ়ং পুনরপি সাজীবিতং ধত্তে ॥ ৮৪

ভারবহন এবং কুন্থন ও মূর্চ্ছা ও ভয় ও শোকাদি ব নাড়ী সংমূর্চ্ছিতা স্তম্ভিতের ন্যায় অতিশয় হয়েন পুনঃ করেন অর্থাৎ স্বাভাবিকা গতি ॥ ৮৪ ॥

অন্যচ্চ ॥

পতিতঃ সন্ধিতো ভেদী নষ্ট শুক্রশ্চয়ো ভবেৎ। শা
বিস্ময়স্তস্য ন কিঞ্চিন্মৃত্যু কারণং ॥ ৮৫ ॥

পাতিত ব্যক্তি সন্ধিস্থানে ভেদ বিশিষ্ট ব্যক্তি নষ্টশুক্র ব্যক্তি যেহয় সেই শমতা প্রাপ্ত হয়তাহার বিস্ময় নাই কিঞ্চিৎ মৃত্যুকারণ নহে॥

তথা ভূতাভিষঙ্গেহি ত্রিদোষ বদুপস্থিতা। সমাঙ্গা
বহতে নাড়ী তথানচক্রমঙ্গতা॥ ৮৬॥

ভূতাভিষঙ্গেতে ত্রিদোষের মত উপস্থিতা নাড়ী হয় সমান অঙ্গ বহেন যেমন তাদৃশ ক্রম প্রাপ্তা নহে॥ ৮৫ ॥

অপমৃত্যু র্নরোগাশ্চ নাড়ী তৎ সন্নিপাতবৎ॥ ৮৬॥

তাহাতে অপমৃত্যু হয় রোগ নহে সেই নাড়ী সন্নিপাতের সদৃশ॥

অন্যচ্চ। স্বস্থান হীনা শোকেচ হিমাক্রান্তেচ নির্গদাঃ।
ভবন্তি নিশ্চলা নাড্যো ন কিঞ্চিত্তত্র দূষণং॥ ৮৭॥

শোকেতে নাড়ী স্বকীয় স্থানচ্যুতা এবং হিমাক্রান্তে নির্ব্যাধি হয় নাড়ী সকল নিশ্চলা হয় তাহাতে কিঞ্চিৎ দোষ নাই॥ ৮৭॥

অন্যচ্চ। স্তোকং বাতকফং দুষ্টং পিত্তং বহতি দারুণং।
পিত্তস্থানং বিজানীয়াৎ ভেষজ স্তস্য কারয়েৎ॥ ৮৮॥

যাহার বায়ু কফ অল্পাদুষ্ট পিত্ত দারুণ বহেন তাহার পিত্তস্থান বিজ্ঞান করিয়া ঔষধ করাইবেক॥ ৮৮॥

অন্যচ্চ। স্বস্থান চ্যবনং যাবদ্ধমন্যা নোপজায়তে।
তৎস্থ চিহ্নস্য সত্বেপি নাসাধ্যত্বমিতি স্থিতিঃ। ৮৯।

নাড়ীর স্বস্থান যাবৎ পর্য্যন্ত চ্যুত না হয় সেই স্থানের চিহ্নের সত্বে ও অসাধ্যত্ব নয়॥ ৮৯॥

যদায়ং ধাতুমাপ্নোতি তদানাড়ী তথাগতিঃ। তথাহি
সুখ সাধ্যত্বং নাড়ীজ্ঞানেন বুধ্যতে॥ ৯০॥

যে কালে নাড়ী যে ধাতু প্রাপ্ত হয় সেই কালে নাড়ীর সেই প্রকার গতি। তাদৃশ সুখসাধ্যত্ব নাড়ীজ্ঞানের দ্বারা বোধ করিবেক। ৯০

নাড়ী যথা কালগতি স্ত্রয়াণাং প্রকোপ শান্ত্যাদিভি-
রেব ভূয়ঃ ॥ ৯১ ॥

দোষ ত্রয়ের যেকাল সে কালে নাড়ী গতি সেই রূপ পুনর্ব্বার দোষ ত্রয়ের প্রকোপ শান্তিতে তদ্রূপ গতি অর্থাৎ দোষ প্রকোপে ব্যাধি যুক্তা যাদৃশী গতি দোষ শান্তিতে প্রকৃতি গতি ॥ ৯১ ॥

পুষ্টি স্তৈল গুড়াহারে মাষে চলগুড়াকৃতিঃ। ক্ষীরে চ স্তিমি
তা বেগা মধুরে ভেকবদ্গতিঃ ॥ ৯২ ॥

তৈল এবং গুড় আহারে পুষ্টি নাড়ী হয়েন, মাষকলাইতে লগুড়াকার অর্থাৎ লাঠী, দুগ্ধেতে স্নিগ্ধগতি অথবা মন্দাগতি মধুর দ্রব্যে ভেকের ন্যায় গতি ॥ ৯২ ॥

অন্যচ্চ। মধুরেবর্হিগমনা তিক্তেস্যাৎ স্থূলতা গতিঃ। অম্লে
কোষ্ণা প্লবগতিঃ কটুকৈ ভৃঙ্গসন্নিভা ॥ ৯৩ ॥

মধুর দ্রব্য ভক্ষণে নাড়ীরগতি ময়ূরবৎ, তিক্তেতে স্থূলগতি, অম্লেতে ঈষদুষ্ণ ভেকবৎ গতি, কটুতে ভৃঙ্গের গতি সদৃশা ॥ ৯৩ ॥

কষায়ে কঠিনা ম্লানা লবণে সরলা দ্রুতা। এবং দ্বি ত্রি চতু
র্যোগে নানা ধর্ম্মবতী ধরা ॥ ৯৪ ॥

কষায় রসে কঠিনা গতি অথচ ম্লানা, লবণেতে সরলা এবং দ্রুত গতি, এই প্রকার দুই তিন চারি দ্রব্য যোগেতে নানা গতি ধরা নাড়ী হয় ॥ ৯৪ ॥

অন্যচ্চ। দ্রবেত্তি কঠিনা নাড়ী কোমলা কঠিনাশনে। দ্রব
দ্রব্যস্য কাঠিন্যে কোমলা কঠিনাপিচ ॥ ৯৫ ॥

দ্রবেতে অতি কঠিনা নাড়ী. কঠিনাশনে কোমলা নাড়ী, দ্রবদ্রব্যেতে কাঠিন্যে কোমলা কঠিনা উভয়া গতিবিশিষ্টা হয় ॥ ৯৫ ॥

অম্লৈশ্চ মধুরাম্লৈশ্চ নাড়ী শীতা বিশেষতঃ। চিপিটৈ ভৃষ্ট

দ্রব্যৈশ্চ স্থিরা মন্দতরা ভবেৎ ॥ ৯৬ ॥

অম্ল ভক্ষণেতে মধুর দ্রব্য ভক্ষণেতে নাড়ী শীতলা হয়েন, চিপিট অর্থাৎ চিড়া ও ভৃষ্টদ্রব্য ভক্ষণেতে নাড়ী স্থিরা এবং মন্দগতি হয় ॥

কুষ্মাণ্ডৈ মূলকৈশ্চৈব মন্দ মন্দা চ নাড়িকা । শাকৈশ্চ কদলৈশ্চৈব রক্ত পূর্ণেব নাড়িকা ॥ ৯৭ ॥

কুষ্মাণ্ড ভক্ষণ এবং মূলা ভক্ষণ দ্বারা মন্দ মন্দ গতি হয়, শাকেতে এবং কদলীতে রক্তপূর্ণের সদৃশা হয় ॥ ৯৭ ॥

মাংসাৎ স্থিরবহা নাড়ী দুগ্ধে শীতা বলীয়সী । গুড়ৈঃ ক্ষীরৈশ্চ পিষ্টৈশ্চ স্থিরা মন্দবহা ভবেৎ ॥ ৯৮ ॥

মাংস ভক্ষণে স্থিরবহা নাড়ী হয়, দুগ্ধেতে শীতলা এবং বলবতী হয় গুড় দ্বারা এবং ক্ষীর ও পিষ্টক ইহাতে স্থিরা এবং মন্দবহা হয় ॥

গুড় রম্ভা মাংস রুক্ষ শুষ্ক তীক্ষ্ণাদি ভোজনাৎ । বাতপিত্তার্ত্তি রূপেণ নাড়ী বহতি নিশ্চিতা ॥ ৯৯ ॥

গুড় এবং রম্ভা মাংস ও রুক্ষ ও শুষ্ক ও তীক্ষ্ণাদি দ্রব্য ভোজন দ্বারা নাড়ী বাতপিত্ত পীড়া রূপের সদৃশা বহেন ॥ ৯৯ ॥

প্রাতঃ স্নিগ্ধময়ী নাড়ী মধ্যাহ্নেপ্যুষ্ণতান্বিতা । সায়াহ্নে ধাবমানা চ রাত্রৌ বেগ বিবর্জ্জিতা ॥ ১০০ ॥

প্রাতঃকালে নাড়ী স্নিগ্ধময়ী থাকেন, মধ্যাহ্নে উষ্ণা, সায়ংকালে, বেগবতী রাত্রিতে বেগরহিতা ॥ ১০০ ॥

প্রকৃতিস্থাতু সা নাড়ী সদা জ্ঞেয়া ভিষগ্বরৈঃ । অঙ্গগ্রহণ নাড়ীনাং ভবন্তি মন্থর প্লবাঃ ॥ ১০১ ॥

প্রাতঃকালাবধি যে নাড়ী নিয়মানুসারিণী গতিবিশিষ্টা হয়েন সেই নাড়ী প্রকৃতিস্থা জানিহ অঙ্গগ্রহ দ্বারা নাড়ী সকলের স্থূলা অথচ অল্পাগতি এবং ভেক গতি ॥ ১০১ ॥

প্লব প্রবলতাং যাতি জ্বর দাহাভিভূতয়ে । সন্নিপাতিক

রূপেণ ভবন্তি সর্ব্ব বেদনাঃ ॥ ১০২ ॥

জল প্লাবি এবং প্রবলত্ব প্রাপ্তা নাড়ী জ্বর দাহাভিভূত নিমিত্ত হয়েন সন্নিপাতিক রূপ দ্বারা সকল বেদনা বিশিষ্টা হয়েন ॥ ১০২ ॥

জ্বর প্রকোপে ধমনী সোষ্মা বেগবতী ভবেৎ ॥ ১০৩ ।

জ্বর প্রকোপেতে নাড়ী উষ্মাবিশিষ্টা এবং বেগবতী হয় ॥ ১০৩ ॥

অন্যচ্চ। জ্বরে চ বক্রং ধাবন্তি তথাচ মরুতপ্লবে। রমণান্তে নিশি প্রাত স্তপ্তাদপি শিখোপমা ॥ ১০৪ ॥

জ্বরেতে নাড়ী বক্র ধাবমানা হয় তথা বায়ু প্রাপ্তে রমণ শেষ রাত্রির প্রাতঃকালে তপ্ত হইতেও শিখার তুল্যা নাড়ী হয় ॥ ১০৪ ॥

দ্রুতা চ সরলা দীর্ঘা শীঘ্রা পিত্তজ্বরেভবেৎ। শীঘমাহননং নাড়ী কাঠিন্যাচ্চলতে তথা ॥ ১০৫ ॥

পিত্তজ্বরে নাড়ী দ্রুতগতি এবং সরলা ও দীর্ঘা ও শীঘ্রগতি হয় কাঠিন্যদ্রব্য হইতে নাড়ী শীঘ্রগতি চলেন যেমন কোন ব্যক্তিকে হননার্থে শীঘ্রগতিকারী লোক হয় ॥ ১০৫ ॥

মলাজীর্ণেন নিতরাং স্পন্দনং পরিকীর্ত্তনং। নাড়ী তন্তু সমা মন্দা শীতলা শ্লেষ্ম দোষজা ॥ ১০৬ ॥

মলের অজীর্ণেতে নিয়ত নাড়ীর স্পন্দন হয় তন্তু অর্থাৎ সুতারসমান ও মন্দগতি ও শীতলা শ্লেষ্ম দোষভবা জানিহ ॥ ১০৬ ॥

চঞ্চলা তরলা স্থূলা কঠিনা বাতপিত্তজা। ঈষচ্চদৃশ্যাতেতুষ্মা মন্দা স্যাৎ শ্লেষ্মবাতজা ॥ ১০৭ ॥

চঞ্চলা গতি এবং তরলা গতি ও স্থূলা ও কঠিনা বাতপিত্তসম্ভবা নাড়ী অল্প উষ্মান্বিতা মন্দগতি বাতশ্লেষ্মভবা নাড়ী ॥ ১০৭ ॥

নিরন্তরং খরং রূক্ষং মন্দশ্লেষ্মাতি বাতলা। রূক্ষবাত ভবে তস্য নাড়ী স্যাৎ পিণ্ড সন্নিভা ॥ ১০৮ ॥

অল্প শ্লেষ্মা প্রবল বায়ুতে নাড়ী নিরন্তর খর ও রূক্ষ বহেন রূক্ষ বা-

যুক্তে নাড়ী পিণ্ডাকারা হয়েন॥ ১০৮॥

অন্যচ্চ॥ সৌম্যা সূক্ষ্মা স্থিরা মন্দা নাড়ী সহজ বাতজা।

স্থূলা চ কঠিনা শীঘ্রা স্পন্দতে তীব্র মারুতে॥ ১০৯॥

সহজ বায়ুতে নাড়ী সৌম্য গতি বিশিষ্টা হয়েন, এবং সূক্ষ্মা ও স্থিরা এবং মন্দগতি তীব্র বায়ুতে নাড়ী স্থূলা এবং কঠিনা ও শীঘ্রগতি হয়েন এবং স্পন্দনযুক্তা হয়েন॥ ১০৯॥

অন্যচ্চ॥ জ্বর প্রকোপে ধমনী সোষ্মা বেগযুতা ভবেৎ।

কামাৎ ক্রোধাৎ বেগ রোধাৎক্ষীণা চিন্তা ভরপ্লুতাৎ॥ ১১০

জ্বর কোপেতে নাড়ী উষ্ম র সহিত বেগযুক্তা হয়েন কামেতে ক্রোধেতে বেগ রোধেতে ক্ষীণা হয়েন এবং চিন্তাতেও ভার প্রাপ্ত হইতে

মধ্যেকরে বহেন্নাড়ী যদি সন্তাপিতা ধ্রুবং। তদানূনং মনুষ্যাণাং রুধিরা পূরিতা মলাঃ॥ ১১২॥

হস্ত মধ্যেতে সন্তাপিতা নাড়ী যদি বহেন তবে নিশ্চিতই মনুষ্য দিগের রক্ত পরিপূর্ণ দোষ জানিবে॥ ১১২॥

ভূতজ্বরে সেকইবাতি বেগা ধাবন্তি নদ্যোহি যথাব্ধি গামাঃ। ঐকাহিকেন ক্বচন প্রদূরে ক্ষণান্ত গামা বিষমজ্বরেণ॥ ১১৩॥

ভৌতিক জ্বরে জলসেকের ন্যায় অতি বেগে ধাবমানা হয়েন যেমন নদী সকল বেগেতে সমুদ্র গামিনী তদ্রূপ ঐকাহিক বিষমজ্বরেতে কিঞ্চিদ্দূরে ক্ষণান্ত গতি অর্থাৎ কিঞ্চিৎ বিশ্রাম করিয়া দূর হইতে যেমন গতি হয়॥ ১১৩॥

দ্বিতীয়কে বাথ তৃতীয়তুর্য্যয়ো র্গচ্ছন্তি তপ্তা ভূমিবৎ ক্রমেণ। ক্রোধজে সঙ্কলগ্নাঙ্গা সং সঙ্গা কামজে জ্বরে॥ ১১৪॥

দ্বিতীয়কজ্বরে এবং তৃতীয়কে ও চতুর্থক জ্বরে নাড়ী তপ্তা হইলে ভূমির ন্যায় ক্রমেতে গমন করেন, ক্রোধ সম্ভব জ্বরে পরস্পর সং-

লঘ্বাঙ্গ গতি নাড়ী হয়, কামজে জ্বরে সম্যক্সঙ্গ গতি ॥ ১১৪ ॥

জ্বরে চ রমণে নাড়ী ক্ষীণাঙ্গা মন্দগামিনী। জ্বরে কামার্ত্ত রূপেণ ভবন্তি বিকলাঃ শিরাঃ ॥ ১১৫ ॥

জ্বরেতে এবং রমণেতে নাড়ী ক্ষীণাঙ্গা হয়েন এবং মন্দগামিনী কাম পীড়াবিশিষ্ট জ্বরে শিরা বিকলা হয়েন ॥ ১১৫ ॥

অন্যচ্চ ॥ ব্যায়ামে ভ্রমণেচৈব চিন্তায়াং ধনশোকতঃ। নানা প্রকার গমনা শিরা গচ্ছতি বিজ্বরে ॥ ১১৬ ॥

বিজ্বরীর ব্যায়ামে অর্থাৎ ডন করা. ভ্রমণে এবং চিন্তাতে ও ধন নাশ শোকেতে নানা প্রকার গতি হয় ॥ ১১৬ ॥

অজীর্ণেতু ভবেন্নাড়ী কঠিনা পরিতো জড়া। প্রসন্নাতু দ্রুতা শুদ্ধা ত্বরিতা চ প্রবর্ত্ততে ॥ ১১৭ ॥

অজীর্ণদোষে নাড়ী কঠিনা এবং সর্ব্বতোভাবে জড়া হয়েন, প্রসন্না হইয়া ও দ্রুতগতি এবং অপরিষ্কারে ও শীঘ্রগামিনী হয়েন ॥ ১১৭

পক্বাজীর্ণে পুষ্টিহীনা মন্দং মন্দং বহেত্তু যা। অসৃক্পূর্ণা ভবেৎ কোষ্ণা গুর্ব্বী সাম গরীয়সী ॥ ১১৮ ॥

পাকাজীর্ণে পুষ্টিহীনা এবং মন্দ মন্দ বহেন, রক্তপূর্ণা নাড়ী ঈষদুষ্ণা হয় রসযুক্তা নাড়ী গুর্ব্বী ॥ ১১৮ ।

সুখিতস্য স্থিরা জ্ঞেয়া চপলা ক্ষুধিতস্য সা। মন্দাগ্নেঃ ক্ষীণ ধাতোশ্চ নাড়ী মন্দতরা ভবেৎ ॥ ১১৯ ॥

সুখি ব্যক্তির নাড়ী স্থিরা জানিহ, ক্ষুধিত ব্যক্তির চঞ্চলা, মন্দাগ্নি বিশিষ্ট ব্যক্তির এবং ক্ষীণধাতু ব্যক্তির নাড়ী মন্দগামিনী হয়। ১১৯

অন্যচ্চ। মন্দেহগ্নৌ ক্ষীণতাং যাতি নাড়ী হংসাকৃতিস্তথা ॥ ১২০

অন্যে কহেন মন্দাগ্নিতে নাড়ী ক্ষীণত্ব প্রাপ্তা হয়েন, এবং হংসাকৃতি গতি ॥ ১২০ ॥

আমাশ্রয়ে পুষ্টি বিবর্দ্ধনেন ভবন্তি নাড্যো ভুজগেক বৃ-

ত্তাঃ। আহার মান্দ্যাদুপবাসতোবা তথৈব নাড্যো ভুজগ প্রমাণাঃ ॥ ১২১ ॥

আমাশ্রয়েতে পুষ্টি বর্দ্ধ করণক নাড়ীসর্পবৃত্তি হয়েন আহার অল্প হেতুক এবং উপবাস হেতুক নাড়ী সর্পগতি প্রমাণা হয়েন ॥ ১২১ ॥

লঘ্বী বহতি দীপ্তাগ্নে স্তথা বেগবতী মতা ॥ ১২২ ॥

দীপ্তাগ্নি বিশিষ্ট মনুষ্যের নাড়ী লঘু বহেন এবং বেগবতীও বহেন ॥ ১২২ ॥

অন্যচ্চ। পাদে চ হংসগমনা করে মণ্ডুক সংপ্লবা। তস্যাগ্নে র্মন্দতা দেহে ত্বথবা গ্রহণী গদঃ ॥ ১২৩ ॥

যার পাদেতে নাড়ী হংসের মত গতি বহেন হস্তেতে ভেকের ন্যায় প্লবগতি তাহার অগ্নির মন্দতা অথবা গ্রহণী রোগ জানিবে ॥ ১২৩

ভেদেন শান্তা গ্রহণী গদেন নির্ব্বীর্য্যরূপা ত্বতিসারভেদে। বিলম্বি কায়াং প্লবগা কদাচি দামাতিসারে পৃথুলা তথাচ। ॥ ১২৪ ॥

মল ভেদ দ্বারা শান্ত গতি নাড়ীর হয়, গ্রহণীরোগ দ্বারা নিস্তেজ রূপ গতি হয়, অতিসার রূপভেদেতেও এই রূপ, বিলম্বিকারোগেতে প্লবগতি অর্থাৎ নিমগ্ন গতি আমাতিসারে লম্বমানা গতি ॥ ১২৪ ।

নিরোধে মূত্রশক্কতো র্বিড়গ্রহেতিতরাশ্রিতঃ। বিশূচিকাভিভূতে চ ভবন্তি ভেকবৎ ক্রমাঃ ॥ ১২৫ ॥

মূত্র বিষ্ঠার নিগ্রহে অতিতরাগতি এবং কেবল বিষ্ঠা নিগ্রহে এই গতি বিশূচিকা রোগে ভেকের ন্যায় গতি ॥ ১২৫ ॥

আনাহে মূত্রকৃচ্ছে চ ভবেন্নাড়ী গরিষ্ঠতা। বাতেন শূলেন মরুৎপ্লবেন সদোপবক্রাহি শিরা বহন্তি ॥ ১২৬ ॥

আনাহ রোগে মূত্রকৃচ্ছ্র রোগে নাড়ী ভারি হয়েন, বায়ুশূল হৈতে এবং বায়ুপ্রাপ্ত রোগ দ্বারা সর্ব্বদ নাড়ী বক্রা হয়েন ॥ ১২

৯০

জ্বালাময়ী পিত্ত বিচেষ্টিতেন আমেন শূলেন চ পুষ্টিরূপা।
প্রমেহে গ্রন্থি রূপাচ প্রসুপ্তা চামদূষণে ॥ ১২৭ ॥

পিত্তগতি করণক নাড়ী জ্বালাবিশিষ্টা হয় আম শূলেতে পুষ্টিরূপা হয় প্রমেহেতে গ্রন্থিরূপা অর্থাৎ গাঁটপড়া আমদোষে সুপ্তাগতি ॥

উৎপিচ্ছরূপা বিষরিষ্টিকায়াং বিষ্টম্ভগুল্মে নচ বক্ররূপা।
অত্যর্থ বাতেন অধঃ স্ফুরন্তি উত্তানভেদিন্য সমাপ্তিকালে
॥ ১২৮ ॥

বিষ দোষেতে নাড়ী ঊর্দ্ধ গত হন এই রূপ গতি, বিষ্টম্ভ অর্থাৎ আহার স্তম্ভতা তাহাতেএবং গুল্মরোগেতে বক্ররূপা গতি অতিশয়বায়ু দ্বারা অধোতে নাড়ী স্ফুর্ত্তি হয়েন স্ফুর্ত্তির সমাপ্তি সময়ে উত্তানভেদিনী হয় যেমন ঊর্দ্ধ ভেদকরা তাদৃশী ॥ ১২৮ ॥

গুল্মেন কম্পেন পরাক্রমেণ পারাবতস্যেব গতিং করোতি।
॥ ১২৯ ॥

গুল্মেতে কম্পেতে পরাক্রমেতে নাড়ী কপোতের ন্যায় গতিকরেন।

ব্রণার্থং কঠিনে দেহে প্রয়াতি পৈত্তিকং ক্রমং। ভগন্দরানুরূপেণ নাড়ীব্রণনিবেদনে ॥ ১৩০ ॥

ব্রণ নিমিত্ত কঠিন শরীরে পৈত্তিক ক্রম প্রাপ্ত হয়েন। ভগন্দরানুরূপেতে নাড়ীব্রণ বেদনাতে যাদৃশী তাদৃশী হয় ॥ ১৩০ ॥

বান্তস্য শল্যাভিহতস্য জন্তো বেগাবরোধাঙ্কলিতস্যভূয়ঃ।
গতি র্বিধত্তে ধমনী গজেন্দ্র মরাল মানেব কফোল্বনেন ॥ ১৩১

বান্তব্যক্তি অর্থ ৎ বমি করিয়াছে শল্যাভি হত মনুষ্য এবং বেগাব রোধে আঙ্কলচিত্ত ব্যক্তি ইহার দিগের ধমনী হস্তির গতি এবং হংস গতি ধারণ করেন এবং কফোল্বনেতে ॥ ১৩১ ॥

নাড়ীজ্ঞানং বিনা কশ্চিৎ সৎসুন শ্লাঘ্যতাং ব্রজেৎ। তস্মা দ্বিদ্বান্ প্রযত্নেন তজ্জ্ঞানং সমুপাচরেৎ ॥ ১৩২ ॥

নাড়ীজ্ঞান ব্যতিরেকে কেহ সৎ সভাতে শ্লাঘিতা প্রাপ্ত হয়েন না, সেই হেতুক বিদ্বান ব্যক্তি প্রযত্ন করণক নাড়ীজ্ঞান সম্যক্‌রূপে আচরণ করিবেক ॥ ১৩২ ॥

ক্বচিদ্‌গ্রন্থানুসন্ধানাৎ কাল দেশ বিভাগতঃ। ক্বচিৎ প্রকরণাচ্চাপি নাড়ীজ্ঞানং ভবেদিহ ॥ ১৩৩ ॥

কোন স্থানে গ্রন্থের অনুসন্ধান হইতে এবং দেশকাল বিভাগ হইতে কোন স্থানে প্রকরণ হইতে নাড়ীজ্ঞান হয় ॥ ১৩৩ ॥

সদ্গুরোরূপদেশাচ্চ দেবতানাং প্রসাদতঃ। নাড়ী পরিচয়ো লোকে প্রায়ঃ পুণ্যে ন জায়তে ॥ ১৩৪ ॥

সদ্গুরুর উপদেশ হইতে এবং দেবতা সকলের প্রসাদ হইতে নাড়ী পরিচয় ইহলোকে প্রায় পুণ্য দ্বারা হয় ॥ ১৩৪ ॥

অতঃপরং দেশাদিক কথন তৃতীয় খণ্ডে বক্ষ্যামি।

ইহার পর দেশাদি কথন তৃতীয় খণ্ডে কহিব।

ইত্যায়ুর্ব্বেদ দর্পণে নাড়ীজ্ঞান কথন নাম দশমোল্লাসঃ ॥

IMPERIAL LIBRARY.

ইতি দশমোল্লাসঃ ॥

VERNACULAR LITERATURE COMMITTEE'S LIBRARY
1852